- Metha, D.P., & Bapet, S.S. (1977). Statistical relationship between body measurements of *Ophiocephalus gachua* (Hamilton). *Marthwada Univ. J. Sci.* 16(9), 74-77.
- Pillay, T.V.R. (1957). A Morphometric study of the population of *Hilsha ilisha* (Ham) of the river Hoogly and of the Chilka Lake. *Indian J. fish*, 4, 244-386.
- Pivnicka, K., & Hensel, K. (1978). Morphological variation in the genus *Thymallus* Cuvier, 1829 and recognition of the species and subspecies. *Acta Univ. Carol. Biologica*, 1975 - 1976, 37-67.
- Prakash, M., & Verma, B.R. (1982). Morphometric characters and their relationship in *Notopterus notopterus* (Pallas). *Bangladesh J. Zool.* 10(1), 14-21.
- Royce, W.F. (1963). A morphometric study of Yellow fin tuna, *Thunnus albaeore* (Bonnater) U. S. fish and wild life service. *Fishery Bull.*, 63, 395-443.
- Tandon, K.K., Johal, M.S. & Mahajan, M. (1993). Morphometry, length-weight relationship, age and growth of *Gudusia Chapra* (Hamilton, 1822) from two different localities of Rajasthan State, India, *Res. Bull. Panjab Univ.* 43(I-IV), 87-104.
- Vladykov, V.D. (1934). Environmental and taxonomic characters of fishes. *Tran Roy. Canadian Inst.* 20 (1), 99-140.
- Yasmin, F. Ali, M.S., & Naser, N. (1996). Morphometric relations among various body parameters of *Macobranchium lamarrei* (H. Milne-Edwards) from a seasonal beel in Bangladesh. *Bangladesh J. Zool.* 24 (2), 109-113.

## একুশের পটভূমি: ভাষা বিরোধের উৎস সন্ধান

ড. ইলু ইলিয়াস<sup>১+</sup>

সারসংক্ষেপ

দুই যুগের মধ্যেই পাকিস্তান রাষ্ট্র থেকে আলাদা হয়ে স্বতন্ত্র ভাষিক জাতি রাষ্ট্র বাংলাদেশের অভ্যুদয়ের প্রত্যক্ষ প্রারম্ভিক কারণই হলো ভাষা বিরোধ- বাংলা ও উর্দু ভাষার বিরোধ। উর্দু প্রকৃতপক্ষে দিল্লী ও উত্তর ভারতের অধিবাসীদের একাংশেরই মাতৃভাষা। ঔপনিবেশিক শাসনের অনভিপ্রেত অভিঘাতে ১৮৬৭ খ্রিষ্টাব্দে উত্তর পশ্চিম সীমান্ত প্রদেশ ও ১৮৭১ খ্রিষ্টাব্দে বিহারে শুরু হয় উর্দু-হিন্দির বিরোধ। অতঃপর ১৯১০ খ্রিষ্টাব্দে মুসলিম লীগের দিল্লী অধিবেশনে এই বিরোধকে রাজনৈতিক কার্যক্রমে স্থান দিয়ে উর্দুকে সমগ্র ভারতের রাষ্ট্রভাষা করার সিদ্ধান্ত গৃহীত হয়। কিন্তু ১৯৩৭ খ্রিষ্টাব্দের নির্বাচনে মুসলিম লীগের ভাগ্য যখন ভাবনার প্রতিকূলে, তাঁদের উপস্থাপন করতে হয় দ্বিজাতিতত্ত্বের লাহোর প্রস্তাব এবং সেই সূত্রে ১৯৪৭ খ্রিষ্টাব্দের ভারত বিভাজনে উর্দুভাষী সকল প্রদেশই ভারতের অংশ হয়ে যায়, মুসলিম লীগের শীর্ষ নেতৃবৃন্দের নিজ মাতৃভূমি ছেড়ে অ-উর্দুভাষী পাকিস্তানে হিজরত করতে হয়, তখন নতুন রাষ্ট্রে এই হিজরতকারী নেতৃবৃন্দ তাঁদের ক্ষমতাকে স্থায়িত্বদানে পাকিস্তানবাসীর উপর আগস্তক উর্দুভাষাকে চাপিয়ে দেয়ার ষড়যন্ত্র শুরু করে। কিন্তু বাঙালিরও ছিল স্বকীয়তায় সমুদ্রাসনের হাজার বছরের দীর্ঘ সংগ্রাম। সুতরাং অনিবার্য হয়ে ওঠে বাংলা-উর্দুর প্রত্যক্ষ রাজনৈতিক বিরোধ। এই রাজনৈতিক বিরোধের বাইরে একটি সামাজিক বিরোধও আছে এবং এর সূচনা ঘটে পঞ্চদশ শতক থেকেই- যার অভিঘাত প্রথম প্রবলভাবে প্রতিধ্বনিত হয় সপ্তদশ শতকে আবদুল হাকিমের কাব্যে এবং সুধী সমাজে ১৮৮২ খ্রিষ্টাব্দে হান্টার কমিশনে প্রদত্ত নবাব আবদুল লতিফের ভাষ্যের প্রতিবাদ প্রক্রিয়ায়। বস্তুত, ভাষা বিরোধের এ দু'ধারারই সমন্বিত তথ্য উপস্থাপন ও তাৎপর্য বিশ্লেষণ করা হয়েছে এ অভিসন্দর্ভে।

মূলশব্দ: উর্দু, তমদুন মজলিশ, পাকিস্তান, বাংলা, রাষ্ট্রভাষা

একশত নব্বই বছরের<sup>১</sup> শাসন-শোষণের পর ১৯৪৭ খ্রিষ্টাব্দের মধ্য আগস্টে ভারত ও পাকিস্তান নামে দুটি রাষ্ট্র প্রতিষ্ঠার চূড়ান্ত আনুষ্ঠানিকতা সম্পন্ন করে বৃটিশ সরকার যখন তার ভারত-উপনিবেশ ত্যাগ করে তখন পূর্ণ আত্মনিয়ন্ত্রণ অধিকারের ভিত্তিতে আত্মবিকাশের অনেকান্ত স্বপ্নাকাজক্ষায় পূর্ব বাংলার অধিবাসীরা সানন্দে অন্তর্ভুক্ত হয় পাকিস্তান রাষ্ট্রে।<sup>২</sup> কিন্তু অল্প সময়ের মধ্যে রাষ্ট্রভাষা প্রশ্নে শাসকবর্গের আরোপিত মনোভাবে অর্থাৎ বাংলাকে প্রান্তিক ভাষায় পরিণত করে উর্দুকে রাষ্ট্রভাষা করার হীন প্রয়াসে তা হয়ে পড়ে বিস্ময়কর রকম প্রশ্নবিদ্ধ স্বপ্নাকাজক্ষা ভঙ্গের আশঙ্কায় সঙ্গে সঙ্গেই সংক্ষুব্ধ হয়ে ওঠে পূর্ব পাকিস্তানের সচেতন জনগণ; ১৯৪৭ খ্রিষ্টাব্দের ১৫ সেপ্টেম্বর তমদুন মজলিশ কর্তৃক প্রকাশিত পাকিস্তানের রাষ্ট্রভাষা বাংলা না উর্দু শীর্ষক পুস্তিকায় মুদ্রিত 'রাষ্ট্রভাষা ও পাকিস্তানের ভাষা সমস্যা' প্রবন্ধে কাজী মোতাহার হোসেন তীব্র ক্ষোভের সাথে বলেন,

<sup>১</sup> সহযোগী অধ্যাপক, বাংলা বিভাগ, সরকারী হাজী মুহাম্মদ মহসিন কলেজ, চট্টগ্রাম

<sup>+</sup> Corresponding author: ileas2020ilu@gmail.com

“উর্দুকে শ্রেষ্ঠ ভাষা, ধর্মীয় ভাষা বা বনিয়াদি ভাষা বলে চালাবার চেষ্টার মধ্যে যে অহমিকা প্রচ্ছন্ন আছে তা আর চলবে না। নবজাত জনগণ আর মুষ্টিমেয় চালিয়াত বা তথাকথিত বনিয়াদী গোষ্ঠীর চালাকিতে ভুলবেনা। বরং পূর্ব পাকিস্তানে সরকারী চাকুরী করতে হলে প্রত্যেককে বাংলা ভাষায় মাধ্যমিক মান পর্যন্ত পরীক্ষা দিয়ে যোগ্যতা প্রমাণ করতে হবে। বর্তমানে যদি গায়ের জোরে উর্দুকে বাঙালী হিন্দু-মুসলমানের উপর রাষ্ট্রভাষা রূপে চালাবার চেষ্টা হয় শীঘ্রই তাহলে পূর্ব-পশ্চিমের সম্বন্ধের অবসান হবার আশঙ্কা আছে।”<sup>৩</sup>

ক্ষোভের এমন বিস্ফোরক অভিব্যক্তি ঘটে ফররুখ আহমদ, মুহম্মদ মুসলিম চৌধুরী, মুহম্মদ এনামুল হকসহ বহু বিদ্বান লেখক-বুদ্ধিজীবীর রচনায়ও।<sup>৪</sup>

রাষ্ট্রভাষা প্রশ্নে পূর্ব পাকিস্তানের সচেতন জনগণের এই সংক্ষোভে সমর্থন ব্যক্ত করেন পূর্ব পাকিস্তান সরকারের মন্ত্রী, সরকারি দলের এল.এম.এ. ও নেতৃবৃন্দ। ১৯৪৭ খ্রিষ্টাব্দের ৫ নভেম্বরে রাষ্ট্রভাষা বাংলার দাবিতে কাজী মোতাহার হোসেনের সভাপতিত্বে ঢাকা বিশ্ববিদ্যালয় ফজলুল হক মুসলিম হল মিলনায়তনে অনুষ্ঠিত পূর্ব পাকিস্তান সাহিত্য সংসদের এক সভায় অধ্যক্ষ শরফুদ্দিন, কবি কিরণ শঙ্কর সেনগুপ্ত, অধ্যাপক সরদার ফজলুল করিম, অধ্যাপক মনসুর উদ্দিন, সাহিত্যিক আবুল হাসনাৎ, সাংবাদিক আবু জাফর শামসুদ্দিন প্রমুখের সাথে বাংলাকে রাষ্ট্রভাষা রূপে গ্রহণের যৌক্তিকতা প্রতিপন্ন করে বক্তব্য রাখেন পূর্ব পাকিস্তান সরকারের মুসলিম লীগ দলীয় এম.এল.এ. আবুল কালাম শামসুদ্দিনও।<sup>৫</sup> শুধু তাই নয়, রাষ্ট্রভাষা বাংলার দাবিতে একই স্থানে ১২ নভেম্বর তমদ্দুন মজলিশ-এর উদ্যোগে অনুষ্ঠিত সভার উদ্বোধন করেন পূর্ব পাকিস্তান সরকারের বেসামরিক সরবরাহ মন্ত্রী নূরুল আমিন এবং সভাপতিত্ব করেন স্বাস্থ্যমন্ত্রী হাবিবুল্লাহ বাহার।<sup>৬</sup> অতঃপর বাংলাকে রাষ্ট্রভাষা ঘোষণার দাবি জানিয়ে ১৭ নভেম্বরে বরণ্য বুদ্ধিজীবী, শিক্ষাবিদ, সাহিত্যিক, সাংবাদিক ও সরকারি কর্মকর্তাসহ শত নাগরিকের স্বাক্ষরযুক্ত যে স্মারকপত্র প্রদান করা হয় প্রধানমন্ত্রী খাজা নাজিমুদ্দীনকে, তাতে স্বাক্ষর করেন পূর্ব পাকিস্তান মুসলিম লীগ অর্গানাইজিং কমিটির আহবায়ক মওলানা আকরাম খাঁ, সরকার দলীয় এম.এল.এ. মওলানা আবদুল্লাহিল বাকী, সরকার দলীয় ছাত্র সংগঠন নিখিল বঙ্গ মুসলিম ছাত্রলীগের সেক্রেটারি শাহ আজিজুর রহমানও।<sup>৭</sup> অথচ এ সবকেই অনায়াসে উপেক্ষা করে সরকারি উদ্যোগে ২৭ নভেম্বর করাচিতে অনুষ্ঠিত শিক্ষা সম্মেলনে গৃহীত হলো উর্দুকে রাষ্ট্রের শিক্ষা ও যোগাযোগের মাধ্যম হিসেবে গ্রহণের প্রস্তাবনা ও সুপারিশমালা।<sup>৮</sup>

এর প্রতিবাদে ৬ ডিসেম্বর ঢাকা বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হয় ছাত্র-সভা ও বিক্ষোভ মিছিল; অতঃপর ১১ ডিসেম্বর রাতে বাসে চড়ে কিছু সংখ্যক লোক উর্দুকে পাকিস্তানের রাষ্ট্রভাষা করার দাবিতে শ্লোগান দিতে দিতে আক্রমণ করে পলাশী ব্যারাক ও ইঞ্জিনিয়ারিং কলেজ ছাত্রাবাস।<sup>৯</sup> এবং অত্যল্প সময়ের মধ্যে ঢাকায় প্রতিষ্ঠিত হয় আঞ্জুমান-ই-তরক্কী-ই-উর্দু, বাজম-ই-আহবাব প্রভৃতি উর্দুভাষী মোহাজেরদের সংগঠন।<sup>১০</sup> আরো পরে ১৯৪৮ খ্রিষ্টাব্দের ২৩ ফেব্রুয়ারি অনুষ্ঠিত পাকিস্তান গণপরিষদের প্রথম অধিবেশনের প্রথম দিনেই ধীরেন্দ্রনাথ দত্ত কর্তৃক উত্থাপিত উর্দু ও ইংরেজির সাথে বাংলাকেও গণপরিষদের অন্যতম সরকারি ভাষা হিসেবে গ্রহণের প্রস্তাবের বিরোধিতা করে ২৫ ফেব্রুয়ারি পাকিস্তানের প্রধানমন্ত্রী ও পরিষদ নেতা লিয়াকত আলী খান বলেন,

“এই উপমহাদেশের দশ কোটি মুসলমানের দাবিতেই পাকিস্তানের সৃষ্টি হয়েছে এবং দশ কোটি মুসলমানের ভাষা হচ্ছে উর্দু। পাকিস্তান একটি মুসলিম রাষ্ট্র, সুতরাং মুসলিম জাতির ভাষাই এই রাষ্ট্রের ভাষা হওয়া উচিত।”<sup>১১</sup>

অতঃপর পরিষদ নেতাকে যেন এ ব্যাপারে শতভাগ নিশ্চয়তা দানের লক্ষ্যে পূর্ব পাকিস্তানের প্রধানমন্ত্রী খাজা নাজিমুদ্দীন তাঁর বক্তব্যে বলেন,

“পূর্ব পাকিস্তানের অধিকাংশ অধিবাসীরই এই মনোভাব যে, একমাত্র উর্দুকেই রাষ্ট্রভাষা রূপে গ্রহণ করা যাইতে পারে।”<sup>১২</sup>

এই ঘটনার প্রতিবাদে ২৬ ফেব্রুয়ারি থেকে ছাত্রদের বিভিন্ন কর্মসূচি বাহিত মার্চের তুমুল-তীব্র আন্দোলন এবং ১৮ মার্চ আন্দোলনকারীদের উপর যশোরে উর্দুভাষী অবাঙালি মোহাজেরদের হামলার<sup>১৩</sup> পর পাকিস্তানের গভর্নর জেনারেল মুহম্মদ আলী জিন্দা ২১ মার্চ ঢাকার রেসকোর্স ময়দানে প্রদত্ত ভাষণে প্রদেশবাসী ও ভাষা আন্দোলনকারীদের প্রতি অত্যন্ত কঠোর মনোভাব প্রদর্শনপূর্বক সদস্তে ঘোষণা করেন,

“পাকিস্তানের রাষ্ট্রভাষা হবে উর্দু; অন্য কোন ভাষা নয়। এ ব্যাপারে কেউ যদি আপনাদের বিভ্রান্ত করার চেষ্টা করে তাহলে বুঝতে হবে সে হচ্ছে রাষ্ট্রের শত্রু।”<sup>১৪</sup>

উল্লিখিত ঘটনাবলীতে লক্ষণীয় হয়ে ওঠে পাকিস্তান রাষ্ট্র প্রতিষ্ঠার মাত্র ছয় মাসের মধ্যেই রাষ্ট্রভাষা প্রশ্নে বাংলা উর্দু নিয়ে সৃষ্টি হয় সুতীব্র বিরোধ।

এখানে আমাদের মূল লক্ষ্য হচ্ছে এই, বিরোধের উৎস কোথায় তা সন্ধান করা এবং এ ব্যাপারে পূর্ব-উল্লিখিত ঘটনাবলী থেকে তৈরি করে নিতে চাই কয়েকটি প্রশ্ন প্রথমেই দৃষ্টিপাত করা যাক কাজী মোতাহার হোসেনের বক্তব্যের প্রতি। তিনি তাঁর প্রবন্ধে সুস্পষ্টভাবে বলেছেন, “উর্দুকে শ্রেষ্ঠ ভাষা, ধর্মীয় ভাষা বা বনিয়াদী ভাষা বলে চালাবার চেষ্টার মধ্যে যে একটা প্রচ্ছন্ন অহমিকা আছে তা আর চলবে না। নবজাগ্রত জনগণ আর মুষ্টিমেয় চালিয়াত বা তথাকথিত বনিয়াদি গোষ্ঠীর চালাকীতে ভুলবে না।” এখানে উল্লিখিত এই মুষ্টিমেয় চালিয়াত বা তথাকথিত বনিয়াদি গোষ্ঠীর অহমিকা পূর্ণ প্রয়াসের সূত্রপাত হয় কখন?

দ্বিতীয়তঃ পাকিস্তান রাষ্ট্র প্রতিষ্ঠার চার মাসেরও কম সময়ের মধ্যে ২৭ নভেম্বর করাচিতে যে শিক্ষা সম্মেলন অনুষ্ঠিত হয় যাতে পূর্ব পাকিস্তানের বরেন্য বুদ্ধিজীবী শিক্ষাবিদ, সাহিত্যিক ও সাংবাদিকদের যৌক্তিক দাবি ছাড়াও ১২ নভেম্বর ঢাকা ফজলুল হক মুসলিম হলে আনুষ্ঠানিক সভায় প্রদত্ত পূর্ব পাকিস্তান সরকারের বেসামরিক সরবরাহ মন্ত্রী নূরুল আমিনের “পূর্ব পাকিস্তানের অধিবাসীদের উপর বাংলা ছাড়া অন্য কোনও ভাষা চাপান যুক্তিযুক্ত নহে,”<sup>১৫</sup> ও স্বাস্থ্যমন্ত্রী হাবিবুল্লাহ বাহারের “যদি বাংলা ভাষাকে পূর্ব পাকিস্তানের রাষ্ট্রভাষা রূপে গ্রহণ করা না হয় তবে এই প্রদেশের অধিবাসীদের প্রতি চরম বিশ্বাসঘাতকতা করা হইবে,”<sup>১৬</sup> এরূপ বক্তব্য এবং ১৭ নভেম্বর পূর্ব পাকিস্তানের প্রধানমন্ত্রী খাজা নাজিমুদ্দীনকে প্রদত্ত পূর্ব পাকিস্তান মুসলিম লীগ অর্গনাইজিং কমিটির আহবায়ক মৌলানা আকরাম খাঁ, সরকার দলীয় এম.এল.এ মৌলানা আবদুল্লাহিল বাকী, আবুল কালাম শামসুদ্দীন ও সরকার দলীয় ছাত্র সংগঠন নিখিল বঙ্গ মুসলিম ছাত্রলীগের সেক্রেটারি শাহ আজিজুর রহমানসহ শতনাগরিকের স্বাক্ষরযুক্ত স্মারকপত্র এ সবকে অনায়াসে উপেক্ষা করে গৃহীত হয় উর্দুকে পাকিস্তান রাষ্ট্রের শিক্ষা ও যোগাযোগের মাধ্যম হিসেবে গ্রহণের প্রস্তাবনা ও সুপারিশমালা-এর উৎস বা ভিত্তি কোথায়?

**তৃতীয়ত:** পূর্ব পাকিস্তানের বরণ্য বুদ্ধিজীবী, শিক্ষাবিদ, সাহিত্যিক, সাংবাদিক, সরকারি কর্মকর্তা সরকারের মন্ত্রী ও পরিষদ সদস্য ও সরকারি দলের নেতৃবৃন্দের তীব্র উর্দু বিরোধিতা, শতনাগরিকের স্মারকপত্র ও করাচির শিক্ষা সম্মেলনে গৃহীত সিদ্ধান্তের প্রতিবাদে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্রসভা ও বিক্ষোভ মিছিলের পর ও ১৯৪৮ খ্রিষ্টাব্দের ২৩ ফেব্রুয়ারি প্রস্তাবের বিরোধিতা প্রসঙ্গে “পূর্ব পাকিস্তানের রাষ্ট্রভাষা রূপে গ্রহণ করা যাইতে পারে” পূর্ব পাকিস্তানের প্রধানমন্ত্রী খাজা নাজিমুদ্দীনের এরূপ নির্জলা মিথ্যা ভাষণের কারণ কি?

**চতুর্থত:** পাকিস্তান গণপরিষদে ধীরেন্দ্রনাথ দত্তের প্রস্তাব প্রত্যাখ্যানের পর রাষ্ট্রভাষা বাংলার দাবিতে মার্চে সংঘটিত ছাত্র আন্দোলনের প্রতি অত্যন্ত কঠোর মনোভাব প্রদর্শন ও যশোরে আন্দোলনকারীদের উপর অবাঙালি মোহাজেরদের হামলার পরও অবাঙালি উর্দুভাষী মুসলমানদের প্রতি বিরূপ মনোভাবের মিথ্যা অভিযোগ এনে পূর্ব পাকিস্তানের অধিবাসীদের উদ্দেশ্যে চরম হুঁশিয়ারি উচ্চারণ করে ঢাকার রেসকোর্স ময়দানে প্রদত্ত ভাষণে পাকিস্তানের গভর্নর জেনারেল মুহাম্মদ আলী জিন্না যে বললেন, “পাকিস্তানের রাষ্ট্রভাষা হবে উর্দু; অন্য কোন ভাষা নয়। এ ব্যাপারে কেউ যদি আপনাদের বিভ্রান্ত করার চেষ্টা করে তাহলে বুঝতে হবে সে হচ্ছে রাষ্ট্রের শত্রু”-এর উৎসারণ ভূমি কোথায়?

বস্তুত এই চতুর্বিধ ঘটনার- ১. উর্দুকে বনিয়াদি ভাষা বলে চালাবার অহমিকা পূর্ণ প্রয়াসের সূত্রপাত/বাংলার উপর উর্দুর আধিপত্য বিস্তার প্রয়াসের সূচনাকাল, ২. করাচির শিক্ষা সম্মেলনে উর্দুকে রাষ্ট্রের শিক্ষা ও যোগাযোগের মাধ্যম হিসেবে গ্রহণের প্রস্তাবনা ও সুপারিশের ভিত্তি প্রসঙ্গ, ৩. পাকিস্তান গণ পরিষদে খাজা নাজিমুদ্দীন কর্তৃক রাষ্ট্রভাষা বিষয়ে পূর্ব পাকিস্তানের অধিবাসীদের মিথ্যা অভিমত উত্থাপন এবং ৪. ঢাকার রেসকোর্স ময়দানে ভাষা আন্দোলনকারীদের প্রতি পাকিস্তানের গভর্নর জেনারেল মুহাম্মদ আলী জিন্নার চরম কঠোরতা প্রদর্শন ও উর্দুকেই পাকিস্তানের একমাত্র রাষ্ট্রভাষা ঘোষণার কারণ বিশ্লেষণের মধ্য দিয়েই বাংলা-উর্দু বিরোধের যথাযথ উৎস সন্ধান সম্ভব বলেই আমার দৃঢ় বিশ্বাস। কাজেই প্রবৃত্ত হওয়া যাক এসব ঘটনার বিশ্লেষণে-

**১. উর্দুকে বনিয়াদি ভাষা বলে চালাবার অহমিকা পূর্ণ প্রয়াসের সূত্রপাত/বাংলার ওপর উর্দুর আধিপত্য বিস্তার প্রয়াসের সূচনা সময়:**

ব্রিটিশ ভারতে শিক্ষা ব্যবস্থা তদন্তের জন্যে ১৮৮২ খ্রিষ্টাব্দে উইলিয়াম হান্টারকে প্রধান করে যে এডুকেশন কমিশন গঠিত হয়, সেই কমিশনের কাছে তৎকালীন বাংলার মুসলিম সমাজের নেতা নবাব আবদুল লতিফ এই বলে সাক্ষ্য দেন যে, উচ্চ ও মধ্যবিত্ত অর্থাৎ অভিজাত বাঙালি মুসলমানদের মাতৃভাষা উর্দু এবং নিম্ন শ্রেণির অর্থাৎ অনভিজাত বাঙালি মুসলমানদের মাতৃভাষা বাংলা তাও মূলধারার বিশুদ্ধ বাংলা নয়, আরবি-ফার্সি-উর্দু মিশ্রিত এক প্রকার বিশেষ বাংলা ভাষা।<sup>১৭</sup>

এখানে স্বাভাবিকভাবে প্রশ্ন জাগে, নবাব আবদুল লতিফ যার পৈত্রিক নিবাস ফরিদপুর, যিনি ভাল বাংলা জানতেন বলে অনেকে দাবি করেন<sup>১৮</sup> যাকে মীর মশাররফ হোসেন তাঁর *বসন্তকুমারী* (১৮৭৩) নাটক উৎসর্গ করে সম্মানিত করেন বাংলা সাহিত্যের যথোচিত অনুরাগী অভিধায়<sup>১৯</sup> সেই আবদুল লতিফের এরূপ উর্দু-প্রীতি ও বাংলার প্রতি অবজ্ঞা প্রদর্শনের অন্তর্গূঢ় রহস্য কি?

প্রসঙ্গত স্মরণ্য যে, বঙ্গদেশে মুসলিম শাসিত মধ্যযুগের প্রথম পর্যায়ে-স্বাধীন সুলতানী আমলে বাংলা ভাষা রাজানুকূল্য লাভ করলেও বস্তুত তা ছিল সাধারণের ভাষা এবং ধর্মবোধশ্রয়ী সমাজ সংগঠনে অধিকতর প্রভাবশালী অবাঙালি মুসলমান সমাজ ছিল এ ভাষার প্রতি বিরোধ মনোভাবাপন্ন।<sup>২০</sup> মোগল আমলে রাজানুকূল্য হারানোয় তা হয়ে ওঠে অতিমাত্রায় ভয়াবহ- যা গাঁথা আছে সৈয়দ সুলতানের *শব-ই-মিরাজ*

মুহম্মদ খানের মকতুল হোসেন মুতালিবের কিফায়তুল মুসল্লীন প্রভৃতি কাব্যে।<sup>২১</sup> মোগল আমলের শেষদিকে এই ভয়াবহতাকে বিচূর্ণ করে সতেজ স্বকীয়তায় জেগে ওঠতে চাইলেন কবি আবদুল হাকিম। কিন্তু নূরনামায় ধ্বনিত তাঁর অমিত স্পর্ধিত উচ্চারণ যেসবে বঙ্গত জন্মি হিংসে বঙ্গবাণী।/সেসব কাহার জন্ম নির্ণয় ন জানি।/দেশী ভাষা বিদ্যা যার মন ন জুয়ায়।/নিজ দেশ ত্যাগী কেন বিদেশ ন যায়।”<sup>২২</sup> অনুকূল প্রতিবেশের অভাবে ইতিহাসের একটি উজ্জ্বল অথচ প্রক্ষিপ্ত অংশই হয়ে রইলো। অন্যদিকে এর অনতিকাল পরে মোগল সাম্রাজ্যের বিপর্যয়ের সূচনা লগ্নে মুর্শিদকুলী খাঁর সময় থেকে বাংলায় যে স্বাধীন নবাবী আমলের প্রতিষ্ঠা ঘটে তার রাজধানী মুর্শিদাবাদ অচিরেই হয়ে ওঠে উত্তর ভারত ও ইরান থেকে আগত উর্দু ও ফার্সিভাষী বিপুল অবাঙালি মুসলমানের বিশাল বাণিজ্য ক্ষেত্র ও নিরাপদ আশ্রয় কেন্দ্র।<sup>২৩</sup> বাংলার অবাঙালি নবাবের নিরঙ্কুশ আনুকূল্যে তখনকার বাংলার রাজধানী যেন পরিণত হয় এই বহিরাগত উর্দু-ফার্সিভাষী অবাঙালি মুসলমানদের স্বদেশে আর বাঙালি মুসলমানরা হয়ে রইলো স্বদেশে পরবাসী, শিকার হতে থাকে সর্বক্ষেত্রে অনাকাঙ্ক্ষিত নিগ্রহের।<sup>২৪</sup> একদিকে অবাঙালি শাসকের আর্থিক ও মানসিক নিষ্পেষণ অন্যদিকে অবঙ্গীয় ভাষা ও সংস্কৃতির ব্যাপক আধ্রাসনে অনন্যোপায় বাঙালি মুসলমানদের বাংলা সাহিত্য চর্চার সুদীর্ঘ ধারাবাহিকতায় নেমে আসে এক বেদনাদায়ক বিচ্ছিন্নতা। এরূপ পরিস্থিতিতে বিদ্যা ও বিত্তহীন প্রতিভাশূন্য ও স্থলররুচির অনুগামী হুগলী-হাওড়-কলকাতা-মুর্শিদাবাদে কতিপয় মুসলমান লেখকের হাতে নবাবী আমলের শেষ দিকে গড়ে ওঠে বাংলা সাহিত্যের মূলধারা বিচ্যুত আরবি-ফার্সি-উর্দু-হিন্দি-তুর্কি প্রভৃতি ভাষার ব্যাপক মিশ্রণজাত বিশেষ ভাষারীতির এক নবতর সাহিত্যধারা- উত্তরকালে যা অভিহিত হয় দোভাষী পুঁথি অভিধায়।<sup>২৫</sup> কলকাতার শস্তা ছাপাখানা থেকে মুদ্রিত হয়ে এ ধারার কাব্যসমূহ দেশময় দ্রুত প্রচারিত হয় এবং বিকল্প পাঠ্যগ্রন্থের অভাবে নিম্নবিত্তের স্বল্প শিক্ষিত ও নিরক্ষর বাঙালি মুসলমানের কাছে এগুলো বেশ জনপ্রিয়তাও লাভ করে। ১৮৫৫ খ্রিষ্টাব্দে পাদ্রী জেমস লঙ আরবি-ফার্সি-উর্দু-হিন্দি-তুর্কি ভাষার শব্দের ব্যাপক মিশ্রণজাত “এই ভাষাকে মুসলমানী ভাষা ও এই ভাষায় রচিত কাব্যকে মুসলমানী বাংলা সাহিত্য বলে অভিহিত করেন”<sup>২৬</sup> এবং সেই সাথে বলেন “এ ভাষা মাঝি-মাল্লাদের মধ্যেই প্রচলিত, তবে নগরে তার কিছু কিছু প্রচলন হয়েছে।”<sup>২৭</sup> পাদ্রী জেমস লঙ কথিত এই ‘মুসলমানী ভাষা’ তথা উল্লিখিত বহুভাষার মিশ্রণজাত বিশেষ ভাষারীতির এই কাব্য চর্চা আঠারো শতকের সীমা পেরিয়ে অব্যাহত থাকে সমগ্র উনিশ শতকেও।<sup>২৮</sup>

অন্যদিকে সুলতানী আমলে বাংলা ভাষা রাজকীয় পৃষ্ঠপোষকতা লাভ করলেও রাজভাষা ছিল ফার্সি এবং শিক্ষা প্রতিষ্ঠানে অর্থকরী ও অধিকতর সামাজিক মর্যাদায় অধিষ্ঠিত ছিল আরবি-ফার্সিভাষা। মোগল আমলে উত্তর ভারতীয় মুসলমানদের ব্যাপক হারে আগমন ও তাদের প্রভাবে এক্ষেত্রে যুক্ত হয় আরও একটি বহিরাগত ভাষা উর্দু। কোম্পানি সরকার স্বীয় স্বার্থে রাজভাষা হিসেবে ফার্সিকে বহাল রেখে বাংলার মুসলমানদের জন্য ১৭৮০ খ্রিষ্টাব্দে প্রতিষ্ঠা করে উর্দু-ফার্সি শিক্ষালয় কলকাতা মাদ্রাসা। অতঃপর ১৮০০ খ্রিষ্টাব্দে ফোর্ট উইলিয়াম কলেজ প্রতিষ্ঠিত হলে সেখানেও খোলা হয় উর্দু-ফার্সি বিভাগ এবং বিভাগে কর্মরত ছিলেন ৩০ জনেরও অধিক মুনশী-মৌলবী।<sup>২৯</sup> ১৮১৭ খ্রিষ্টাব্দে প্রতিষ্ঠিত স্কুল বুক সোসাইটি ও ১৮১৮ খ্রিষ্টাব্দে প্রতিষ্ঠিত ক্যালকাটা স্কুল সোসাইটির পরিচালনা কমিটিতেও ৪ জন করে মোট আট জন সদস্য ছিলেন মুসলমান।<sup>৩০</sup> উল্লিখিত প্রতিটি প্রতিষ্ঠানে নিযুক্ত এসব মুসলমানের কাজ ছিল উর্দু-ফার্সির অনুশীলন উর্দু ও ফার্সি ভাষার গ্রন্থ প্রণয়ন ও পর্যবেক্ষণ এবং এদের অনেকেই ছিলেন অবাঙালি পাটনাবাসী, লক্ষ্মীবাসী দিল্লীবাসী; অবাঙালি ছিলেন কলকাতায় প্রতিষ্ঠিত অধিকাংশ শিক্ষিত মুসলমান এবং কলকাতা মাদ্রাসার অধিকাংশ শিক্ষার্থীও।<sup>৩১</sup> এবং এই অধিক সংখ্যক উর্দুভাষী অবাঙালি মুসলমানের প্রভাবে এসব

ক্ষেত্রে সংশ্লিষ্ট স্বল্প সংখ্যক শিক্ষিত বাঙালি মুসলমান সহজেই হয়ে পড়ে তাঁদেরই অনুগামী বাংলা ভাষা বিবর্জিত, বাঙালিত্ববোধহীন।

কলকাতা মাদ্রাসার শিক্ষায় শিক্ষিত নবাব আবদুল লতিফ ছিলেন মূলত এ ধারারই একজন প্রতিনিধি। তিনি একদিকে দেখলেন ব্রিটিশ ভারতের রাজধানী কলকাতার শিক্ষিত বাঙালি অবাঙালি কথা বলেন উর্দু-ফার্সি ভাষায়। সেখানে এই উর্দু-ফার্সি ভাষাই হলো মুসলমানদের বিদ্যা ও বিত্ত অর্জনের অন্যতম অবলম্বন এবং সেই সাথে সামাজিক মর্যাদার দ্যোতকও। ফলে উর্দু-ফার্সিভাষী অবাঙালি মুসলমানদের সমযোগ্যতায় উন্নীত হওয়ার ও সামাজিক মর্যাদা লাভের অভিলাষী বাঙালি মুসলমানরাও উর্দু-ফার্সির চর্চা করে মাতৃভাষার মর্যাদায়<sup>১২</sup> অন্যদিকে অবলোকন করলেন, কলকাতার সন্নিহিত ও সুদূর গ্রামাঞ্চলের খেটে খাওয়া সাধারণ মানুষ তাঁদের চিন্তাসাধ মেটায় কলকাতার সুলভ ছাপাখানা থেকে মুদ্রিত স্বল্পশিক্ষিত ও প্রায় প্রতিভাশূন্য কতিপয় বাঙালি মুসলমান লেখকের রচিত আরবি-ফার্সি-উর্দু-হিন্দি-তুর্কিভাষা মিশ্রিত এক বিশেষ বাংলা ভাষার কাব্য-উপভোগে। ফোর্ট উইলিয়াম কলেজ পর্ব থেকে সৃষ্ট বাংলা ভাষা ও সাহিত্যের মূলধারার অনুশীলন বাঙালি মুসলমানদের অনুপস্থিতির কারণে তখনও পর্যন্ত হয়ে রইল প্রধানত: বাঙালি হিন্দুরই অন্তর্গত। ফলে অভিজাত শ্রেণির বাঙালি মুসলমানের প্রতিনিধি নবাব আবদুল লতিফের মহামেডান লিটারেরি সোসাইটির (১৮৬৩) কার্যক্রমে ইংরেজির সাথে উর্দু-ফার্সিভাষা বহুলভাবে ব্যবহৃত হলেও বাংলা ভাষা থেকে যায় অপাংক্তেয়, অবজ্ঞেয় এবং পরবর্তীতে প্রায় শতাব্দীকালের বিচ্ছিন্নতার বিলোপ ঘটিয়ে বাংলা সাহিত্যের মূলধারা লগ্ন বাঙালি মুসলমান সাহিত্যিকদের বিশুদ্ধ বাংলা ভাষায় রচিত মীর মশাররফ হোসেনের (১৮৪৮-১৯১১) রত্নবতী (১৮৬৯), বসন্তকুমারী (১৮৭৩), গোরাই ব্রীজ অথবা গৌরী সেতু (১৮৭৩), জমিদার দর্পণ (১৮৭৩), এর উপায় কি (১৮৭৬); কায়কোবাদের (১৮৫৭-১৯৫১) বিরহবিলাপ (১৮৭০), কুসুমকানন (১৮৭৩); মোজাম্মেল হকের (১৮৬০-১৯৩৩) কুসুমাজলি (১৮৮১); আবদুল করিমের জগতমোহনী (১৮৭৫), কাদের আলীর মোহনী প্রেমপাশ (১৮ ) ; ওবায়দুল হকের পদ্যমলা (১৮৭৬); মঈনুদ্দীন আহমদের কবিতাকুসুমাক্ষর (১৮৭৬) প্রভৃতি গ্রন্থকে হিন্দু ভাবাপন্ন জ্ঞান করে এডুকেশন কমিশনের কাছে প্রদান করেন পূর্বে-উল্লিখিত সাক্ষ্য। কিন্তু মাতৃভাষা প্রেমী আপামর বাঙালি মুসলমান আবদুল লতিফের এই সাক্ষ্য গ্রহণ করেননি, প্রত্যাখ্যান করেছেন প্রবল প্রত্যয়ে<sup>১৩</sup> ১৮৭৩ খ্রিষ্টাব্দে বসন্তকুমারী নাটক উৎসর্গ করে মীর মোশাররফ হোসেন তাঁকে সম্মানিত করলেও এক্ষেত্রে বললেন, “বঙ্গবাসী মুসলমানের দেশ ভাষা বা মাতৃভাষা বাঙালি। মাতৃভাষায় যাহার আস্থা নাই সে মানুষ নহে।”<sup>১৪</sup> বস্তুত বলা যায় এখান থেকেই শুরু হয় বাংলা-উর্দুর প্রত্যক্ষ বিরোধ।

## ২. করাচির শিক্ষা সম্মেলনে উর্দুকে রাষ্ট্রের শিক্ষা ও যোগাযোগের মাধ্যম হিসেবে গ্রহণের প্রস্তাবনা ও সুপারিশের ভিত্তি প্রসঙ্গ:

এডুকেশন কমিশনের কাছে নবাব আবদুল লতিফ প্রদত্ত বাঙালি মুসলমানের ভাষা বিষয়ক সাক্ষ্যের পরিপ্রেক্ষিতে সৃষ্ট বাংলা-উর্দুর প্রত্যক্ষ বিরোধের সূচনালগ্নে মীর মশাররফ হোসেন মাতৃভাষায় আস্থা স্থাপন করে মানুষ হওয়ার কথা বললেও আবদুল লতিফের অনুচরবৃন্দ কিন্তু পরভাষা উর্দুকে অবলম্বন করে উন্নীত হতে চাইলেন অভিজাত মুসলমানে। এ লক্ষ্যে তাঁরা ১৮৯৯ খ্রিষ্টাব্দ থেকে বছরান্তে আহবান করতে থাকে এডুকেশনাল কনফারেন্স নামে একটি সম্মেলন।<sup>১৫</sup> ড. সিরাজুল ইসলামের ভাষায় “ঐ সম্মেলনে প্রতি বছরই একটি প্রস্তাব গৃহীত হতো এ মর্মে যে, মুসলমানের ভাষা উর্দু এবং মুসলমান সন্তানদের শিক্ষালয়ে আকর্ষণ করার জন্য স্কুল কলেজে বিকল্প বিষয় হিসাবে আরবি-ফার্সি-উর্দুভাষা প্রবর্তন করতে হবে।”<sup>১৬</sup>

এই ঘটনার পরিপ্রেক্ষিতে, ১৯০১ খ্রিষ্টাব্দে প্রকাশিত ‘মাতৃভাষা ও জাতীয় উন্নতি’ শীর্ষক প্রবন্ধে সৈয়দ ইসমাইল হোসেন সিরাজী উল্লেখ করেন,

“মাতৃভাষা বাঙ্গালা ব্যতীত বঙ্গীয় মুসলমানদিগের উত্থানের এবং নবজীবনের আশা নিতান্তই মূর্খতা প্রকাশমাত্র। কিন্তু নিতান্তই দুঃখ ও পরিতাপের বিষয় যে বঙ্গীয় শিক্ষিত মুসলমানগণ এখনো এ মহাসত্য হৃদয়ঙ্গম করিতে সম্পূর্ণ সমর্থ হইতেছেন। অথবা অবহেলা করিয়া জাতীয় উন্নতির মূল সুদৃঢ় করিতে উদাসীন রহিয়াছেন।”<sup>৩৭</sup>

অতঃপর উক্ত প্রবন্ধে এঁদের উদ্দেশ্য করে তিনি বলেন,

“সমাজহিত চিকিৎষ মহোদয়গণ! নিশ্চয় জানিয়া রাখিবেন- আমরা যতই আরবী পারসী, উর্দু এবং ইংরেজীতে পণ্ডিত হই না কেন... যতদিন আমরা বাঙ্গালার আলোচনায় বন্ধপরিষ্কার না হইব ...ততদিন আমাদের জাতীয় উন্নতির আশা করা নিতান্তই মূর্খতা। মাতৃভাষার আলোচনা ব্যতীত অন্যান্য ভাষার সুপণ্ডিত হইয়া দুইচারিটি লোকের ব্যক্তিগত উন্নতি হইলেও হইতে পারে- কিন্তু জাতীয় উন্নতি বা অভ্যুত্থান কদাপি হইতে পারে না।”<sup>৩৮</sup>

কিন্তু যাদের উদ্দেশ্যে সিরাজীর এই ভাষ্য তা বিন্দুমাত্রও তাঁদের বিবেচনায় স্থান পায়নি। কারণ মাতৃভাষা বাংলার অনুশীলনের মধ্য দিয়ে বাঙালি মুসলমানের জাতীয় উন্নতি বিধান তাদের লক্ষ্যের মধ্যে ছিল না, পরম আরাধ্য ছিল পরভাষা উর্দুকে অবলম্বন করে কথিত অভিজাত শ্রেণিতে উত্তরণ। ফলে ১৯০২ খ্রিষ্টাব্দে কলকাতার প্রেসিডেন্সি ম্যাজিস্ট্রেট ব্যারিস্টার আবদুর রহিমের উদ্যোগে তাঁরই কলকাতাস্থ বাসভবনে সৈয়দ আমির আলীর সভাপতিত্বে অনুষ্ঠিত এক শিক্ষা সভায় সভার প্রধান বক্তা কলকাতা মাদ্রাসার অধ্যক্ষ ড. এডওয়ার্ড ডেনিস নরস যখন বলেন,

“মজ্জবে উর্দু ভাষায় শিক্ষা দেওয়া হইবে, কেননা বাঙ্গালা ভাষায় শিক্ষা দিলে মুসলমানের জাতীয়তা অর্ধেক বিনষ্ট হইবে এবং বাঙ্গালা ভাষা মুসলমানদিগকে হীনবীর্য করিয়া ফেলিবে।”<sup>৩৯</sup>

তখন তা সিদ্ধান্তাকারে গৃহীত হয়ে যায় সানন্দে। কিন্তু অবিলম্বে এ সিদ্ধান্তে ক্ষোভ প্রকাশ করে মিহির ও সুধাকর-এ প্রকাশিত ‘কলকাতায় মুসলমান শিক্ষা সভা’ শীর্ষক নিবন্ধে উক্ত সভার উদ্যোক্তা সম্পর্কে বলা হয়,

“আবদুর রহিম সাহেব বাঙ্গালা দেশের মুসলমান; তিনি এখন উচ্চ শিক্ষায় শিক্ষিত হইয়া ও উচ্চপদে সমাসীন হইয়া তাঁহার বঙ্গদেশীয় ভ্রাতাগণকে ভুলিয়া কতিপয় হিন্দুস্থানী ভ্রাতার শিক্ষার উন্নতি কল্পে যত্নবান হইয়াছেন।... মুসলমানদের পক্ষ হইতে যে সকল কার্যের অনুষ্ঠান করেন তাহাতে তাঁহাদের স্বার্থ বিজড়িত, তাহাতে বঙ্গীয় মুসলমানগণের উপকারের আশা কিছুমাত্র নাই।”<sup>৪০</sup>

বস্তুত এইভাবে বাঙালি মুসলমানের মাতৃভাষা বাংলাকে উপেক্ষা করে কলকাতাস্থ কতিপয় শিক্ষিত বাঙালি মুসলমানের স্বীয় স্বার্থসিদ্ধির উচ্চাভিলাষে পরভাষা উর্দুকে শিক্ষার মাধ্যম হিসেবে প্রবর্তনের যে কর্মপ্রক্রিয়া শুরু হয় ১৮৯৯ খ্রিষ্টাব্দে প্রবর্তিত এডুকেশনাল কনফারেন্স এ বলা যায় তারই ধারাবাহিকতায় প্রায় অর্ধ শতাব্দীর প্রান্তে পাকিস্তান রাষ্ট্র প্রতিষ্ঠার অনতিকাল পরে ১৯৪৭ খ্রিষ্টাব্দে ২৭ নভেম্বরে সম্পূর্ণ সরকারি উদ্যোগে করাচিতে অনুষ্ঠিত শিক্ষা সম্মেলনে পাকিস্তানের সংখ্যাগরিষ্ঠ জনগোষ্ঠীর মাতৃভাষা বাংলাকে উপেক্ষা করে অনায়াসেই গৃহীত হয় উর্দুকে রাষ্ট্রের শিক্ষার ও যোগাযোগের মাধ্যম হিসেবে গ্রহণের প্রস্তাবনা ও সুপারিশমালা।

### ৩. পাকিস্তান গণপরিষদে খাজা নাজিমুদ্দীন কর্তৃক রাষ্ট্রভাষা বিষয়ে পূর্ব পাকিস্তানের অধিবাসীদের মিথ্যা অভিমত উত্থাপন প্রসঙ্গ:

খাজা নাজিমুদ্দীন পূর্ব পাকিস্তানের প্রধানমন্ত্রী। পাকিস্তান রাষ্ট্র প্রতিষ্ঠার পর থেকে ১৯৪৮ খ্রিষ্টাব্দের ২৩ ফেব্রুয়ারি পাকিস্তান গণপরিষদের প্রথম অধিবেশন শুরুর পূর্ব পর্যন্ত অর্ধ বছর ব্যাপী রাষ্ট্রভাষা হিসেবে বাংলার দাবিতে পূর্ব পাকিস্তানের বরণ্য বুদ্ধিজীবী শিক্ষাবিদ সাহিত্যিক ও সাংবাদিকদের অবিরত প্রকাশমান যৌক্তিক ভাবনাচিন্তন, ছাত্র-যুবসমাজের বিক্ষোভক ফ্লাভ-বিক্ষোভ এবং এ দাবিতে তাঁর মন্ত্রিসভার সদস্য, পরিষদ সদস্য ও সরকারি দলের নেতৃবৃন্দের একাত্মতা বা সংশ্লিষ্টতা তাঁর অজানা থাকার কথা নয়; উপরন্তু তাঁকে প্রদান করা হয়েছিল বাংলাকে রাষ্ট্রভাষা ঘোষণার দাবিতে সরকার দলীয় পরিষদ সদস্য ও সরকারি দলের নেতৃবৃন্দের স্বাক্ষরসহ শত নাগরিকের স্বাক্ষরযুক্ত একটি স্মারকপত্রও। এতদসত্ত্বেও গণপরিষদে রাষ্ট্রভাষা প্রসঙ্গে তিনি উপস্থাপন করলেন পূর্ব পাকিস্তানের অধিবাসীদের নামে এক মিথ্যা অভিমত বললেন, “পূর্ব পাকিস্তানের অধিকাংশ অধিবাসীর মনোভাব এই যে, একমাত্র উর্দুকেই রাষ্ট্রভাষা রূপে গ্রহণ করা যাইতে পারে।”- এর কারণ কি? পূর্ব পাকিস্তানের এই অধিকাংশ অধিবাসীই বা কারা?

প্রসঙ্গত এখানে উল্লেখ করা আবশ্যিক যে খাজা নাজিমুদ্দীন ঢাকাবাসী হলেও বাংলাভাষী নন। তাঁর পূর্ব পুরুষ ছিলেন প্রথমে কাশ্মীর ও পরে দিল্লীর অধিবাসী। ১৭৯৩ খ্রিষ্টাব্দে নাদির শাহের দিল্লী আক্রমণকালে তাঁরা আশ্রয় নেন বাংলাদেশে এবং জীবিকার তাগিদে এখানে নিয়োজিত হন চামড়া ইত্যাদির ব্যবসায়। ব্যবসায় প্রভূত অর্থ উপার্জনের পর তাঁরা ঢাকায় প্রতিষ্ঠা করেন বিশাল জমিদারী। এই জমিদার পরিবারের এক সন্তান খাজা আবদুল গণি বৃটিশ সরকারকে ব্যাপক সহযোগিতা দানের মধ্য দিয়ে লাভ করেন নবাব উপাধি।<sup>৪১</sup> এঁদের মাতৃভাষা ছিল- কাশ্মীর ও দিল্লীতে ফার্সি; ঢাকায় নীত হয়ে তাঁরা ফার্সি পরিত্যাগ করে মাতৃভাষা হিসেবে বরণ করে উর্দু ভাষা এবং এখানে উর্দু ভাষার প্রসার কল্পে তাঁরা তাঁদের কাছারিতে এবং পরে আহসান মঞ্জিলে নিয়মিত আয়োজন করতে থাকেন উর্দু মোশাহেরা- যাতে আমন্ত্রিত হতো ভারতের বিভিন্ন শহরের উর্দুভাষী কবি সাহিত্যিকরাও।<sup>৪২</sup> বস্তুত এভাবে ১৮৪৩ খ্রিষ্টাব্দে মুর্শিদাবাদ নবাবের প্রতিনিধি ঢাকায় নায়েবে নাযিম পরিবারের পতনের পর থেকে বাংলাদেশে উর্দু ভাষার প্রসারে এই খাজা পরিবারই হয়ে ওঠে প্রধান পৃষ্ঠপোষক। অতঃপর ১৯৪৭ খ্রিষ্টাব্দে পাকিস্তানে রাষ্ট্র প্রতিষ্ঠায় মূল নেতৃত্বও যখন দান করলেন উর্দু ভাষী অবাঙালি মুসলিম লীগ নেতৃবৃন্দ- কায়েদে আযম মুহাম্মদ আলী জিন্না, কায়েদে মিল্লাত লিয়াকত আলী খান, আর এতে তাঁরও ছিল উল্লেখযোগ্য একটা ভূমিকা এবং সেই সুবাদে অবাঙালি উর্দুভাষী হয়েও অধিষ্ঠিত হলেন তিনি বাংলাভাষী অধ্যুষিত পূর্ব পাকিস্তানের প্রধানমন্ত্রী পদে, তখন এযাবৎকাল এতদাঞ্চলে প্রধানভাবে তাঁদের পরিবার কর্তৃক লালিত ও পালিত উর্দুভাষাকে নবরাষ্ট্র পাকিস্তানের রাষ্ট্রভাষায় উন্নীত করা যেন হয়ে ওঠে তাঁরই ইচ্ছাধীন।

উল্লেখ্য যে, ১৯৪৭ খ্রিষ্টাব্দে ১৫ আগস্ট ঢাকার কার্জন হলের সামনে অনুষ্ঠিত পূর্ব পাকিস্তানের প্রধানমন্ত্রী হিসেবে খাজা নাজিমুদ্দীন তাঁর অভিষেক অনুষ্ঠানে সামরিক অভিবাদন গ্রহণ করেন একটি শিখ রেজিমেন্টের এবং সে অনুষ্ঠানে তিনি বক্তৃতা দেন উর্দু ভাষায়।<sup>৪৩</sup> ১৯৪৭ খ্রিষ্টাব্দে ২৭ নভেম্বর থেকে অনুষ্ঠিত করাচির শিক্ষা সম্মেলনে উর্দুর পক্ষে গৃহীত প্রস্তাবনা ও সুপারিশমালার বিরুদ্ধে ৬ ডিসেম্বর ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রসভা ও বিক্ষোভ মিছিলের পর ১১ ডিসেম্বর রাতে বাসে চড়ে যে কিছু সংখ্যক লোক উর্দুকে পাকিস্তানের রাষ্ট্রভাষা করার দাবিতে শ্লোগান দিতে দিতে পলাশী ব্যারাক ও ইঞ্জিয়ারিং কলেজ ছাত্রাবাসে আক্রমণ করেছিল, ১২ ডিসেম্বর পত্রিকায় প্রকাশিত সরকারি প্রেসনোটে এদেরকে ‘অজ্ঞাতনামা ব্যক্তি’<sup>৪৪</sup> হিসেবে উল্লেখ করা হলেও এরা ছিল বস্তুত খাজা পরিবারের আশ্রিত লোকজন।<sup>৪৫</sup> কাজেই এদের এরূপ ভয়াবহ

কর্মসম্পাদনে খাজা নাজিমুদ্দীনের যে বিশেষ ভূমিকা- নির্দেশনা বা অনুপ্রেরণা ক্রিয়াশীল ছিল আজ একথা দৃঢ়তার সাথে উচ্চারণ করা যায়। শুধু কি তাই? ১৯৪৮ খ্রিষ্টাব্দের প্রথম দিকে উর্দুভাষী মোহাজেরগণ কোন শক্তিতে ঢাকায় প্রতিষ্ঠা করে *আঞ্জুমান-ই-তরক্কী-ই-উর্দু*, *বাজম-ই-আহবাব* প্রভৃতি সংগঠন- যাদের দাবিতেই ঢাকা বেতার কেন্দ্র থেকে সহসা পরিবেশিত হতে থাকে উর্দু ভাষায় সংবাদ।<sup>৪৬</sup> মন্ত্রিসভার বাঙালি সদস্য, পরিষদ সদস্য ও সরকারি দলের নেতৃবৃন্দের বাংলা ভাষার পক্ষে প্রকাশ্য সোচ্চার ভূমিকা গ্রহণের পর উর্দুভাষী অবাঙালি প্রধানমন্ত্রী খাজা নাজিমুদ্দীনের বিশেষ কোন সহযোগিতা-সমর্থন ব্যতীত এত অল্প সময়ের মধ্যে উর্দুভাষী মোহাজেরগণের পক্ষে ঢাকায় এরূপ সাংগঠনিক কার্যক্রম সম্পাদন ও রাষ্ট্রীয় প্রচার মাধ্যমে অনায়াসে হস্তক্ষেপ আদৌ সম্ভব কি?

কাজেই বলা যায় যে, খাজা নাজিমুদ্দীন তাঁর এই একান্ত ইচ্ছা পূরণের হীন অভিলাষেই রাষ্ট্রভাষা বাংলার দাবিতে পূর্ব পাকিস্তানের বরেন্দ্র বুদ্দিজীবী, সাহিত্যিক, শিক্ষাবিদ ও সাংবাদিকদের অবিরত প্রকাশমান ভাবনা-চিন্তন, ছাত্রসমাজের বিক্ষোভ-ক্ষোভ-বিক্ষোভ, এ দাবির প্রতি তাঁর মন্ত্রিসভার বাঙালি সদস্য, পরিষদ সদস্য ও সরকারি দলের নেতৃবৃন্দের সংশ্লিষ্টতা এবং বাংলাকে রাষ্ট্রভাষা হিসেবে ঘোষণার দাবিতে তাঁকে প্রদত্ত শতনাগরিকের স্বাক্ষরযুক্ত স্মারকপত্র এসবকে প্রত্যাখ্যান করে রাষ্ট্রভাষা উর্দুর দাবিতে তাঁর পরিবারের আশ্রিত লোকজন ও উর্দুভাষী মোহাজেরদের রাজপথে ও সরকারি প্রচার মাধ্যমে আক্রমণাত্মক ভূমিকায় নামিয়ে দিয়ে গণপরিষদে উপস্থাপন করেছেন পূর্ব পাকিস্তানের অধিবাসীদের উল্লিখিত মিথ্যা মনোভাব।

#### ৪. ঢাকায় রেসকোর্স ময়দানে ভাষা আন্দোলনকারীদের প্রতি পাকিস্তানের গভর্ণর জেনারেলের চরম কঠোরতা প্রদর্শন ও উর্দুকে পাকিস্তানের একমাত্র রাষ্ট্রভাষা ঘোষণার কারণ:

যে সর্ব ভারতীয় মুসলিম লীগের নেতৃত্বে পাকিস্তান রাষ্ট্র প্রতিষ্ঠিত হয় তাঁর প্রধান উদ্যোক্তা হলেন নবাব উপাধিধারী ঢাকার খাজা পরিবারের সদস্য খাজা সলিমুল্লাহ। তাঁরই উদ্যোগে ১৯০৬ খ্রিষ্টাব্দে ৩০ ডিসেম্বের ঢাকার শাহবাগে এই সর্ব ভারতীয় মুসলিম লীগ গঠনকল্পে অনুষ্ঠিত রাজনৈতিক অধিবেশনের সভাপতি নবাব ওয়াকার-উল-মূলক অধিবেশনে ভাষণ দেন উর্দুভাষায়।<sup>৪৭</sup> এবং এই অধিবেশনে ভারতের বিভিন্ন প্রদেশ থেকে যোগদানকারী প্রায় আট হাজার প্রতিনিধির মধ্যে সংখ্যাগরিষ্ঠ ছিলেন উর্দুভাষী; নওয়াব আলী চৌধুরী প্রমুখ কয়েকজন ব্যতীত অন্য সকলেই ছিলেন উর্দু ভাষার প্রশ্নহীন অনুরাগী। ফলে স্বল্প সময়ের মধ্যে- ১৯১০ খ্রিষ্টাব্দে দিল্লীতে অনুষ্ঠিত লীগের তৃতীয় বার্ষিক অধিবেশনে ১৮৬৭ খ্রিষ্টাব্দ থেকে উত্তর-পশ্চিম প্রদেশ ও ১৮৭১ খ্রিষ্টাব্দ থেকে বিহারে সৃষ্ট উর্দু-হিন্দি বিরোধের সূত্র ধরে,<sup>৪৮</sup> উর্দু বিরোধকে মুসলিম বিদ্বেষ রূপে বর্ণনা করে উত্থাপন করা হয় উর্দুকে ভবিষ্যৎ ভারতের রাষ্ট্রভাষা করার দাবি।<sup>৪৯</sup> অতঃপর এ দাবির বাস্তবায়ন নিশ্চিতকরণ কল্পে কথিত অভিজাত বাঙালি মুসলমানের সহযোগিতায় বাংলায় অবাঙালি মুসলিমরা *অল বেঙ্গল উর্দু এসোসিয়েশন* গঠন করে<sup>৫০</sup> বাঙালি মুসলমানদের মধ্যে বাংলা ভাষার প্রতি বিরূপ মনোভাব সৃষ্টি ও উর্দু ভাষা প্রচলনের সজোর প্রয়াস চালাতে শুরু করে; তাঁরা প্রচার করতে থাকে, “উর্দু ভাষার মাধ্যমেই বাঙালি মুসলমানরা ইসলামের শিক্ষা ও সংস্কৃতির সঙ্গে পরিচিত হতে পারেন। বাংলা ভাষার মাধ্যমে তা কখনই সম্ভব নয়। প্রকৃত মুসলমান হতে হলে উর্দুভাষা আয়ত্ত করা একান্ত কর্তব্য।”<sup>৫১</sup> তাঁদের এই প্রচেষ্টা অংশত ১৯১১ খ্রিষ্টাব্দে গঠিত *বঙ্গীয় মুসলমান সাহিত্য সমিতি* ও ১৯১৩ খ্রিষ্টাব্দে গঠিত *আঞ্জুমান-ই-উলেমা-ই-বাঙালার* মাতৃভাষা মুখিন কার্যক্রমে অর্থাৎ বাংলার সচেতন ব্যক্তিবর্গের- আবদুল করিম সাহিত্য বিশারদ, মুহম্মদ শহীদুল্লাহ, মোজাফফর আহমদ প্রমুখের দ্রোহী প্রতিরোধে<sup>৫২</sup> এবং অংশত বাঙালি মুসলমান জনগণের বৃহত্তর অংশের অনীহার কারণে বহুলাংশে এয়াকুব আলী চৌধুরীর ভাষায় “আকাশে ঘর বাঁধিবার ন্যায়

নিষ্ফল”<sup>৫০</sup> হলেও বিশেষ ক্ষেত্রে উর্দু অনুরাগী কতিপয় বাঙালি মুসলমান-মৌলানা মনিরুজ্জামান ইসলামাবাদী, বশারত আলী, মৌলানা আকরাম খাঁ, মোহাম্মদ ওয়াজেদ আলী প্রমুখের সমর্থন<sup>৫১</sup> ও ঔপনিবেশিক সরকার কর্তৃক “বাংলার প্রায় সকল সরকারি অনুদান প্রাপ্ত শিক্ষালয়ে উর্দু ভাষার শিক্ষক”<sup>৫২</sup> নিয়োগের মাধ্যমে শেষ অবধি তা ক্ষীণভাবে হলেও বহমান থেকে যায়।

অতঃপর ১৯৩৬ খ্রিষ্টাব্দে মুসলিম লীগের নির্বাচনী অঙ্গীকারভুক্ত<sup>৫৩</sup> হয়ে ১৯৩৭ খ্রিষ্টাব্দের নির্বাচন পরবর্তী মুসলিম লীগ রাজনীতির নবচিন্তন<sup>৫৪</sup> প্রসূত লাহোর প্রস্তাবোত্তরকালে বাঙালি মুসলমানদের মাঝে অবাঙালি মুসলিম নেতৃত্ববৃন্দের উর্দু প্রচলন প্রয়াসটি পুনরায় হয়ে ওঠে প্রবল।<sup>৫৫</sup> এই প্রয়াসের সমালোচনা করে ১৯৪৩ খ্রিষ্টাব্দে আবুল মনসুর আহমদ তাঁর ‘পূর্ব পাকিস্তানের জবান’ শীর্ষক প্রবন্ধে বলেন,

“উর্দু নিয়ে এই ধস্তাধস্তি না করে আমরা সোজাসুজি বাংলাকেই যদি পূর্ব পাকিস্তানের রাষ্ট্রভাষা ও জাতীয় ভাষা রূপে গ্রহণ করি, তবে পাকিস্তান প্রবর্তনের সঙ্গে আমরা মুসলিম বাংলার শিক্ষিত সম্প্রদায় নিজেরাই পূর্ব পাকিস্তানের রাষ্ট্রিক, সামাজিক, শিক্ষাগত, অর্থনৈতিক ও শিল্পগত রূপায়ণে হাত দিতে পারবো। জাতির যে অর্থ, শক্তি, সময় ও উদ্যম উর্দু প্রবর্তনে অপব্যয় হবে তা যদি আমরা শিক্ষা, সাহিত্যে নিয়োজিত করি তবে পূর্ব পাকিস্তানকে আমরা শুধু ভারতে নয়, সমগ্র জগতের এমন কি গোটা দুনিয়ার শ্রেষ্ঠ দেশে পরিণত করতে পারবো।”<sup>৫৬</sup>

এবং একই খ্রিষ্টাব্দে ঢাকা সলিমুল্লাহ মুসলিম হল মিলনায়তনে অনুষ্ঠিত পূর্ব পাকিস্তান সাহিত্য সংসদের-এর প্রথম বার্ষিক অধিবেশনে প্রদত্ত ভাষণ সংসদের সভাপতি সৈয়দ সাজ্জাদ হোসায়নও বলেন,

“পূর্ব পাকিস্তানের সাহিত্যের বাহন বাংলা ভাষা হবে এ প্রশ্ন বহুপূর্বেই চূড়ান্তভাবে মীমাংসিত হয়ে গেছে। এতদিন পরে উর্দু-বাংলা প্রশ্নের উত্থাপন করা পণ্ডশ্রম ও হাস্যকর বলেই বিবেচিত হবে।... উর্দুকে বঙ্গদেশীয় মুসলমানের সাহিত্যের বাহন করে তোলবার আকাঙ্ক্ষা বাতুলতা মাত্র। পূর্ব পাকিস্তানের অধিকাংশ মুসলমানের কাছে উর্দু বিদেশী ভাষার সমতুল।... উর্দুবাদীরা- যারা প্রায় সকলেই উর্দুভাষী, অতি অল্পই একথা উপলব্ধি করে যে, বাংলা ভাষার সাথে আমাদের সংযোগ ইতিহাসগত।”<sup>৫৭</sup>

অথচ এই আবুল মনসুর আহমদ, সৈয়দ সাজ্জাদ হোসায়ন প্রমুখই আবার পূর্ব পাকিস্তান রেনেসা সোসাইটি ও পূর্ব পাকিস্তান সাহিত্য সংসদের মধ্য দিয়ে ‘তমুদ্দুনী আজাদী’ লাভের অভিপ্রায়ে পুথি সাহিত্যের (দোভাষী পুথি) বুনিয়েদে বাংলা সাহিত্যের মূলধারা বিচ্যুত যে পাকিস্তানবাদী সাহিত্য সৃষ্টির তাগুবে মেতে ওঠলেন<sup>৫৮</sup> তাতে বিপুলভাবে আরবি-ফার্সি-উর্দু শব্দের বিমুগ্ধ ব্যবহারে<sup>৫৯</sup> সর্ব ভারতীয় মুসলিম লীগের অবাঙালি নেতৃত্ববৃন্দ ও পাকিস্তানের ভাবি শাসকবর্গ পাকিস্তান রাষ্ট্র প্রতিষ্ঠার অনতিপূর্বেই পূর্ব পাকিস্তানসহ সমগ্র পাকিস্তানের রাষ্ট্রভাষা রূপে উর্দু প্রবর্তনে হয়ে উঠে অধিকতর উদ্যমী।<sup>৬০</sup> বলা যায় তারই ফলে ১৭ মে মাসে ১৯৪৭ খ্রিষ্টাব্দে হায়দারাবাদে অনুষ্ঠিত উর্দু সম্মেলনে মুসলিম লীগ নেতা চৌধুরী খালিকুজ্জামান ঘোষণা দেন “পাকিস্তানের জাতীয় ভাষা হবে উর্দু”<sup>৬১</sup> জুলাই মাসে (১৯৪৭) আলীগড় বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর ড. জিয়াউদ্দিন আহমদ অভিমত দেন, “উর্দুই পাকিস্তানের রাষ্ট্রভাষা হওয়া উচিত।”<sup>৬২</sup> অতঃপর কোনরূপ রাষ্ট্রীয় সিদ্ধান্ত ছাড়া পূর্ব পাকিস্তানের প্রধানমন্ত্রী খাজা নাজিমুদ্দীন ১৫ আগস্ট তাঁর অভিষেক অনুষ্ঠানে ভাষণ প্রদান করলেন উর্দু ভাষায়। এবং আরো পরে ১৯৪৮ খ্রিষ্টাব্দের ২৩ ফেব্রুয়ারি গণপরিষদে ধীরেন্দ্র নাথ দত্তের প্রস্তাবের বিরোধিতা করে ২৫ ফেব্রুয়ারি পরিষদ নেতা ও পাকিস্তানের প্রধানমন্ত্রী লিয়াকত আলী খান অতীব জোরের সাথে জানালেন, “উপমহাদেশে দশ কোটি মুসলমানের দাবিতেই পাকিস্তানের সৃষ্টি হয়েছে এবং দশ কোটি মুসলমানের ভাষা উর্দু।”<sup>৬৩</sup>

কাজেই ঢাকার রেসকোর্স ময়দানে পাকিস্তানের গভর্ণর জেনারেল মুহাম্মদ আলী জিন্নার ‘পাকিস্তানের রাষ্ট্রভাষা হবে উর্দু; অন্য কোন ভাষা নয়।’ এই স্বগর্ভী ঘোষণা এবং সেই সাথে রাষ্ট্রভাষা হিসেবে বাংলার দাবিতে আন্দোলনকারীদের প্রতি চরম কঠোরতা প্রদর্শন ও তাদের রাষ্ট্রের শত্রু বলে অভিহিতকরণের মধ্যে বস্তুতই কোন আকস্মিকতা নেই; তা মূলত ১৯০৬ খ্রিষ্টাব্দে ঢাকার শাহবাগে প্রধানত অবাঙালি উর্দুভাষী মুসলমানদের নেতৃত্বে গঠিত সর্ব ভারতীয় মুসলিম লীগ-এর দীর্ঘ ৪১ বছরের উল্লিখিত কর্ম প্রবাহেরই এক চূড়ান্ত অভিব্যক্তি মাত্র।

এখানে স্বাভাবিকভাবেই প্রশ্ন জাগে- মুসলিম লীগ শীর্ষ নেতৃবৃন্দের উর্দুভাষার এরূপ প্রশ্নহীন পক্ষ গ্রহণের অন্তর্গত কারণ কী? এতে কি ধর্মীয় বা ধর্ম সম্প্রদায় গত বিশেষ কোন চেতনা ক্রিয়াশীল ছিল? পাকিস্তানের গভর্ণর জেনারেল মুহাম্মদ আলী জিন্না, প্রধানমন্ত্রী লিয়াকত আলী, মোহাজের ও পুনর্বাসন মন্ত্রী গজনফর আলী প্রমুখের ভাষ্যে কিন্তু তাই শ্রুত হয়। উর্দু কেন পাকিস্তানের রাষ্ট্রভাষা হবে তা সবিস্তারে বিশ্লেষণ প্রসঙ্গে ১৯৪৮ খ্রিষ্টাব্দের ২৪ মার্চ ঢাকা বিশ্ববিদ্যালয়ের কার্জন হলে প্রদত্ত সমাবর্তন বক্তৃতায় পাকিস্তানের গভর্ণর জেনারেল মুহাম্মদ আলী জিন্না বলেন,

“স্বাভাবিকভাবেই রাষ্ট্রভাষা হবে উর্দু যা এই উপমহাদেশের লক্ষ লক্ষ মুসলমানের দ্বারা পুষ্ট হয়েছে, যা পাকিস্তানের এক প্রান্ত থেকে অন্য প্রান্ত পর্যন্ত সকলেই বোঝে এবং সর্বোপরি যার মধ্যে অন্য যে কোন প্রাদেশিক ভাষার থেকে ইসলামী সংস্কৃতি এবং ঐতিহ্য বাস্তব রূপ লাভ করেছে এবং যে ভাষা অন্যান্য ইসলামী দেশগুলিতে ব্যবহৃত ভাষার সর্বাপেক্ষা কাছাকাছি।”<sup>৬৭</sup>

তারও আগে ২৫ ফেব্রুয়ারি গণপরিষদে প্রদত্ত বক্তৃতায় পাকিস্তানের প্রধানমন্ত্রী লিয়াকত আলী খানও এ প্রসঙ্গে বলেন,

“এই উপমহাদেশের দশ কোটি মুসলমানের দাবিতেই পাকিস্তানের সৃষ্টি হয়েছে এবং দশ কোটি মুসলমানের ভাষা হচ্ছে উর্দু।... পাকিস্তান একটি মুসলিম রাষ্ট্র সুতরাং মুসলিম জাতির ভাষাই এই রাষ্ট্রের ভাষা হওয়া উচিত।”<sup>৬৮</sup>

এবং মোহাজের ও পুনর্বাসন মন্ত্রী গজনফর আলী বলেন,

“উর্দু কোন প্রদেশের ভাষা নয়, তা হচ্ছে মুসলিম সংস্কৃতির ভাষা। এবং উর্দুভাষাই হচ্ছে মুসলিম সংস্কৃতি।”<sup>৬৯</sup>

পরবর্তীতে শেখ মুহাম্মদ ইকরাম সম্পাদিত *পাকিস্তানের সাংস্কৃতিক উত্তরাধিকার* শীর্ষক সংকলন গ্রন্থের মধ্য দিয়েও উল্লিখিত ভাষ্যের প্রচারে ব্রতী হন অবাঙালি উর্দুভাষী মুসলিম লীগ শীর্ষ নেতৃবৃন্দ ও পাকিস্তানের শাসকবর্গ।

একথা সর্বজন স্বীকৃত যে, উর্দুভাষার উদ্ভব ঘটে ভারতে মুসলিম রাজত্বের সূচনা পর্বে- তুর্কি বা সুলতানী শাসন-আমলে। অথচ অবাক হবার মতো তথ্য এই যে, সুলতানী ও মোগল শাসন আমলের সুদীর্ঘ প্রায় সাত শতাব্দীকাল পরিসরে উর্দুভাষা কোথাও কখনো রাজভাষার মর্যাদা লাভ করেনি- এমনকি শেষ মোগল সম্রাট বাহাদুর শাহ এবং তৎপূর্বে অযোধ্যার নবাব ব্যতীত অন্য কোন সুলতান কিংবা মোগল সম্রাটের উল্লেখযোগ্য পৃষ্ঠপোষকতাও লাভ করেনি। শুধু তাই নয়, উর্দু ভাষার নিজস্ব খচিত উদ্ভাসনও ঘটে এই সেদিন উনিশ শতকের সূচনাতে ফোর্ট উইলিয়াম কলেজের জন গিলখাইস্টেরই প্রবর্তনায়- এর আগে এ ভাষার উর্দু নামটিও সর্বজনগ্রাহ্য হয়ে ওঠেনি।<sup>৭০</sup> আর উর্দু ভাষার বিখ্যাত কবি গালিবতো উনিশ শতকেরই। গালিবের পর উত্তর ভারতের সৈয়দ আহমদ ও পাঞ্জাবের আলতাফ হোসেন হালী, মোহাম্মদ হোসেন আজাদ, আল্লামা ইকবাল এইতো উর্দু ভাষার উনিশ ও বিশ শতকের প্রথমার্ধের খ্যাতিমান ক’জন

সাহিত্যিক। তন্মধ্যে গালিব ও ইকবালকে এককভাবে উর্দু ভাষার কবি হিসেবে অভিহিত করাও যায় না। এ দুজনের ফার্সি ভাষায় রচিত সাহিত্যের পরিমাণ উর্দু ভাষায় রচিত সাহিত্যের চেয়ে কোন অংশেই কম নয়। কাজেই আমরা দেখতে পাই সুলতানী আমল থেকেই দিল্লী ও উত্তর ভারতে কথ্য ভাষা হিসেবে উর্দুর প্রচলন শুরু হলেও এতদ্ব্যতিরিক্ত সৃজন ও মননশীলতার বাহন ছিল ফার্সি ও হিন্দি ভাষা। আকবরের নবরত্ন সভায় ফার্সিভাষী কবির সাথে হিন্দিভাষী কবির উজ্জ্বল উপস্থিতি থাকলেও স্থান হয়নি উর্দু ভাষার,<sup>১১</sup> আর উনিশ ও বিশ শতকের গালিব এবং ইকবালও উর্দুকেই তাদের সৃজন ও মননশীলতার একক মাধ্যম হিসেবে গ্রহণ করেননি, শরণ নিয়ে ছিলেন ফার্সি ভাষারও। এছাড়াও উর্দুতো কখনো সর্ব ভারতীয় মুসলমানদের কথ্য ভাষা ছিল না- ছিল না ধর্মভাষাও; তা ছিল মূলত দিল্লী ও উত্তর ভারতের জনসাধারণের একাংশেরই কথ্য ভাষা। সুতরাং ‘উর্দু ভাষাই হচ্ছে মুসলিম সংস্কৃতি’, ‘উপমহাদেশের দশ কোটি মুসলমানের ভাষা হচ্ছে উর্দু’, ‘যা পাকিস্তানের এক প্রান্ত থেকে অন্য প্রান্ত পর্যন্ত সকলেই বোঝে’-এসব ভাষ্যে কোনরূপ সত্য তো নেই- ভাষ্যকারদের কোন সততাও নেই; আছে কেবল এক দূরভিসন্ধি। আমি আগেই উল্লেখ করেছি, মুসলিম লীগের শীর্ষ নেতৃবৃন্দ ছিলেন উত্তর ভারতের অধিবাসী, অবাঙালি এবং উর্দু ভাষী। উনিশ শতকের দ্বিতীয়ার্ধের প্রথমার্ধে অর্থাৎ ১৮৬৭ খ্রিষ্টাব্দে উত্তর পশ্চিম সীমান্ত প্রদেশে এবং ১৮৭১ খ্রিষ্টাব্দে বিহারের এদের পূর্বজরা ব্রিটিশদের ভেদনীতির দুর্বিপাকের মধ্য দিয়ে জড়িয়ে পড়েন হিন্দু রক্ষণশীলদের সাথে উর্দু-হিন্দি বিরোধে। তারই সূত্র ধরে ১৯১০ খ্রিষ্টাব্দে অনুষ্ঠিত মুসলিম লীগের দিল্লী অধিবেশনে উর্দু বিরোধকে মুসলিম বিদ্বেষ হিসেবে চিহ্নিত করে উত্থাপিত হয় ব্রিটিশ শাসনমুক্ত ভাবি স্বাধীন ভারতে উর্দুকে রাষ্ট্রভাষা করার দাবি। কিন্তু শেষ অবধি ১৯৪৭ খ্রিষ্টাব্দের বিভাজনে ভারতবর্ষের যে সব অঞ্চলের মাতৃভাষা উর্দু তা চলে যায় পাকিস্তানের বাইরে- ভারতে। আর সাম্রাজ্যিক স্বার্থলোভে পাকিস্তান আন্দোলনের উর্দুভাষী শীর্ষ নেতৃবৃন্দের নির্দিধায় নিজ মাতৃভূমি থেকে হিজরত করতে হয় স্বপ্নের পাকিস্তানে- পাঞ্জাবে, সিন্ধুতে। আর ভারতে হিন্দিকে রাষ্ট্রভাষা করার ফলে সর্বভারতে হিন্দির বিপরীতে উর্দুকে রাষ্ট্রভাষা করার এ যাবৎকাল তাদের যে স্বপ্ন ছিল তাতো পূর্ণ হলোইনা উপরন্তু তাদের মাতৃভূমি উর্দু ভাষার কেন্দ্রস্থল উত্তর ভারতে উর্দুভাষার ভবিষ্যৎ বিকাশ ও সংরক্ষণ প্রয়াসও হয়ে পড়ে রীতিমতো বিপন্ন। আর এদিকে স্বপ্নের পাকিস্তানের একবৃহদাংশে হাজার বছরের অনুশীলন লব্ধ সতেজ স্বাতন্ত্রিকতায় সমুজ্জ্বল বাংলা ভাষা ও বাঙালি সংস্কৃতির উপস্থিতিতে সাম্রাজ্যিক স্বার্থ চরিতার্থতার প্রশ্নে তারা হয়ে পড়েন অতীব উদ্ভিগ্ন। এমতাবস্থায় উত্তর ভারত থেকে হিজরতকারী পাকিস্তান আন্দোলনের সংখ্যালঘু অবাঙালি উর্দুভাষী শীর্ষ নেতৃবৃন্দ তাদের সাম্রাজ্যিক স্বার্থচরিতার্থের অভিপ্রায়ে প্রথমেই উর্দুভাষার শৃঙ্খলে বন্দী করতে চাইলেন সমৃদ্ধ বাংলাভাষা ও সুসংহত সংস্কৃতির পূর্ব বাংলাকে। এবং এই শৃঙ্খলকে শোভন ও সম্মানজনকভাবে গ্রহণযোগ্য করে তোলার আকাঙ্ক্ষাতেই পাকিস্তানের উর্দুভাষী শীর্ষ নেতৃবৃন্দ- গভর্নর জেনারেল, প্রধানমন্ত্রী, মোহাজের ও পুনর্বাসন মন্ত্রী উর্দুভাষাকে উপস্থাপন করলেন উল্লিখিত ধর্মসম্প্রদায়গত এক বিশেষ চেতনার প্রতীকরূপে। কিন্তু প্রবল আত্মবোধে উদ্দীপিত বাঙালির অমিত স্পর্ধিত উদ্ভাসনে শেষ অবধি তাঁদের সেই দূরভিসন্ধি বিপন্ন হয়ে যায় এবং সেই সাথে চূড়ান্ত রূপ লাভ করে বাংলা-উর্দুর তুমুল ভাষা বিরোধ।

অতএব, এখানে সুনিশ্চিতভাবে এই সিদ্ধান্তে উপনীত হওয়া যায় যে, বাংলা-উর্দু ভাষাবিরোধের প্রাথমিক উৎসারণ ঘটে কথিত অভিজাত ও অনভিজাত মুসলিম সম্প্রদায়ের সামাজিক সম্বন্ধবোধ থেকে এবং তা চূড়ান্ত রূপ লাভ করে রাষ্ট্রীয় পরিসরে উর্দুভাষী অবাঙালির নিরঙ্কুশ আধিপত্য বিস্তারের প্রয়াস ও বাঙালির স্বাতন্ত্রমণ্ডিত আত্মবোধে উদ্ভাসনের ঐকান্তিক আকাঙ্ক্ষার তুমুল-তীব্র অভিঘাতে। এবং এই বিরোধে চূড়ান্তভাবে বিজয়ী হয় বাংলা ভাষা ও বাঙালি- যে বিজয়ের সমুজ্জ্বল স্মারক, বিশ্বের এক অপূর্ব বিস্ময় বাংলা ভাষারই স্বাধীন সার্বভৌম রাষ্ট্র বাংলাদেশ।

## তথ্যপঞ্জি ও পাদটীকা

১. ১৭৫৭ খ্রিষ্টাব্দের ২৩ জুন নবাব সিরাজ উদৌলার পতনের পর মীর জাফর নবাব হলেও কার্যত তিনি ছিলেন ব্রিটিশের অধীন; শাসনকার্য পরিচালনায় তাকে সম্পূর্ণ রূপে মান্য করতে হতো ক্লাইভ ও কোম্পানির অন্যান্য কর্মকর্তার সমূহ আদেশ-নিষেধ। ব্রিটিশদের এরূপ অপমানজনক বাধ্যতায় ছিলেন বলে তাকে অভিহিত করা হয়েছিল 'ক্লাইভের গর্দভ' অভিধায়। এই পরিপ্রেক্ষিতে এখানে ভারতে ব্রিটিশ উপনিবেশের সূচনাকাল ধারা হয়েছে ১৭৫৭ খ্রিষ্টাব্দের ২৩ জুন নবাব সিরাজউদৌলার পতনের পর থেকে এবং ১৯৪৭ খ্রিষ্টাব্দের ১৪ আগস্ট ভারত বিভক্তি পর্যন্ত ভারতে ব্রিটিশ উপনিবেশিক শাসন-শোষণের মোট সময়কাল দাড়াই একশত নব্বই বছর একমাস বাইশ দিন। অতএব, সঙ্গত কারণেই এই রচনায় বহুল প্রচলিত ও জনমনে প্রতিষ্ঠিত 'প্রায় দু'শ বছরের ব্রিটিশ শাসনকাল' কথাটি প্রত্যাখ্যান করে উল্লেখ করা হয়েছে সঠিক সময়কাল 'একশত নব্বই বছর'। উল্লেখ্য যে, আহমদ শরীফের বিবেচনায় এই সময়কাল আরো কম- একশত বিরাশি বছর মাত্র। বলা আবশ্যিক যে, আহমদ শরীফ এই সময়কালের সূচনা ধরেছে ১৭৬৫ খ্রিষ্টাব্দের ১২ আগস্ট সম্রাট শাহ আলম (দ্বিতীয়) কর্তৃক ইস্ট ইন্ডিয়া কোম্পানির বাংলা, বিহার ও উড়িষ্যার দীউয়ানী লাভ থেকে (দ্র. 'বাঙলা সাহিত্যের আধার-যুগের ইতিকথা'; আহমদ কবীর ও আবুল হাসনাত সম্পাদিত *আহমদ শরীফ রচনাবলী-১* প্রথম প্রকাশ: ফেব্রুয়ারি ২০০০ আগামী প্রকাশনী ঢাকা, পৃ. ৩২৫; এবং পরবর্তীতে ইতিহাসবিদ সিরাজুল ইসলামও তাঁর পি-এইচ.ডি. অভিসন্দর্ভে লেখেন, "১৭৬৫ সনে বাংলা, বিহার, উড়িষ্যার দীউয়ানী লাভের মাধ্যমে অপ্রতিদ্বন্দ্বি রাজনৈতিক দল হিসেবে কোম্পানির আবির্ভাব ঘটে এবং এর সঙ্গে চূড়ান্ত পতন ঘটে দেশীয় রাজনীতির, সূত্রপাত হয় ব্রিটিশ উপনিবেশিক শাসনের।" (দ্র. সিরাজুল ইসলাম, *বাংলার ইতিহাস: উপনিবেশিক শাসন কাঠামো*, প্রথম প্রকাশ: ফেব্রুয়ারি ১৯৮৪, বাংলা একাডেমী, ঢাকা পৃ.৩৭
২. বিস্তারিত দ্রষ্টব্য, আহমদ কামাল 'স্বাধীনতার সময়ে পূর্ব বাংলা', সিরাজুল ইসলাম সম্পাদিত *বাংলাদেশের ইতিহাস ১৭০৪-১৯৭১* প্রথম খণ্ড, দ্বিতীয় প্রকাশ, বাংলা সংস্করণ, ফেব্রুয়ারি ২০০০, বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি, পৃ. ৩৩৯-৪২৬।
৩. উদ্ধৃতি, বদরুদ্দীন উমর, *পূর্ব বাঙলার ভাষা আন্দোলন ও তৎকালীন রাজনীতি*; প্রথম খণ্ড, প্রথম প্রকাশ: নভেম্বর ১৯৭০, পরিবেশক, মাওলা ব্রাদার্স, ঢাকা, পৃ. ১৭।
৪. দ্রষ্টব্য. মুস্তাফা নূর উল ইসলাম সম্পাদিত *অমর একুশের প্রবন্ধ* প্রথম প্রকাশ: ফেব্রুয়ারি ২০০২, বাংলা একাডেমী, ঢাকা, পৃ. যথাক্রমে- ১৩০, ১৯-২৮, ৯৪-১০৬ ও অন্যান্য।
৫. দ্রষ্টব্য, *ভাষা আন্দোলনের ইতিহাস: কয়েকটি দলিল*, প্রথম প্রকাশ: ফেব্রুয়ারি ১৯৮৩, বাংলা একাডেমী, ঢাকা, পৃ. ৩৫-৩৬।
৬. দ্রষ্টব্য, বশীর আলহুলাল, *ভাষা আন্দোলনের ইতিহাস*, প্রথম প্রকাশ: অক্টোবর ১৯৮৫, বাংলা একাডেমী, ঢাকা, পৃ. ১৮৪।
৭. দ্রষ্টব্য, *ভাষা আন্দোলনের ইতিহাস: কয়েকটি দলিল*, পূর্বোক্ত, পৃ. ৩৭-৩৮।
৮. দ্রষ্টব্য. ক. *ভাষা আন্দোলনের ইতিহাস: কয়েকটি দলিল*, পূর্বোক্ত, পৃ. ৪৪-৪৫, খ. বদরুদ্দীন উমর, *পূর্ব বাঙলার ভাষা আন্দোলন ও তৎকালীন রাজনীতি*, প্রথম খণ্ড পূর্বোক্ত, পৃ. ২২-২৩।
৯. দ্রষ্টব্য. ক. বদরুদ্দীন উমর, *পূর্ব বাঙলার ভাষা আন্দোলন ও তৎকালীন রাজনীতি*, প্রথম খণ্ড পূর্বোক্ত, পৃ. ২৪-২৫; খ. *ভাষা আন্দোলনের ইতিহাস: কয়েকটি দলিল*, পূর্বোক্ত, পৃ. ৩৯-৪০।
১০. দ্রষ্টব্য. ড. সিরাজুল ইসলাম, *বঙ্গীয় মুসলিম সংস্কৃতিতে উর্দু-বাংলা বিতর্ক একটি ঐতিহাসিক পর্যালোচনা, দৈনিক জনকণ্ঠ, ঈদুল ফিতর ও অমর একুশে বিশেষ সংখ্যা*, পৃ. ২০।
১১. বশীর আলহুলাল, *ভাষা আন্দোলনের ইতিহাস*, পূর্বোক্ত, পৃ. ২২২-২২৩।
১২. বদরুদ্দীন উমর, *পূর্ব বাঙলার ভাষা আন্দোলন ও তৎকালীন রাজনীতি*, পূর্বোক্ত, পৃ. ৫২।
১৩. বদরুদ্দীন উমর, পূর্বোক্ত, পৃ. ৯৪-৯৫।
১৪. বদরুদ্দীন উমর, পূর্বোক্ত, পৃ. ১০৬।
১৫. বশীর আলহুলাল, *ভাষা আন্দোলনের ইতিহাস*, পূর্বোক্ত, পৃ. ১৮৪।
১৬. বশীর আলহুলাল, পূর্বোক্ত, পৃ. ১৮৪।
১৭. দ্রষ্টব্য. ক. বদরুদ্দীন উমর, *সংস্কৃতির সংকট*, চতুর্থ প্রকাশ; ডিসেম্বর: ১৯৮৪, মুক্তধারা ঢাকা, পৃ. ৬৩-৬৪; খ. ওয়াকিল আহমদ, *উনিশ শতকে বাঙালী মুসলমানের চিন্তা-চেতনার ধারা*, দ্বিতীয় খণ্ড, প্রথম প্রকাশ; ডিসেম্বর: ১৯৮৩, বাংলা একাডেমী, ঢাকা. পৃ. ১৩৮-১৩৯; গ. সফিউদ্দিন আহমদ, *সাময়িক পত্রে ভাষা সাহিত্য ও শিক্ষা চিন্তা* প্রথম প্রকাশ:

ফেব্রুয়ারি ১৯৯৯, বাংলা একাডেমী, ঢাকা. পৃ. উৎস ভূমি; তেরঃ, ঘ. এম. এ. রহিম, *বাংলার মুসলমানের ইতিহাস* ১৯৫৭-১৯৪৭, পঞ্চম মুদ্রণ; মার্চ ২০০২ আহমদ পাবলিশিং হাউস ঢাকা. পৃ. ১২৭।

১৮. দ্রষ্টব্য. ওয়াকিল আহমদ, *উনিশ শতকে বাঙালী মুসলমানের চিন্তা-চেতনার ধারা*, প্রথম খণ্ড, প্রথম প্রকাশ: এপ্রিল ১৯৮৩, বাংলা একাডেমী, ঢাকা, পৃ. ১০৬।

১৯. দ্রষ্টব্য. ওয়াকিল আহমদ, *উনিশ শতকে বাঙালি মুসলমানের চিন্তা-চেতনার ধারা*, দ্বিতীয় খণ্ড, প্রথম প্রকাশ: ডিসেম্বর ১৯৮৩, বাংলা একাডেমী, ঢাকা, পৃ. ২৪২।

২০. মূলত এ কারণেই রাজানুকূল্য সন্তোষ শাহ মুহম্মদ সগীর ও মুজাম্মিলকে প্রদান করতে হয় নিম্নোক্ত কৌশলগত ভাষ্য-

- ক. “চতুর্থে কহিমু কিছু পোখার কখন।
- পাপ ভয় এড়ি লাজ দৃঢ় করিমন।।
- নানা কাব্য কথা রসে মযে নরগণ।
- যারে যেই শ্রদায় সন্তোষ করে মন।।
- ন লেখে কিতাব কথা মনে ভয় পাএ।
- দোষিব সকল তাক ইহ ন জুয়া এ।।
- গুনিয়া দেখিলুঁ আক্ষি ইহ ভয় মিছা।
- ন হয় ভাষায় কিছু হয় কথা সাচা।।
- গুনিয়াছি মহাজনে কহিতে কখন।
- রতন ভাণ্ডর মধ্যে বচন সে ধন।।
- বচন রতন মণি যতনে পুরিয়া।
- প্রেম রসে ধর্মবাণী কহিমু ভারিয়া।।”

[শাহ মুহম্মদ সগীর, *ইউসুফ জোলেখ*, উদ্ধৃতি, মুহম্মদ এনামুল হক, *মুসলিম বাংলা-সাহিত্য*, দ্বিতীয় প্রকাশ নভেম্বর ১৯৯৮, মাওলা ব্রাদার্স, ঢাকা, পৃ. ৪৬।]

- খ. “আরবী ভাষায় লোকেঁ ন বুঝে কারণ।
- সভানে বুঝিতে কৈলুঁপয়ার রচন।।
- যে বলে বলৌক লোকেঁ করিলুঁ লিখন।
- ভালে ভাল মন্দে মন্দ ন যা এ খণ্ডন।।
- রচি লোক মোজাম্মিলে পঞ্চগলি সুছন্দ।
- দেশী ভাষে রচিলুং মাঝে মূদুমন্দ।।”

[মুজাম্মিল, *নীতিশাস্ত্রবার্তা*, উদ্ধৃতি: মুহম্মদ এনামুল হক, পূর্বোক্ত, পৃ. ৫১।]

২১. এই ভয়াবহতার কিছু বিবরণ নিম্নরূপঃ

- ক. “কর্মদোষে বঙ্গত বাঙ্গালী উৎপন।
- ন বুঝে বাঙ্গালী সবে আরবী বচন।।
- .....
- .....
- যে সবে আপনা বোলন পারে বুঝিতে।
- পাঞ্চগলি রচিলং করি আছএ দোষিতে।।
- মোনাফেক বলে মোরে কিতাবেত পড়ি।
- কিতাবের কথা দিলুম হিন্দুয়ানী করি।।
- মোহোর মনের ভাব জানে করতারে।
- যথেক মনের কথা কহিমু কাহারে।।”

[সৈয়দ সুলতান, *শব-ই-মিরাজ*, উদ্ধৃতি: মুহম্মদ এনামুল হক, পূর্বোক্ত পৃ. ১০৭-১০৮।]

- খ. “হিন্দুস্থানে লোক সবে ন বুঝে কিতাব।
- ন বুঝি ন শুনি নিত্য করে মহাপাপ।।
- তে কাজে সংক্ষেপ করি পঞ্চগলী রচিলুং।
- ভাল মন্দ পাপ পুণ্য কিছু না জানিলুং।।

- .....
- .....
- অবশ্য মোহোরে সবে দিবে আশীর্বাদ ।
- মহাজন আশীর্বাদ খণ্ডিব প্রমাদ । ।
- বিশেষ পীরের আজ্ঞা ন যায় লঙ্ঘন ।
- রচিলুং পঞ্চালিকা তাহার কারণ ।”

[মুহম্মদ খান, মকতুল হসেন, উদ্ধৃতি: মুহম্মদ এনামুল হক, পূর্বোক্ত । পৃ. ১২৫-১২৬ ।]

- গ. “আরবীতে সকলে ন বুঝে ভাল মন্দ ।
- তে কারণে দেশী ভাষে রচিল প্রবন্ধ । ।
- মুছলমানী শাস্ত্র কথা বাঙ্গালা করিলু ।
- বহুপাপ হৈল মোর নিশ্চয় জানিলু । ।
- কিন্তু মাত্র ভরসা আছেয়ে মনান্তরে ।
- বুঝিয়ে মুমীন দোয়া করিব আমারে । ।
- মুমীনের আশীর্বাদে পূণ্য হইবেক ।
- অবশ্য গফুর আল্লা পাপ খেঁমিবে । ।”

[মুতালিব, কিফায়িতুল-ল-মুসল্লীন, উদ্ধৃতি: মুহম্মদ এনামুল হক, পূর্বোক্ত, ১৩০-১৩১ ।]

২২. উদ্ধৃতি, মুহম্মদ এনামুল হক, পূর্বোক্ত, পৃ. ১৩৫ ।

২৩. দ্রষ্টব্য. এম.এ. রহিম, *বাংলার মুসলমানদের ইতিহাস*, পঞ্চম মুদ্রণ, মার্চ ২০০২, আহমদ পাবলিশিং হাউস, ঢাকা, পৃ. ৯-১২ ।

২৪. দ্রষ্টব্য. সিরাজুল ইসলাম, ‘রাজনৈতিক ইতিহাসের প্রেক্ষাপট,’ সিরাজুল ইসলাম সম্পাদিত, *বাংলাদেশের ইতিহাস ১৭০৪-১৯৭১* প্রথম খণ্ড, দ্বিতীয় প্রকাশ, বাংলা সংস্করণ, ফেব্রুয়ারি ২০০০, বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি, ঢাকা, পৃ. ৮ ও ১৬-১৭ ।

২৫. বিস্তারিত দ্রষ্টব্য, ক. আহমদ কবীর ও আবুল হাসনাত সম্পাদিত, *আহমদ শরীফ রচনাবলী-১*, প্রথম প্রকাশ; ফেব্রুয়ারি ২০০০ আগামী প্রকাশনী পৃ. ৫৫-৭০, ও ৩৮৪-৩৮৫; খ. মুহম্মদ আবদুল হাই ও সৈয়দ আলী আহসান, *বাংলা সাহিত্যের ইতিবৃত্ত*, ষষ্ঠ সংস্করণঃ মাঘ ১৩৮৯, আহমদ পাবলিশিং হাউস, ঢাকা, পৃ. ২৩-৩৩; গ. আনিসুজ্জামান, মুসলিম মানস ও বাংলা সাহিত্য, প্রথম প্রতিভাস সংস্করণঃ জানুয়ারী ১৯৯৯, প্রতিভাস, কলকাতা, পৃ. ১০১-১৪৬ ।

২৬. দীনেশচন্দ্র সেন, *বঙ্গভাষা ও সাহিত্য* পর্ষদ কর্তৃক দ্বিতীয় মুদ্রণঃ ডিসেম্বর ১৯৯১, পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্ষদ । পৃ. ৭৩৭-৮৬৭; উদ্ধৃতি, আনিসুজ্জামান, মুসলিম মানস ও বাংলা সাহিত্য, প্রথম প্রতিভাস সংস্করণঃ জানুয়ারী ১৯৯৯, প্রতিভাস, কলকাতা, পৃ. ১০২ ।

২৭. পূর্বোক্ত, পৃ. ১০৩ ।

২৮. দ্রষ্টব্য. আহমদ শরীফ, ‘দোভাষী পুথির ভাষা’ ও ‘পুথি সাহিত্যের ইতিকথা,’ আহমদ কবীর ও আবুল হাসনাত সম্পাদিত *আহমদ শরীফ রচনাবলী-১* প্রথম প্রকাশঃ ফেব্রুয়ারি ২০০০, আগামী প্রকাশনী, ঢাকা, পৃ. ৫৯-৬৮ ।

২৯. Thomas Roebuck (edited),—‘The Annals of the college of Fort William,’ Hindoostans Press, Calcutta, ১৮১৯, চ. ৪৭-৪৮ (Appendix)—এ উল্লেখিত এই মুনশী-মৌলবিরাহলেন, ১. করম হোসেন, ২. আবদুর রহিম, ৩. জান আলী, ৪. শেখ আহমদ, ৫. বাহাদুর আলী, ৬. হোসেন আলী, ৭. তেগ আলী, ৮. হিসাম উদ্দীন, ৯. মির্জা নূর আলী, ১০. মওলা বকস, ১১. আব্বাস আলী, ১২. কোরবান আলী, ১৩. নাদির আলী, ১৪. মির্জা হাসান আলী, ১৫. সৈয়দ কাজেম আলী, ১৬. ফরহাত আলী, ১৭. মহম্মদ আলী, ১৮. কলব আলী, ১৯. মীর বকসিস আলী ২০. মহম্মদ ওয়াজিদ, ২১. মর্তুজা খান, ২২. ইউসুফ আলী, ২৩. আবদুস সামাদ, ২৪. নজরুল্লাহ ২৫. ওয়াজিবউদ্দীন, ২৬. মহম্মদ ওয়াসি, ২৭. বাবউল্লাহ, ২৮. দলিল উদ্দীন, ২৯. মাহফুজ আলী, ৩০. মীর তসাদক হোসেন, ৩১. বাহাদুর আলী, ৩২. মীর মনসুর আলী ও ৩৩. মীর সৈয়দ আলী । দ্র. ওয়াকিল আহমদ, পূর্বোক্ত ১ম খণ্ড, পৃ. ৩৪-৩৫ ।

৩০. A.F Salahuddin Ahmed, ‘Social Ideas and Social changes in Bengal (1818-1885) Calcutta (2nd Edition) 1976, P.24–G উল্লেখিত এসব সদস্য হলেন—

১. স্কুল বুক সোসাইটির সদস্য: ১. মৌলবি আমানুল্লা, কোম্পানির উকিল, সদর দেওয়ানি, ২. মৌলবি করম হোসেন, ফারসি ও আরবি পণ্ডিত, ৩. মৌলবি আবদুল ওয়াহিদ, সোসাইটির সম্পাদক, ৪. মৌলবি আবদুল হামিদ;

২. ক্যালকাতা স্কুল সোসাইটির সদস্য: ১. মীর্জা কাসিম আলী খান, সরকারী সেক্রেটারি আফিসের ফার্সি মুনশী, ২. বেলয়েত হোসেন, মুফতি, কলকাতা হাইকোর্ট, ৩. দরবেশ আলী, বেনারসের রাজার উকিল, ৪. নুরুল্লাহী, রামপুরের নবাবের উকিল। [দ্র. ওয়াকিল আহমদ, পূর্বোক্ত ১ম খণ্ড। পৃ. ৩৫]
৩১. দ্রষ্টব্য. ওয়াকিল আহমদ, *উনিশ শতকে বাঙালী মুসলমানের চিন্তা-চেতনার ধারা*, প্রথম খণ্ড, প্রথম প্রকাশ: এপ্রিল ১৯৮৩, বাংলা একাডেমী, ঢাকা, পৃ. ৩৪; এবং দ্বিতীয় খণ্ড, প্রথম প্রকাশ: ডিসেম্বর ১৯৮৩, বাংলা একাডেমী, ঢাকা, পৃ. ১৩৪-১৩৫। এবং আহমদ রফিক, *ভাষা আন্দোলন: ইতিহাস ও উত্তর প্রভাব*, প্রথম প্রকাশ: বইমেলা ২০০২, সময় প্রকাশন, ঢাকা, পৃ. ২৬।
৩২. দ্রষ্টব্য- ক. বদরুদ্দীন উমর, *সংস্কৃতির সংকট*, চতুর্থ প্রকাশ: ডিসেম্বর ১৯৮৪, মুক্তধারা, ঢাকা, পৃ. ৬৩; খ. মোজাফফর আহমদ, 'উর্দুভাষা ও বঙ্গীয় মুসলমান,' রশীদ আল ফারুকী সম্পাদিত *বাঙালী মুসলমানের ভাষা ও সাহিত্য চিন্তা*, প্রথম প্রকাশ: নভেম্বর ১৯৯১, বাংলা একাডেমী, ঢাকা, পৃ. ১৯-২০; গ. ওয়াকিল আহমদ, *উনিশ শতকে বাঙালী মুসলমানের চিন্তা-চেতনার ধারা*, দ্বিতীয় খণ্ড, প্রথম প্রকাশ: ডিসেম্বর ১৯৮৩, বাংলা একাডেমী, ঢাকা, পৃ. ১৪০-১৪১। এবং প্রথম খণ্ড, প্রথম প্রকাশ: এপ্রিল ১৯৮৩, বাংলা একাডেমী, ঢাকা, পৃ. ২৪৯।
৩৩. আবদুল লতিফের এই সাক্ষ্য প্রদানের পর ১৮৮৩ খ্রিষ্টাব্দে প্রতিষ্ঠিত *ঢাকা মুসলমান সুহৃদ সম্মিলনী*-র নারী শিক্ষা বিস্তার প্রকল্পের পরীক্ষায় ঢাকা, বরিশাল, নোয়াখালী, ময়মনসিংহ, কলকাতা প্রভৃতি স্থান থেকে অংশগ্রহণকারীদের অধিক সংখ্যক পরীক্ষার্থী উর্দুকে বাদ দিয়ে পরীক্ষা দেয় মাতৃভাষা বাংলায় [দ্র. ওয়াকিল আহমদ, *উনিশ শতকে বাঙালী মুসলমানের চিন্তা-চেতনার ধারা*, প্রথম খণ্ড, প্রথম প্রকাশ: এপ্রিল ১৯৮৩, বাংলা একাডেমী, ঢাকা, পৃ. ১৭৭]; ১৮৮৮ খ্রিষ্টাব্দে শেখ আবদুস সোবহান তার *হিন্দু-মোসলমান* (ভিক্টোরিয়া প্রেস, কলকাতা, পৃ. ৯৭) গ্রন্থে লেখেন, "আপনারা (জমিদারগণ) কেহ কেহ কখনও কখনও বলিয়া থাকেন 'আমরা আসল বিলাতি আশরাফ দুর্ভাগ্যবশতঃ আমাদের বংশ হিন্দুস্থানে আসিয়াছে, আমরা কি বাঙ্গালা শিক্ষা করিতে পারি; বাঙ্গালা কি আলী মান্দান মোসলমানের জন্য? বাঙ্গালার উপরই আপনাদের সমস্ত বিষয়কার্য, পত্র, পত্রোত্তর নির্ভর করিতেছে- কেবল তাহাতে আপনার নামের পরিসর গুটিচারি 'তোগরা' অক্ষর দ্বারা স্বীয় শিয়রে কুঠারাত্য করিতেছেন তাতেও আবার বাঙ্গালার প্রতি ঘৃণা?" [দ্র. ওয়াকিল আহমদ পূর্বোক্ত, দ্বিতীয় খণ্ড, প্রথম প্রকাশ: ডিসেম্বর ১৯৮৩, বাংলা একাডেমী, ঢাকা, পৃ. ১৪২] ও ১৮৮৯ খ্রিষ্টাব্দে *সুধাকর*-এর অনুষ্ঠানপত্রে সুস্পষ্ট সজোরে উল্লেখ করা হয়, "বাংলাদেশের ভাষা বাঙ্গালা, আমরা বঙ্গীয় মুসলমান।" [দ্র. ওয়াকিল আহমদ, পূর্বোক্ত, পৃ. ২৭১।]
৩৪. উদ্ধৃতি, ওয়াকিল আহমদ, *উনিশ শতকে বাঙালী মুসলমানের চিন্তা-চেতনার ধারা*, দ্বিতীয় খণ্ড, প্রথম প্রকাশ: ডিসেম্বর ১৯৮৩, বাংলা একাডেমী, ঢাকা পৃ. ১৪৩।
৩৫. দ্রষ্টব্য. সিরাজুল ইসলাম, 'বঙ্গীয় মুসলিম সংস্কৃতিতে উর্দু-বাংলা বিতর্ক একটি ঐতিহাসিক পর্যালোচনা,' *দৈনিক জনকণ্ঠ*, ঈদুল ফিতর ও অমর একুশে বিশেষ সংখ্যা' ৯৬, পৃ. ২০।
৩৬. উদ্ধৃতি, পূর্বোক্ত।
৩৭. উদ্ধৃতি, রশীদ আল-ফারুকী সম্পাদিত, *বাঙালী মুসলমানের ভাষা ও সাহিত্য চিন্তা*, প্রথম প্রকাশ: নভেম্বর ১৯৯১, বাংলা একাডেমী ঢাকা, পৃ. ২।
৩৮. উদ্ধৃতি, পূর্বোক্ত।
৩৯. উদ্ধৃতি. ওয়াকিল আহমদ, *উনিশ শতকে বাঙালী মুসলমানের চিন্তা-চেতনার ধারা*, প্রথম খণ্ড, প্রথম প্রকাশ: এপ্রিল ১৯৮৩, বাংলা একাডেমী, ঢাকা, পৃ. ২০৮।
৪০. উদ্ধৃতি, পূর্বোক্ত।
৪১. দ্রষ্টব্য, এম.এ. রহিম, *বাংলার মুসলমানদের ইতিহাস* (১৭৫৭-১৯৪৭), পঞ্চম মুদ্রণ: মার্চ ২০০২, আহমদ পাবলিশিং হাউস, ঢাকা, পৃ. ৪১-৪২।
৪২. দ্রষ্টব্য. ক. সিরাজুল ইসলাম, 'বঙ্গীয় মুসলিম সংস্কৃতিতে উর্দু-বাংলা বিতর্ক একটি ঐতিহাসিক পর্যালোচনা,' পূর্বোক্ত; খ. আবদুস সোবহান, 'আরবি ফার্সি উর্দু সাহিত্য,' সিরাজুল ইসলাম সম্পাদিত *বাংলাদেশের ইতিহাস ১৭০৪-১৯৭১*; দ্বিতীয় প্রকাশ, বাংলা সংস্করণ ফেব্রুয়ারি ২০০০, পৃ. ৪২০।
৪৩. দ্রষ্টব্য. রফিকুল ইসলাম, *একুশের সংকলন ১৯৮১: স্মৃতিচারণ*, বাংলা একাডেমী সম্পাদিত, প্রথম প্রকাশ: ফেব্রুয়ারি, ১৯৮১, বাংলা একাডেমী, ঢাকা, পৃ. ১৭।
৪৪. দ্রষ্টব্য, *ভাষা আন্দোলনের ইতিহাস: কয়েকটি দলিল*, প্রথম প্রকাশ: ফেব্রুয়ারি ১৯৮৩, বাংলা একাডেমী, ঢাকা, পৃ. ৩৯।
৪৫. দ্রষ্টব্য. ডা. সাইদ হায়দার, *একুশের সংকলন ১৯৮১: স্মৃতিচারণ*, বাংলা একাডেমী সম্পাদিত, প্রথম প্রকাশ: ফেব্রুয়ারি ১৯৮১, বাংলা একাডেমী, ঢাকা, পৃ. ৪২-৪৩।

৪৬. দ্রষ্টব্য. সিরাজুল ইসলাম, 'বঙ্গীয় সংস্কৃতিতে উর্দু-বাংলা বিতর্ক একটি ঐতিহাসিক পর্যালোচনা,' পূর্বোক্ত।
৪৭. দ্রষ্টব্য. এম.এ.রহিম, *বাংলার মুসলমানদের ইতিহাস* (১৭৫৭-১৯৪৭), পঞ্চম মুদ্রণঃ মার্চ ২০০২, আহমদ পাবলিশিং হাউস, ঢাকা, পৃ. ১৫৯।
৪৮. দ্রষ্টব্য. মুহাম্মদ ইনাম-উল-হক, *ভারতের মুসলমান ও স্বাধীনতা আন্দোলন* (১৭০৭-১৯৪৭), প্রথম প্রকাশঃ মার্চ ১৯৯৩, বাংলা একাডেমী, ঢাকা, পৃ. ৭৫-৭৭.
৪৯. দ্রষ্টব্য. শৈলেশ কুমার বন্দ্যোপাধ্যায়, *জিন্না: পাকিস্তান নতুন ভাবনা*, দ্বিতীয় পরিমার্জিত ও পরিবর্ধিত সংস্করণ, আষাঢ় ১৩৯৬, মিত্র ও ঘোষ পাবলিশার্স প্রাঃ লিঃ, কলকাতা, পৃ. ১৬৬।
৫০. দ্রষ্টব্য. অমলেন্দু দে, *পাকিস্তান প্রস্তাব ও ফজলুল হক*, প্রথম প্রকাশঃ মে ১৯৭২, রত্না প্রকাশন, কলিকাতা, পৃ. ১২।
৫১. উদ্ধৃতি. অমলেন্দু দে, পূর্বোক্ত।
৫২. দ্রষ্টব্য. ক. আবদুল করিম (সাহিত্য বিশারদ), 'বঙ্গীয় মুসলমান সাহিত্য সম্মেলন অভ্যর্থনা সমিতির সভাপতির অভিভাষণ,' *বঙ্গীয় মুসলমান সাহিত্য* পত্রিকা, ১ম বর্ষ, চতুর্থ সংখ্যা, মাঘ ১৩২৫, পৃ. ২৯১; 'বাঙ্গালা ভাষা ও সাহিত্য বনাম বঙ্গীয় মুসলমান' *আল-এসলাম*, ৪র্থ বর্ষ, ৬ষ্ঠ সংখ্যা, আশ্বিন ১৩২৫- সফিউদ্দিন আহমদ, *সাময়িকপত্রে ভাষা সাহিত্য ও শিক্ষাচিন্তা*, প্রথম প্রকাশঃ ফেব্রুয়ারি ১৯৯১, বাংলা একাডেমী, ঢাকা, পৃ. ৯৩; খ. মুহম্মদ শহীদুল্লাহ, 'দ্বিতীয় বঙ্গীয় মুসলমান সাহিত্য সম্মিলনের সভাপতির অভিভাষণ,' *বঙ্গীয় মুসলমান সাহিত্য পত্রিকা*, ১ম বর্ষ, ১ম সংখ্যা, বৈশাখ ১৩২৫, পৃ. ৪-১৩; গ. মোজাফফর, আহমদ, 'উর্দুভাষা ও বঙ্গীয় মুসলমান,' *আল-এসলাম*, ৩য় বর্ষ, ৪র্থ সংখ্যা, শ্রাবণ ১৩২৪- রশীদ আল-ফারুকী সম্পাদিত *বাঙালী মুসলমানের ভাষা ও সাহিত্য চিন্তা*, পূর্বোক্ত, পৃ. ১৯-২৪।
৫৩. মোহাম্মদ এয়াকুব আলী চৌধুরী, 'বাঙ্গালী মুসলমানের ভাষা ও সাহিত্য,' *রশীদ, আল ফারুকী সম্পাদিত বাঙালি মুসলমানের ভাষা ও সাহিত্য চিন্তা*, পূর্বোক্ত, পৃ. ১৩।
৫৪. দ্রষ্টব্য. ক. মনিরুজ্জামান ইসলামাবাদী, 'বঙ্গীয় মোসলমান ও উর্দু সমস্যা,' *আল-এসলাম*, আশ্বিন ১৩২৪- রশীদ আল-ফারুকী, *বাঙালী মুসলমানের ভাষা ও সাহিত্য চিন্তা*, পূর্বোক্ত, পৃ. ২৫-৩০; খ. বশারত আলী, 'উর্দু সমস্যা,' *আল-এসলাম*, ৪র্থ বর্ষ ৮ম সংখ্যা অগ্রহায়ণ ১৩২৫ সফিউদ্দিন আহমদ, *সাময়িকপত্রে ভাষা, সাহিত্য ও শিক্ষাচিন্তা*, পূর্বোক্ত, পৃ. ৭৯-৮০; গ. মোহাম্মদ আকরাম খাঁ, 'তৃতীয় বঙ্গীয় মুসলমান সাহিত্য সম্মিলন সভাপতির অভিভাষণ,' *বঙ্গীয় মুসলমান সাহিত্য পত্রিকা*, ১ম বর্ষ ৪র্থ সংখ্যা, মাঘ ১৩২৫, পৃ. ৩১৬। ঘ. মোহাম্মদ ওয়াজেদ আলী, 'বাঙলা ভাষা ও মুসলমান সাহিত্য,' *বঙ্গীয় মুসলমান সাহিত্য পত্রিকা*, ১ম বর্ষ, ৪র্থ সংখ্যা, মাঘ ১৩২৫, পৃ. ৩৬২।
৫৫. সিরাজুল ইসলাম, 'বঙ্গীয় মুসলিম সংস্কৃতিতে উর্দু-বাংলা বিতর্ক একটি ঐতিহাসিক পর্যালোচনা,' *দৈনিক জনকণ্ঠ*, ঈদুল ফিতর ও অমর একুশে বিশেষ সংখ্যা' ৯৬, পৃ. ২০।
৫৬. ১৯৩৬ খ্রিষ্টাব্দে কেন্দ্রীয় পার্লামেন্টারী বোর্ড কর্তৃক প্রণীত মুসলিম লীগের চৌদ্দ দফা নির্বাচনী অঙ্গীকারের (কর্মসূচি) এগার নম্বর অঙ্গীকারটি ছিল এরকম- 'উর্দুভাষা ও তাঁর লিপিকে সংরক্ষণ দান ও তাঁর প্রসার।' [দ্রষ্টব্য. শৈলেশ কুমার বন্দ্যোপাধ্যায়, *জিন্না: পাকিস্তান নতুন ভাবনা* পূর্বোক্ত, পৃ. ৯৬।]
৫৭. ১৯৩৫ খ্রিষ্টাব্দে প্রবর্তিত ভারত শাসন আইনের আওতায় অনুষ্ঠিত ১৯৩৭ খ্রিষ্টাব্দের নির্বাচনী ফলাফল স্বাভাবিকভাবেই মুসলিম লীগের জন্যে সৃষ্টি করে এক বিব্রতকর পরিস্থিতি। এই নির্বাচনের মধ্য দিয়ে কংগ্রেস যেখানে 'এগারটি প্রদেশের সাতটিতে এককভাবে সরকার গঠন করে, মুসলিম লীগ সেখানে- তাও কংগ্রেসের কোয়ালিশন সরকারে' যোগদানের অসম্মতির কারণে- কৃষক প্রজা পার্টির সাথে বাংলায় একটি কোয়ালিশন সরকারে যোগদানের সুযোগ লাভে সমর্থ হয়। এই ঘটনার পরপরই মুসলিম স্বার্থ সংরক্ষণ অভিপ্রায়ে ভারতে রাষ্ট্র গঠন সম্পর্কে মুসলিম লীগে নেতৃত্বের চিন্তাধারায় ঘটে যায় আমূল পরিবর্তন। ১৯৪০ খ্রিষ্টাব্দের ২৪ মার্চ লাহোরে অনুষ্ঠিত লীগের অধিবেশনে ভবিষ্যৎ- ভারতে রাষ্ট্র গঠন সম্পর্কিত গৃহীত প্রস্তাবে বলা হয়- "১. এই সভা দৃঢ়তার সঙ্গে উল্লেখ করে যে, ভারত সরকারের ১৯৩৫ খ্রিষ্টাব্দের যুক্তরাষ্ট্রীয় পরিকল্পনা দেশের পক্ষে একেবারেই অনুপযোগী এবং তা মুসলিম ভারতের পক্ষে গ্রহণযোগ্য নয়। ২. এই প্রস্তাবে বলা হয় সারা ভারত মুসলিম লীগের মতে কোন শাসনতান্ত্রিক পরিকল্পনা এইদেশে কার্যকরী হবেনা, যদি না তা নিম্নোক্ত মৌলিক নীতি মেনে নেয়, যথা, ভৌগলিক দিক থেকে সন্নিহিত ইউনিটগুলি নিয়ে এবং তাঁর জন্য প্রয়োজনবোধে আঞ্চলিক রদবদল করে ভারতকে এমন কয়েকটি অঞ্চলে ভাগ করতে হবে যাতে ভারতের উত্তর-পশ্চিম এবং পূর্বাঞ্চল, যেখানে মুসলমানরা সংখ্যাগরিষ্ঠ- সেখানে একাধিক স্বাধীন রাষ্ট্র গড়ে উঠবে এবং সেই সকল রাষ্ট্রের অন্তর্ভুক্ত ইউনিটগুলি হবে স্বশাসিত ও সার্বভৌম।" [দ্রষ্টব্য. অমলেন্দু দে, *পাকিস্তান প্রস্তাব ও ফজলুল হক*, পূর্বোক্ত পৃ. ৪৯-৫০।]
৫৮. উল্লেখ্য যে এ সময়ে বাংলার প্রধানমন্ত্রী পদে অধিষ্ঠিত হন অবাঙালি উর্দুভাষী মুসলিম লীগ নেতা খাজা নাজিমুদ্দীন।

৫৯. উদ্ধৃতি. মোস্তফা কামাল, *ভাষা আন্দোলন: সাতচল্লিশ থেকে বায়ান্ন*, প্রথম প্রকাশঃ ফেব্রুয়ারি ১৯৮৭, বাংলাদেশ কো-অপারেটিভ বুক সোসাইটি লিঃ ঢাকা, পৃ. ৭-৮।
৬০. সরদার ফজলুল করিম (সম্পাদিত), *পাকিস্তান আন্দোলন ও মুসলিম সাহিত্য*, প্রথম প্রকাশ: মার্চ ১৯৬৮, বাংলা একাডেমী: বর্ধমান হাটসং ঢাকা, পৃ. ১০৩-১০৪।
৬১. দ্বষ্টব্য. সরদার ফজলুল করিম (সম্পাদিত), *পাকিস্তান আন্দোলন ও মুসলিম সাহিত্য*, পূর্বোক্ত পৃ. ১০৩-১৬০।
৬২. এর কিছু নমুনা এ রকম-
- ক. “দুনিয়াতে আজ যুলমাৎ ভরী, নাইকো ইনসাফ, নাই ইমান  
□ কে শোনাবে প্রেমের বাণী, করবে কে মুশকিল আসান।”  
(গোলাম মোস্তফা, ১ নং গান, *তারানা-ই-পাকিস্তান*, ১৯৪৮)
- খ. “নয়া যামানার আলাদিন তুমি মায়াবী মূর্তিমান  
□ নূরের চেরাগে হিন্দুস্তানে আনিলে পাকিস্তান”  
(গোলাম মোস্তফা, ৭ নং গান, *তারানা-ই-পাকিস্তান*, ১৯৪৮)
- গ. “কেটেছে রঙিন মখমল দিন, নতুন সফর আজ,  
□ শুনেছি আবার নোনা দরিয়ার ডাক,  
□ ভাসে জোরওয়ার মউজের শিরে সফেদ চাঁদির তাজ,  
□ পাহাড় বুলন্দ চেটে বয়ে আনে নোনা দরিয়ার ডাক;  
□ নতুন পানিতে সফর এবার, হে মাঝি সিন্দাবাদ।”  
(ফররুখ আহমদ, ‘সিন্দাবাদ,’ *সাত সাগরের মাঝি*, ১৯৪৪)
- ঘ. “গুমরাহী দল মরুভূর মাঝে ফিরিছিলো পথ ভুলে;  
□ হাজিরার খোঁজ পেয়েছে এবার আবি জমজম কুলে।  
(মুফাখ্খারুল ইসলাম, ‘কাপিলার পাসবন’, *মাসিক মোহাম্মদী*, মাঘ, ১৩৫০)
- ঙ. “ছোটো মুজাহিদ আপসে-তাজীর দুর্মদ আসোয়ার।  
□ দরাজ-লিহান ফেটে বের হোক গাজীর হুঙ্কারঃ”  
(মুফাখ্খারুল ইসলাম, ‘আপসে তাজীর দুর্মদ আসোয়ার’, *মাসিক মোহাম্মদী*, জ্যৈষ্ঠ, ১৩৫১)
- চ. “নয়া জামানার তা’জুল মূলক  
□ ফিরছে আবার বকাউলী ফুল নিয়ে  
□ জয়ী ফপিতাঁর অঙ্ক নয়নে  
□ জওয়ানী দৃষ্টি ফিরেছে তাহারি নর্যাস ফোটা দিয়ে।”  
(মুফাখ্খারুল ইসলাম, ‘নয়া জামানার তা’জুল মূলক’, *মাসিক মোহাম্মদী*, বৈশাখ, ১৩৫১)
- ছ. “নওজ মানার মুকুটিবিহীন হে মহান শাহানশাহ  
□ হাবিবে খোদার উম্মৎ তুমি মোমেন খয়ের খাঁ।”  
(রওশন ইজদানী, ‘কায়েদে আজম’, *মাসিক মোহাম্মদী*, কার্তিক, ১৩৫১)
- উদ্ধৃতি. নিতাই দাস, *পাকিস্তান আন্দোলন ও বাংলা কবিতা*, প্রথম প্রকাশঃ জুন ১৯৯৩, বাংলা একাডেমী, ঢাকা, পৃ. যথাক্রমে, -৮০; ৭৬; ১৪৬; ১৮৬; ১৮৭; ১৯৩; ১৩০; ১৭২।
- জ. “ইসলাম হেথা মুক্তি লভিবে, মুসলিম ফিরে পাবে ঈমান।  
□ হেথা বুনিয়ে হবো গৌফের  
□ অতীতের শান শওকতের-  
□ হাকিছে নকীব, জাগে হিন্দের লাখো মুসলিম নওজোয়ান।  
□ খোশ আমদেদ। দুনিয়ার বৃকে ইসলামাবাদ পাকিস্তান।”  
(তালিম হোসেন, ‘পাকিস্তান’ *দিশারী* ১৯৫৬)
- ব। “জরির জোব, শেরোয়ানী আর আমামার সজ্জায়  
□ আতরের পানি, মেশকের রেণু খোসরু বিলায়ে যায়-  
□ নেকাব খুলেছে নতুন কুমার- রাত্রি হয়েছে ভোর-

- ইয়াকুতি আর জুমর রাতের লেবাস পরিয়া সুলতানা আছে তখতের পরে বাসি-
- জোহরা সেতারা নেমেছে মাটিতে আসমান হতে খসি।”
- (সৈয়দ আলী আহসান, ‘বেদনাবিহীন স্বপ্নের দিন’, *মাহে-নও* ১৩৫৬)
- [উদ্ধৃতি: হুমায়ূন আজাদ, *ভাষা-আন্দোলনেরঃ সাহিত্যিক পটভূমি* ৫ম খণ্ড, পৃ. ১৬, আতিউর রহমান সম্পাদিত, *ভাষা আন্দোলনের আর্থ-সামাজিক পটভূমি*, দ্বিতীয় সংস্করণ (একখণ্ড) ২০০০, ইউনিভার্সিটি প্রেস লিমিটেড, ঢাকা।]
৬৩. এ প্রসঙ্গে স্মরণ করা যেতে পারে আজীজ আহমদের একটি ভাষ্য-“মুসলমানী বাঙ্গালা” পুনরায় উর্দুর সঙ্গে একটা মূলগত সান্নিধ্যের দিকে এগিয়ে যাচ্ছে।”*দ্রষ্টব্য* ‘আজীজ আহমদ, ‘পাকিস্তানের প্রদেশসমূহে উর্দুর বিকাশ’, শেখ মোহাম্মদ ইকরাম সম্পাদিত *পাকিস্তানের সাংস্কৃতিক উত্তরাধিকার*, দ্বিতীয় সংস্করণঃ ১৯৬৬, পাকিস্তান পাবলিকেশানস, ঢাকা, পৃ. ২২৫।
৬৪. আনিসুজ্জামান, সামাজিক পটভূমি; ভাষা আন্দোলনের প্রাসঙ্গিক কথা’ *দৈনিক প্রথম আলো*, অমর একুশের পঞ্চাশ বছর,- বিশেষ সংখ্যা ২১ ফেব্রুয়ারি ২০০২, ঢাকা।
৬৫. পূর্বোক্ত।
৬৬. এ প্রসঙ্গে এখানে আরও উল্লেখ্য যে, “১৯৩৬ খ্রিষ্টাব্দে সর্ব ভারত মুসলিম লীগের লক্ষ্মৌ অধিবেশনে উর্দুকে ভারতে মুসলমানদের ভাষা হিসেবে স্বীকৃতির জন্যে একটি প্রস্তাব পেশ করা হয়। বঙ্গ প্রদেশের প্রতিনিধিরা এতে জোর আপত্তি তোলেন। জিন্নাহর প্রত্যক্ষ হস্তক্ষেপে অবশেষে প্রস্তাবটি পরিবর্তিত আকারে গ্রহণ করা হয়। প্রস্তাবে বলা হয়, ‘যেখানে উর্দু একটি অঞ্চলের ভাষা সেখানে উর্দুর নির্বাধ উন্নয়ন ও ব্যবহার বহাল থাকবে এবং যেখানে তা প্রধান ভাষা নয়, সেখানে ঐচ্ছিক ভাষা হিসেবে উর্দু শিক্ষাদানের জন্যে যথেষ্ট ব্যবস্থা গ্রহণ করতে হবে।” (দ্র. মুহাম্মদ হাবিবুর রহমান, ‘ভাষা প্রশ্নে রবীন্দ্রনাথ, গান্ধী ও জিন্নাহ’, *প্রথম আলো* অমর একুশ সংখ্যা ২০ ফেব্রুয়ারি ২০০০ পৃ. ১৭-১৮।)
৬৭. উদ্ধৃতিঃ বদরুদ্দীন উমর, *পূর্ব বাঙলার ভাষা আন্দোলন ও তৎকালীন রাজনীতি*, প্রথম খণ্ড, পূর্বোক্ত পৃ. ১০৯-১১০।
৬৮. *দ্রষ্টব্য*. ১১ নং পাদ টীকা।
৬৯. উদ্ধৃতিঃ বদরুদ্দীন উমর, পূর্বোক্ত, পৃ. ৫১।
৭০. *দ্রষ্টব্য*. আহমদ কবীর ও আবুল হাসনাত সম্পাদিত, *আহমদ শরীফ রচনাবলী*, প্রথম প্রকাশঃ ফেব্রুয়ারি ২০০০, আগামী প্রকাশনী, ঢাকা, পৃ. ৩৮৬।
৭১. *দ্রষ্টব্য*. আবদুল করিম, *ভারতীয় উপমহাদেশে মুসলিম শাসন*, দ্বিতীয় সংস্করণঃ দ্বিতীয় মুদ্রণঃ নভেম্বর ১৯৮৮, বাংলা একাডেমী ঢাকা, পৃ. ৩৬৮-৩৬৯।



## বঙ্গবন্ধু: মুক্তিকামী সংগ্রামী একসত্তা

মোহাম্মদ ছাইফুল আজিম<sup>১\*</sup>

### সারসংক্ষেপ

বাঙালি জাতিসত্তার রূপকার বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। মুক্তি, এবং সংগ্রাম, এ দু'টি শব্দই বঙ্গবন্ধুকে আমৃত্যু অনুপ্রাণিত করেছে, বাংলার দুঃখী মানুষের মুখে হাসি ফোটাতে এবং সোনার বাংলা গড়তে। অন্ন, বস্ত্র, বাসস্থান, শিক্ষা, স্বাস্থ্য এ সকল মৌলিক অধিকারগুলো পূরণ করে দারিদ্র্যমুক্ত বাংলাদেশ গড়ার প্রত্যয়ে তিনি ছিলেন সদাতৎপর। এর পাশাপাশি বাঙালির মানসিক ও মানবিক মুক্তির জন্যও তিনি নানাভাবে আন্দোলন সংগ্রাম করেছেন। এ সত্যকে উপলব্ধি করে আলোচ্য প্রবন্ধে বঙ্গবন্ধুর বর্ণাঢ্য জীবনের ঐতিহাসিক সংগ্রামের চিত্র এবং এ সংগ্রামের ফসল স্বাধীন সার্বভৌম বাংলাদেশের আত্মপ্রকাশের সূত্র আবিষ্কার ও ব্যক্তি মুজিবের বিচিত্র মানবিক গুণাবলির সুধা কীভাবে বাংলার গণমানুষের মুক্তির মহানায়কে পরিণত করেছে সেই জাদুকরি মানসশক্তির নেপথ্যের সত্য উদঘাটনের চেষ্টা থাকবে।

**মূলশব্দ:** অসাম্প্রদায়িকতা, দর্শন, বঙ্গবন্ধু, বৈষম্যহীন সমাজ, মানবমুক্তি, রাজনৈতিক

জাতির পিতা জীবনের সর্বাবস্থায় চেয়েছেন বাংলার মানুষের মুক্তি। বিশেষত অগ্রসর, শিক্ষিত, সংস্কৃতবান জাতি গঠনের মৌলিক শর্ত হচ্ছে মানবিক গুণ সম্পন্ন নেতৃত্ব। মানবিক গুণসম্পন্ন নেতৃত্বই জাতিকে মুক্ত করতে পারে নানাবিধ কুপমডুকতা থেকে। বঙ্গবন্ধু এমনি এক মানবিক গুণসম্পন্ন নেতৃত্ব যিনি কিনা সত্যঘটনাকে উপলব্ধি করেছেন বাস্তবতার নিরিখে। যাঁর নেতৃত্ব শুধু কথায় নয়, কাজেও প্রমাণিত। যা তিনি পালন করতেন তা তিনি লালনও করতেন। ছোট বয়স থেকে বঙ্গবন্ধু সমষ্টির চিন্তায় মগ্ন থাকতেন। বাংলার জনগণ ছিল তার অন্তঃপ্রাণ। এ জন্য অন্যের ব্যথায় তিনি ব্যথিত হতেন। দুঃখীমানুষের পাশে দাঁড়াতেন। অন্যায়ের প্রতিবাদ করতেন। বঙ্গবন্ধুর এমন গঠনমূলক কর্মকাণ্ড সম্পর্কে বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা লিখেছেন-

গ্রামের সহজ সরল মানুষের সঙ্গে অত্যন্ত সহজভাবে তিনি মিশতেন। ছোটবেলা থেকে অত্যন্ত হৃদয়বান ছিলেন। তখনকার দিনে ছেলেদের পড়াশুনার তেমন সুযোগ ছিল না। অনেকে বিভিন্ন বাড়িতে জায়গির থেকে পড়াশুনা করত। চার-পাঁচ মাইল পথ হেঁটে তাদের ফিরতে হতো। সকালে ভাত খেয়ে স্কুলে আসত। আর সারাদিন অল্প অল্প অবস্থায় অনেক দূর হেঁটে তাদের ফিরতে হতো। যেহেতু আমাদের বাড়িটা ছিল ব্যাংক পাড়ায়, আব্বা (বঙ্গবন্ধু) তাদেরকে নিয়ে আসতেন। স্কুল থেকে ফিরে দুধ-ভাত খাবার অভ্যাস ছিল এবং সকলকে তিনি খাবার খেতে দিতেন। দাদির কাছে শুনেছি, আব্বার জন্য মাসে কয়েকটি ছাতা কিনতে হতো। কারণ আর কিছু নয়, কোনো ছেলে গরিব, ছাতা কিনতে পারে না, দূরের পথ, রোদ বা বৃষ্টিতে কষ্ট হবে দেখে তাকে ছাতা দিতেন। এমনকি পড়ার বই ও মাসে মাসে দিয়ে আসতেন। (শেখ হাসিনা, 'শেখ মুজিব আমার পিতা', সাপ্তাহিক বিচিত্রা, ১৬ আগস্ট ১৯৯৬)

পারিবারিক গন্ডি পেরিয়ে সাধারণ মানুষের দুঃখ বেদনাকে হৃদয় দিয়ে অনুভব করতেন। গরীব ছাত্রদের জন্য মুষ্টিভিক্ষা করা, মশস্তরে বাবার গোলার ধান বিলিয়ে দেয়া মানুষের জন্য এই ছিল তাঁর নিত্যদিনের সাধনা।

<sup>১</sup> সহকারি অধ্যাপক, বাংলা বিভাগ, নোয়াখালী সরকারি কলেজ, নোয়াখালী

\* Corresponding author: msazim80@gmail.com

শেখ হাসিনার চোখে-

...আব্বার একজন স্কুল মাস্টার ছোট্ট একটা সংগঠন গড়ে তুলে বাড়ি বাড়ি ঘুরে ধান, টাকা, চাল যোগাড় করে গরিব মেধাবী ছেলেদের সাহায্য করতেন। অন্যতম সক্রিয় কর্মী হিসেবে তিনি তাঁর সঙ্গে কাজ করতেন এবং অন্যদের উৎসাহ দিতেন। যেখানেই কোনো অন্যায় দেখতেন সেখানেই তিনি প্রতিবাদ করতেন। (পূর্বোক্ত, সাপ্তাহিক বিচিত্রা, ১৬ আগস্ট ১৯৯৬)

অজর, অক্ষয়, অমর বঙ্গবন্ধু। সারাজীবন বাংলার মানুষের সাংস্কৃতিক মুক্তির জন্য সংগ্রাম করেছেন। কিশোর বয়স কেটেছে তার বাঙালি সংস্কৃতি চর্চায়। তাঁর এই দৈশিক ভাবনার প্রয়াস আজকের তথাকথিত 'কিশোর গ্যাংয়ের' জন্য একটি শিক্ষণীয় দৃষ্টান্ত। তিনি লিখেছেন-

... আমার কাছে তখন হিন্দু মুসলমান বলে জিনিস ছিলনা। হিন্দু ছেলেদের সাথে আমার খুব বন্ধুত্ব ছিল। একসাথে গান বাজনা, খেলাধুলা, বেড়ান-সবই চলত। (অসমাপ্ত আত্মজীবনী ২০১২:১১)

জীবনের সুখ-স্বস্তি, আরাম, আয়েশ, মোহ, ধনদৌলত, সবকিছু ত্যাগী এক মহান ব্যক্তিত্ব বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। ছাত্র জীবন থেকে তিনি শোভন আচরণে ঋদ্ধ। তাঁর ছাত্র রাজনীতির যাত্রা কলকাতার ইসলামিয়া কলেজ থেকে। নির্মোহভাবে ছাত্রদের কল্যাণে নেতৃত্ব দিয়েছেন। কর্মসূচি ছিল ছাত্র-ছাত্রীদের যুক্তিনিষ্ঠ দাবী-দাওয়া নিয়ে। লেখাপড়া ছিল সবকিছুর উর্ধ্ব। তার মুক্তচিন্তার প্রগতিশীল ভাবনার প্রেরণাদায়ী ছিলেন, তাঁর শ্রদ্ধেয় আব্বা লুৎফর রহমান। আজকের ছাত্রনেতৃত্বের জন্য এটি একটি বড় ম্যাসেজ। আদর্শ, নীতিনিষ্ঠা, জ্ঞানার্জন, দায়িত্বানুভূতি এবং সততা হচ্ছে ছাত্ররাজনীতির অন্তর্নিহিত গ্ল্যামার এবং ফ্লোর। বঙ্গবন্ধুর স্মৃতিচারণ-

... দিনরাত রিলিফের কাজ করে কূল পাইনা। আব্বা আমাকে এসময় একটা কথা বলেছিলেন, “বাবা রাজনীতি কর আপত্তি করব না, পাকিস্তানের জন্য সংগ্রাম করছ এতো সুখের কথা, তবে লেখাপড়া করতে ভুলিও না। লেখাপড়া না শিখলে মানুষ হতে পারবে না, আর একটা কথা মনে রাখ, 'Sincerity of purpose and honesty of purpose' থাকলে জীবনে পরাজিত হবানা।” একথা কোনোদিন আমি ভুলি নাই। (পূর্বোক্ত, ২০১২:২১)

অকৃতজ্ঞতা, অনুদারতা, নীচতা, কোটারি, গ্রুপিং করাকে বঙ্গবন্ধু ঘৃণা করতেন। পক্ষান্তরে মানুষের মনজয় করার চেষ্টা, বিশ্বাস, সাধুতা, নীতিদর্শন, কর্মশক্তি, দক্ষতা, উদারতাকে বেশি পছন্দ করতেন। অন্ধ কুসংস্কার ও অলৌকিক বিশ্বাসকে বাঙালির দুঃখ হিসেবে জ্ঞান করতেন। এ জন্য বাঙালি জাতি এবং বাঙালি মুসলমান এ দুটো সত্তা অর্থাৎ পরশ্রীকাতরা এবং বিশ্বাসঘাতকতা থেকে সর্বক ও সাবধান থাকার উদাত্ত আহবান জানিয়েছেন সমাজ সচেতন এই রাজনীতিক-

ভাই, ভাইয়ের উন্নতি দেখলে খুশি হয় না। এই জন্যই বাঙালি জাতির সকল রকম গুণ থাকা সত্ত্বেও জীবনভর অন্যের অত্যাচার সহ্য করতে হয়েছে। সুজলা, সুফলা বাংলাদেশ সম্পদে ভর্তি। এমন উর্বর জমি দুনিয়ার খুব অল্প দেশেই আছে। তবুও এরা গরিব। কারণ, যুগ যুগ ধরে এরা শোষিত হয়েছে নিজেদের দোষে। নিজেকে এরা চেনে না, আর যতদিন চিনবে না এবং বুঝবেনা ততদিন এদের মুক্তি আসবে না। (পূর্বোক্ত, ২০১২:৪৮)

জাতির জনকের এই পরিণামদর্শি চিন্তায় যেন আজকের সমাজের তথাকথিত কিছু সমাজ নেতৃত্বের প্রতিচ্ছবি ফুটে ওঠে। তাই সুশীল সমাজের সমর্থক প্রতিটি নাগরিকের উচিত ঐক্যবদ্ধভাবে জাতীয় স্বার্থে শতদা বিভক্ত না হয়ে দেশ গঠনে যে যার অবস্থান থেকে ভূমিকা রাখা। অসম্প্রদায়িক চিন্তা বঙ্গবন্ধু আজন্ম লালিত চারিত্রিক বৈশিষ্ট্য। পরধর্ম, পরমতসহিষ্ণুতা এ শ্রেষ্ঠ বাঙালির শ্রেষ্ঠ গুণাবলি। তিনি কমিউনাল

হারমণিতে বিশ্বাসী ছিলেন। ৭ মার্চের ভাষণে বঙ্গবন্ধুর এ বিশ্বাসের প্রতিফলন ঘটেছে। তিনি ঘোষণা দিয়েছেন-

“শোনে মনে রাখবেন, শত্রুবাহিনী ঢুকেছে, নিজেদের মধ্যে আত্মকলহ সৃষ্টি করবে, লুটতরাজ করবে। এই বাংলায় হিন্দু মুসলমান, বাঙালি, নন বাঙালি যারা আছে তারা আমাদের ভাই, তাদের রক্ষার দায়িত্ব আপনাদের উপরে, আমাদের যেন বদনাম না হয়।” (জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেমোরিয়াল ট্রাস্টের প্রকাশনা ‘জাতির জনক’ থেকে সংগৃহীত)

ক্ষমতার সকল উপাদান বঙ্গবন্ধু হাতের নাগালে ছিল। ইচ্ছা করলে তিনি প্রতিক্রিয়াশীল এবং ষড়যন্ত্রকারী দেশদ্রোহীদের সাথে হাত মিলিয়ে কাড়িকাড়ি সম্পদের মালিক হতে পারতেন। কিন্তু তিনি তা করেননি, তিনি চেয়েছেন মানুষের অধিকার, দুঃখি মানুষের মুখের হাসি, আর বাঙালার মানুষের মুক্তি। এজন্যই উচ্চকণ্ঠে ঘোষণা করেছেন রেসকোর্স ময়দানে-

আমি, আমি প্রধানমন্ত্রীত্ব চাই না। আমরা এদেশের মানুষের অধিকার চাই। ...গরীবের যাতে কষ্ট না হয়, যাতে আমার মানুষ কষ্ট না করে সেই জন্য সমস্ত অন্যান্য জিনিসগুলো আছে সেগুলোর হরতাল কাল থেকে চলবে না। ... রিক্সা, ঘোড়াগাড়ী চলবে, রেল চলবে, লঞ্চ চলবে। (পূর্বোক্ত-২০১২)

বঙ্গবন্ধুর আন্দোলনের ঘোষণা অনেক সংযত ও মানবিক। সাধারণ মানুষকে সাথে নিয়ে তিনি মুক্তির সংগ্রাম করেছেন। যে সংগ্রামে হরতাল ছিল কিন্তু হরতালের নামে জীবননাশী কিংবা দেশের সম্পদের ক্ষতিসাধিত হয় এমন কোন কার্যক্রম তার দীর্ঘ আন্দোলন সংগ্রামী জীবনে পরিলক্ষিত হয় না। কাজেই বঙ্গবন্ধুর আদর্শ সবসময়ে দেশের তরে দেশের তরে নিবেদিত ছিল এটা আমাদের রাজনীতিবিদদের ভুলে গেলে চলবে না। বঙ্গবন্ধু তার আন্দোলনের স্বরূপ সম্পর্কে অনুসারীদের দৃষ্টি আকর্ষণ করে বলেছেন-

আন্দোলন গাছের ফল নয়। আন্দোলন মুখ দিয়ে বললেই করা যায় না। আন্দোলনের জন্য আদর্শ থাকতে হয়। জনমত সৃষ্টি করতে হয়। আন্দোলনের জন্য নিঃস্বার্থ কর্মী থাকতে হয়। ত্যাগী মানুষ দরকার। আর সর্বোপরি জনগণের সংঘবদ্ধ ও ঐক্যবদ্ধ সমর্থন থাকা দরকার। (১৮ জানু. ১৯৭৪; আওয়ামীলীগের দ্বি-বার্ষিক কাউন্সিল অধিবেশন, ঢাকা)

এ কথা সূর্যের মতো একটা জ্বলন্ত সত্য যে, বঙ্গবন্ধুর স্বদেশপ্রেম, মানবপ্রেম, সহজ-সরল জীবনচারণ, দয়া-দাক্ষিণ্য, বিশ্বাস, সততা, মায়ামতা, করুণা তাকে হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি হিসেবে প্রতিষ্ঠিত করেছে। তার এ প্রতিষ্ঠার পেছনে একটি বড় সংগ্রামী চেতনা বিশেষ ভূমিকা রেখেছে। তাহলো মুজিবের বৈষম্যহীন সমাজ পড়ার প্রত্যয়। এ প্রসঙ্গে বঙ্গবন্ধুর বক্তব্য হল- বাংলাদেশে মানুষে মানুষে, ব্যক্তিতে ব্যক্তিতে বৈষম্য থাকবে না। সম্পদের বণ্টন ব্যবস্থায় সমতা আনতে হবে। (২৬ মার্চ, ১৯৭২; বেতার ও টেলিভিশনে জাতির উদ্দেশ্যে ভাষণ)

বাংলার দারিদ্র্যপীড়িত মানুষের কষ্ট মুজিবরকে ব্যাকুল করে তুলতো। তিনি স্থির থাকতে পারতেন না দুর্ভিক্ষপীড়িত মানুষের বঞ্চনায়। ১৯৪৩ সালের দুর্ভিক্ষ এদেশের মানুষের জীবন দুর্বিষহ করে তুলেছিল। এসময় তিনি লেখপড়া ছেড়ে শহীদ সাহেবের ডাকে সাড়া দিয়ে স্কুল-কলেজ, মাদরাসা, অফিস আদালতে লঙ্গরখানা খুললেন। রাতদিন পরিশ্রম করেছেন মানবসেবায় ব্রত নিয়ে। অসমাপ্ত আত্মজীবনীতে তিনি লিখেছেন-

কুকুর ও মানুষ একসাথে ডাস্টবিন থেকে কিছু খাবার কাড়াকাড়ি করছে। ...মা বাঁচাও, কিছু খেতে দাও, মরে তো গেলাম, আর পারি না। একটু ফেন দাও। আমরা কি করব? হোস্টেলে যা বাঁচে দুপুরে ও রাতে বুভুক্ষুদের বসিয়ে ভাগ করে দেই, কিন্তু কি হবে এতে? (২০১২:১৮)

নিজের জীবনকে অন্যের কাছে উদাহরণ হিসেবে তৈরী করা সহজ কথা নয়। বঙ্গবন্ধুর পক্ষে তা সহজ হয়েছে, কারণ তিনি বাংলার মানুষকে নিজের সন্তানের চেয়েও বেশি ভালোবাসতেন। তার অনুপম দৃষ্টান্ত ঢাকা বিশ্ববিদ্যালয়ে চতুর্থ শ্রেণির কর্মচারীদের ন্যায্য অধিকার আদায়ের সংগ্রামে বঙ্গবন্ধুর স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ এবং পরে ঢাবির ছাত্রত্ব বাতিল। এ প্রসঙ্গে বঙ্গবন্ধুর অসংকোচ প্রকাশ-

বিশ্ববিদ্যালয় অনির্দিষ্টকালের জন্য বন্ধ করা হল। ...সেই মুহূর্তেই সভা ডাকা হল এবং সভায় ঘোষণা করা হল, হল ত্যাগ করা হবে না। ...একটা কমিটি করা হয়েছিল, কর্মচারীদের জন্য একটা ফান্ড করা হবে। রাস্তায় রাস্তায় ঘুরে টাকা তুলে সাহায্য করা হবে। ... খবরের কাগজে দেখলাম, আমাদের সহ সাতাশজন ছাত্রকে বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কার করেছে। (অসমাপ্ত আত্মজীবনী ২০১২:১১৩, ১১৪)

জাতির জনক বঙ্গবন্ধুর কৃষকপ্রীতি ছিল অসাধারণ, যা ইতিহাসের অনুষ্ণ হয়ে আছে। আজীবন তিনি কৃষকবান্ধব কর্মসূচি দিয়ে মাঠে ময়দানে সংগ্রাম করেছেন। কৃষক সমাজের অর্থনৈতিক মুক্তির জন্য তিনি ঘোষণা করেছেন-

আমাদের চাষীরা হলো সবচেয়ে দুঃখী ও নির্যাতিত শ্রেণি এবং তাদের অবস্থার উন্নতির জন্য আমাদের উদ্যোগের বিরাট অংশ অবশ্যই তাদের পিছনে নিয়োজিত করতে হবে। (বঙ্গবন্ধু: জাতীয় সংসদ, ২৫ জানুয়ারি ১৯৭৫)

বঙ্গবন্ধুর শিশু স্নেহ ছিল তুলনায়হিত। তবে এ মানবিক চিন্তার বিশেষ প্রকাশ ঘটেছে ১৯৭৩ সালে পাবনার এক নির্বাচনী জনসভায়। এ প্রসঙ্গে 'বঙ্গবন্ধু শেখ মুজিব', গ্রন্থের লেখক ড. ময়হারুল ইসলামের অভিব্যক্তি হলো-

...হঠাৎ তিনি গর্জে উঠলেন। আমি বিস্মিত হলাম। সামিয়ানার কাছাকাছি স্বেচ্ছাসেবকরা কিছু সংখ্যক ছোট গ্রাম্য ছেলেকে বেশ জোরে ধাক্কা দিতে দিতে সরিয়ে নিয়ে যাচ্ছে এবং তাদের একজন মাটিতে মুখ থুবড়ে পড়ে গেছে। শেখ সাহেব আবার গর্জে উঠলেন তারপর যে ছেলেটি মাটিতে পড়ে গিয়েছিল তাকে তিনি বুকে জড়িয়ে ধরে বারবার আদর করতে লাগলেন। ...তাদের সবার মাথায় হাত বুলিয়ে দিলেন এবং স্বেচ্ছাসেবকদের সবাইকে বুঝিয়ে দিলেন বাচ্চাদের সাথে এ ধরনের আচরণ যেন আর কখনও না করা হয়। (বঙ্গবন্ধু শেখ মুজিব', বাংলা একাডেমি, ১৯৭৪:১০৭০)

বঙ্গবন্ধুর এই অনুপম শিশু প্রীতির বর্হিপ্রকাশ আজ বাংলাদেশের 'জাতীয় শিশু দিবস' উদযাপন। জাতির জনকের জন্মদিনটি (১৭ মার্চ) জাতি আজ বিনশ্র শ্রদ্ধার সাথে উদযাপন করছে।

বঙ্গবন্ধুর মহাকাব্যের নায়কোচিত চারিত্রিক বৈশিষ্ট্যের অন্যতম একটি দিক হচ্ছে দুর্নীতি বিরোধি কঠোর মনোভাব। সামান্যতম দুর্নীতির ছায়া দেখলেও তিনি বাঘের মতো গর্জে ওঠতেন। এ প্রসঙ্গে তাঁর সচেতন উপলব্ধির প্রকাশ-

'করাপশন আমার বাংলার কৃষকরা করে না। করাপশন আমার বাংলার মজদুর করে না। করাপশন করি আমরা শিক্ষিত সমাজ। যারা আজকে ওদের টাকা দিয়ে লেখাপড়া করছি; (বঙ্গবন্ধু: জাতীয় সংসদ, ২৫ জানুয়ারি ১৯৭৫)

আবার, অন্য জায়গায় বঙ্গবন্ধু দুর্নীতি দমন প্রসঙ্গে সম্মিলিত প্রয়াসের কথা বলেছেন। সাধারণ মানুষের চিন্তা-চিন্তনে দুর্নীতির সর্বোচ্চ রূপ তুলে ধরতে পরামর্শ দিয়ে বলেছেন-

'নেশন মাস্টবি ইউনাইটেড এগেইনেস্ট করাপশন। পাবলিক ওপিনিয়ন মবিলাইজ না করলে শুধু আইন দিয়ে করাপশন বন্ধ করা যাবে না। (২৬ মার্চ ১৯৭৫, বঙ্গভবন; বাকশালের কেন্দ্রীয় কমিটির প্রথম বৈঠক)

এভাবে জাতির জনক বাঙালি জাতির মনন-মানসের পরিবর্তনে আপ্রাণ চেষ্টা করেছেন। তাঁর এ প্রচেষ্টা উচ্চ মননের বাঙালি জাতি গঠনে বিশেষ উদ্দীপক হিসেবে কাজ করেছে। ফলে, বাঙালি তৈরী হলো, সচেতন

হলো, কিসে মঙ্গল আর কিসে অমঙ্গল। সে তাড়না থেকে সবাই বঙ্গবন্ধুর ডাকে সাড়া দিয়ে ভাষা আন্দোলন থেকে স্বাধীকার আন্দোলন পর্যন্ত শত নিযার্তন সহ্য করেও ঐক্যবদ্ধভাবে মুক্তি সংগ্রামে লিপ্ত হয়েছেন।

এক.

বাংলাদেশের স্বাধীনতার প্রত্যক্ষ সংগ্রামকাল মাত্র নয় মাসের হলেও পরোক্ষ আন্দোলনের কালসীমা ২৫ বছরের। বঙ্গবন্ধু এ দীর্ঘ ২৫ বছর ধাপে ধাপে নানা কৌশলে দক্ষতার সাথে মুক্তি ও স্বাধীনতা আন্দোলনে নেতৃত্ব দিয়েছেন। এ পর্যায়ে আমরা দেখবো ভাষা আন্দোলনে মুজিবের বিস্ময়কর সাফল্যগাঁথা। রাজপথ কাঁপানো আন্দোলন ও উষ্ণ মিছিলের উপাখ্যান। যাতে মা- মাটি, মাতৃভাষা, এ তিনটি পরম আরাধ্য বিষয় বিন্দু শব্দার সাথে ওঠে এসেছে। মুক্তিযুদ্ধের প্রথম সফলতা এসেছে ভাষা আন্দোলনে মুজিবরের বলিষ্ঠ নেতৃত্ব এবং সুদূর প্রসারী চিন্তার মাধ্যমে। বাংলাকে রাষ্ট্রভাষা হিসেবে প্রতিষ্ঠা করার ক্ষেত্রে ধর্মীয় সেন্টিমেন্ট একটি বড় সমস্যা হয়ে দাঁড়িয়েছিল। জিন্নাহ ঘোষণা করলেন, উর্দুই হবে পূর্ব পাকিস্তানে রাষ্ট্রভাষা বঙ্গবন্ধু এ অবিস্ম্য বক্তব্যের প্রতিবাদ করেছেন, সূক্ষচিন্তা ও বিচক্ষণতার মাধ্যমে। তিনি বলেছেন-

তিনি (জিন্নাহ) যখন উর্দুই রাষ্ট্রভাষা বলেছেন তখন উর্দুই হবে। আমি তার প্রতিবাদ করে বক্তৃতা করেছিলাম, আজও আমার এই একটা কথা মনে আছে। আমি বলেছিলাম, “কোন নেতা যদি অন্যায় কাজ করতে বলেন, তার প্রতিবাদ করা এবং তাকে বুঝিয়ে বলার অধিকার জনগণের আছে। যেমন হযরত ওমরকে (রাঃ) সাধারণ নাগরিকরা প্রশ্ন করেছিলেন, তিনি বড় জামা পরেছিলেন বলে। “বাংলাভাষা শতকরা ছাপ্পান্নজন লোকের মাতৃভাষা। পাকিস্তান গণতান্ত্রিক রাষ্ট্র, সংখ্যাগুরুদের দাবি মানতেই হবে। রাষ্ট্রভাষা বাংলা না হওয়া পর্যন্ত আমরা সংগ্রাম চালিয়ে যাব। তাতে যাই হোক না কেন, আমরা প্রস্তুত আছি।” (অসমাপ্ত আত্মজীবনী ২০১২:১০০)

বাঙালি জাতীয়তাবাদী চেতনার বিকাশ ঘটেছে ভাষা আন্দোলনকে কেন্দ্র করে। এ চেতনা একগুচ্ছ আকাজক্ষার ফসল। এর উদ্দেশ্য ছিল মুসলিম, হিন্দু, খ্রিস্টান, বৌদ্ধ ক্ষুদ্র জাতিসত্তার নির্যাতিত আদিবাসী সকলের সমান অর্থনৈতিক, সামাজিক এবং সাংস্কৃতিক অধিকার সুনিশ্চিত করা। একে ঐক্যদান করেছে ১৯৫২'র ভাষা আন্দোলন। প্রেক্ষাপট রচনা করেছেন চৌদ্দশো শতাব্দীর শ্রেষ্ঠ বাঙালি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। এ প্রসঙ্গে এম.আর. আখতার মুকুলের অনুসন্ধিৎসু মন্তব্য হল-

১৯৫২ সালের ভাষা আন্দোলনের পটভূমিতে পরবর্তী অধ্যায় রাজনৈতিক অধিকার আদায়ের আন্দোলন ছাড়াও বাঙালি সংস্কৃতির উন্মেষের আন্দোলন। প্রায় একই সময়ে গড়ে উঠলো স্বায়ত্তশাসন আর স্বাধিকারের আন্দোলন এবং চরম পর্যায়ে ছ'দফার আন্দোলন আর একাত্তরের মুক্তিযুদ্ধ। সবই একসূত্রে গাঁথা। সবর্ত্রই মূল নেতৃত্বে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বাঙালি জাতীয়তাবাদী শক্তি...। (আখতার মুকুল ২০১৪:১৪৭)

ভাষা আন্দোলনের দু'দফার আবর্তনে বঙ্গবন্ধুর অংশগ্রহণ ছিল সক্রিয় এবং ভয় লেশহীন। ১৯৪৮'র ১ম দফার আন্দোলনে ১১ মার্চ বঙ্গবন্ধুকে গ্রেফতার করা হয়।

ছয় দফায় ১৯৫২'র রক্তাক্ত ভাষা আন্দোলনে তিনি ছিলেন জেলে। তারপর থেকে আর তিনি নীরব থাকেননি। প্রগতিশীল ছাত্র প্রতিষ্ঠান ছাত্রলীগের সম্পাদক<sup>১</sup> নির্বাচিত হয়েই ঘোষণা করলেন স্বায়ত্তশাসনের- ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারির কথা কেউই ভুলে নাই। আমরা তাড়াতাড়ি শাসনতন্ত্র করতে জনমত সৃষ্টি করতে লাগলাম। পূর্ব বাংলার স্বায়ত্তশাসনের দাবি মেনে নেওয়া ছাড়া এবং বাংলাকে অন্যতম রাষ্ট্রভাষা না মেনে নিলে আমরা কোনো শাসনতন্ত্র মানবনা। (অসমাপ্ত আত্মজীবনী ২০১২:২৪৩)

ইতঃপূর্বে বঙ্গবন্ধুর মতো এমন দুঃসাহসিক ঘোষণা কোন নেতৃত্ব বা সংগঠন দিতে পারেননি। শুধু দেশের মাটিতে জীবন বাজি রেখে বাংলা ভাষার জন্য সংগ্রাম করেছেন বঙ্গবন্ধু এমন নয়, দেশের বাইরেও শান্তি সম্মেলনে পূর্ব পাকিস্তানের প্রতিনিধি হওয়া সত্ত্বেও উর্দু বা ইংরেজির পরিবর্তে বাংলায় বক্তৃতা করেন তিনি। এমন দুঃসাহসিক ভাষাপ্রীতি পৃথিবীর ইতিহাসে বিরল। তিনি বলছেন-

শান্তি সম্মেলন শুরু হল। তিনশত আটাত্তর জন সদস্য সাঁইত্রিশটা দেশ থেকে যোগদান করেছে।... বিভিন্ন দেশের নেতারা বক্তৃতা করতে শুরু করলেন। ...পূর্ব পাকিস্তান থেকে আতাউর রহমান খান ও আমি বক্তৃতা করলাম। আমি বাংলায় বক্তৃতা করলাম। ...কেন বাংলায় বক্তৃতা করব না? ... পূর্ব বাংলার ছাত্রেরা জীবন দিয়েছে মাতৃভাষার জন্য। বাংলা পাকিস্তানের সংখ্যাগুরু লোকের ভাষা। ...আমি ইংরেজিতে বক্তৃতা করতে পারি। তবু আমার মাতৃভাষায় বলা কর্তব্য। (পূর্বোক্ত ২০১২:২২৮)

তারই ধারাবাহিকতায় বঙ্গবন্ধুর আত্মজা জননেত্রী শেখ হাসিনার প্রাণান্তকর প্রচেষ্টায় আজ ২১শে ফেব্রুয়ারি শহিদ দিবস। আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে উদযাপিত হচ্ছে।

ইতিহাস সাক্ষ্য, ১৯৭১ সালে বঙ্গবন্ধু একটি পতাকার জন্য একটি স্বাধীন সার্বভৌম ভূখন্ডের জন্য কী পরিমাণ পেরেশান ছিলেন। এতদসত্ত্বেও ১৯৭১ সালের ২০ ফেব্রুয়ারি দিবাগত রাত ১২ টা ১ মিনিটে (২১ ফেব্রুয়ারি) অমর শহিদদের প্রতি শ্রদ্ধাঞ্জলি জানানালেন, তাদের রুহের মাগফিরাত কামনায় মোনাজাত করলেন। সংগ্রামী জনতার প্রেরণার উৎস বঙ্গবন্ধুর এমন কর্মকাণ্ডে জাতি অবাক বিস্মিত। এম. আর. মুকুল লিখছেন-

এই ঘটনা থেকেই প্রতিবছর ২০ ফেব্রুয়ারি দিবাগত রাত ১২টা ১ মিনিটে শহিদ মিনারের পাদদেশে এসে জাতীয় নেতৃবৃন্দের শ্রদ্ধাঞ্জলি জানানোর বিষয়টা রেওয়াজে পরিণত হয়েছে। (আখতার মুকুল ২০১৪:৮৩)

বিচক্ষণ রাজনীতিক বঙ্গবন্ধু এভাবে স্বপ্ন দেখা শুরু করলেন বাংলাদেশ নামক স্বাধীন ভূ-খন্ডের। নানা কৌশলে ভাষা আন্দোলনের দাবী চাপা করার চেষ্টা অব্যাহত রাখলেন। যার শ্রোতধারা প্রবহমান ছিল ১৯৭১'র সর্বাঙ্গিক মুক্তিযুদ্ধের বিজয় অর্জন পর্যন্ত।

## দুই.

ইসলাম ধর্মের শান্তির বার্তাকে পূঁজি করে ১৯৪৭ থেকে ১৯৭১ সাল পর্যন্ত অখন্ড পাকিস্তানের তৎকালীন ইয়াহিয়ার দোসরা এদেশের শান্তিপ্ৰিয় মুসলিম সমাজের উপর যে অমানবিক অবিচার অত্যাচার করেছিল, তার বিরুদ্ধে জীবনবাজি রেখে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ছিলেন সোচ্চার কণ্ঠস্বর। এদেশের ধর্মপ্রাণ মুসলিম মিল্লাতকে তারা ধোঁকা দিয়েছে। প্রতারণা করেছে সহজ-সরল খেটে খাওয়া বাঙালিদের সাথে। বঙ্গবন্ধু এ প্রতিক্রিয়াশীল দুই চক্রের মুখোশ উন্মোচিত করে দিয়েছেন শান্তিপূর্ণ আন্দোলন সংগ্রামের মাধ্যমে।

ইতিহাসের পাতা উল্টালে আমরা দেখতে পাই, বঙ্গবন্ধুর সেই সংগ্রামী সত্তার অপূর্ব নিদর্শন। ধর্মঘট, বিক্ষোভ, হরতাল, অবরোধ, মিছিল মিটিং, সম্মেলন, সমাবেশ, মানববন্ধন, ২১ দফা, ১১ দফা, ৬ দফা, কর্মসূচি, গোলটেবিল, বৈঠক, অসহযোগ আন্দোলন, অর্থাৎ জাতিকে রাহুমুক্ত করার জন্য হেন কোন পদক্ষেপ ছিলনা যা তিনি গ্রহণ করেননি। ঘড়ির পেডুলামের মতো তিনি অবিশ্রান্ত ছিলেন।

১৯৫৪ বাংলাদেশের তৎকালীন প্রাদেশিক পরিষদের নির্বাচন অনুষ্ঠিত হয়। নির্বাচনে একুশ দফার ভিত্তিতে যুক্তফ্রন্ট জয়লাভ করে এবং বঙ্গবন্ধু যুক্তফ্রন্টের হক মন্ত্রিসভায় তরুণতম মন্ত্রী হিসেবে যোগদান করেন। কিন্তু দলের পূর্ণগঠন কাজে আত্মনিয়োগ করার জন্য ১৯৫৭ সালের জুলাই স্বেচ্ছায় মন্ত্রীর পদ থেকে

পদত্যাগ করেন। ১৯৫৮ সালে জেনারেল আইয়ুব পাকিস্তানের সামরিক অভ্যুত্থান ঘটান এবং বিভিন্ন অভিযোগে বঙ্গবন্ধুকে গ্রেফতার করা হয়। চৌদ্দ মাস নিঃসঙ্গ কারাবাসের পর তিনি মুক্তি পান। ১৯৬২ সালের ফেব্রুয়ারিতে আবার গ্রেফতার হন। ১৯৬৩ সালে শহীদ সোহরাওয়ার্দীর মৃত্যুর পর বঙ্গবন্ধু আওয়ামী লীগ পুনরুজ্জীবিত করেন এবং বঙ্গবন্ধুর নেতৃত্বে আওয়ামী লীগ বাঙালির স্বাধিকার আদায়ে নিয়মতান্ত্রিক সংগ্রাম শুরু করে। ১৯৬৬ সালে পাকিস্তানের লাহোর শহরে অনুষ্ঠিত এক রাজনৈতিক সম্মেলনে বঙ্গবন্ধু তার ঐতিহাসিক ছ'দফা কর্মসূচি পেশ করেন। এ কর্মসূচিতে তিনি বাংলাদেশের পূর্ণ স্বায়ত্তশাসনের কথা বলেন। অল্প দিনেই বঙ্গবন্ধুর ছ'দফা কর্মসূচি বাংলাদেশে এত জনপ্রিয় হয়ে ওঠে যে, এ কর্মসূচি বাঙালির মুক্তিসনদ বা 'ম্যাগনাকাটা ফর বেঙ্গলিজ' এ আখ্যা লাভ করে। ১৯৬৬ সালের ৮ মে প্রতিরক্ষা আইনে বঙ্গবন্ধুকে পুনরায় গ্রেফতার করা হয় এবং ১৯৬৮'র ১৭ জুন তার বিরুদ্ধে ভারতের সহযোগে বাংলাদেশকে স্বাধীন করার চক্রান্তের অভিযোগ আনা হয়- এ অভিযোগ 'আগরতলা মামলা' নামে পরিচিত। ১৯৬৯ সালের গোড়ার দিকে বাংলাদেশে প্রবল গণঅভ্যুত্থানে বঙ্গবন্ধু মুক্তি লাভ করেন। ফলে ১৯৬৯ সালে ২৫ মার্চ আইয়ুব শাহী ক্ষমতা ছেড়ে দেন এবং ইয়াহিয়া সামরিক জাভা ক্ষমতায় এসে পাকিস্তানে গণতান্ত্রিক শাসন পুনঃপ্রতিষ্ঠার প্রতিশ্রুতি মোতাবেক ১৯৭০ সালের ডিসেম্বরে সাধারণ নির্বাচন অনুষ্ঠানের ব্যবস্থা করেন। নির্বাচনে বঙ্গবন্ধুর দল নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা অর্জন করে। শুরু হয় ক্ষমতা হস্তান্তর না করার চক্রান্ত। (গাফফার চৌধুরী 'বঙ্গবন্ধু, ও ১ ফেব্রুয়ারি ২০২০, ১৬, দৈনিক যুগান্তর, প্রতিষ্ঠা বার্ষিকী সংখ্যা)

তারপরের ইতিহাস বিশ্ববাসীর জানা, ১৯৭১'র উত্তাল মার্চ, জুনে ওঠে বাংলার নিরীহ নিরস্ত্র বাঙালি সর্বাত্মক মুক্তিযুদ্ধের জন্য। এভাবে বঙ্গবন্ধু ১৯৫৪-১৯৭১ সাল পর্যন্ত দুর্বীর গণআন্দোলন গড়ে তোলেন। বাঙ্গময় করে গড়ে তোলেন আন্দোলন সংগ্রামের সেতুবন্ধন জাতির জনক ১৩ বছর ৯ মাস জেল খেটেছেন<sup>২</sup>। দু'বার রাষ্ট্রদ্রোহিতার মামলায় ফাঁসির আসামি ছিলেন। কিন্তু আপোস করেননি ষড়যন্ত্রকারীদের সাথে। দাগ লাগতে দেননি আদর্শ ও নৈতিকতায়। এ প্রসঙ্গে এম. আর. আখতার মুকুল লিখেছেন-

১৯৪৭-৪৮ সাল থেকে শুরু করে অখন্ড পাকিস্তানে পূর্ববঙ্গের বাঙালি জনগোষ্ঠীর অধিকার আদায়ের লক্ষ্যে সমুদ্রের ঢেউ এর মতো একটার পর একটা রাজনৈতিক আন্দোলন সংগঠিত হয়েছে। এসময় রাজনৈতিক মঞ্চে একের পর এক আগমন হল মাওলানা আবদুল হামিদ খান ভাসানী, শেরে বাংলা এ.কে. ফজলুল হক, আর হোসেন সোহরাওয়ার্দীর মতো রাজনৈতিক ব্যক্তিত্বের। এঁরা সবাই অসম্পূর্ণ রয়ে গেলেন। অবশ্য ধর্মের নামে শাসক ও শোষক গোষ্ঠীর বীভৎস অত্যাচারের মোকাবেলায় টিকে রইলেন শুধুমাত্র এক অকুতোভয় নির্ভীক ব্যক্তিত্ব বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। (আখতার মুকুল ২০১৪:৯)

দীর্ঘ জেল জীবনের কারণে তার পারিবারিক জীবন নিশ্চিহ্ন হতে চলেছে। এ প্রসঙ্গে বঙ্গবন্ধুর আবেগঘন অথচ ভগ্নহৃদয়ের আর্তি-

একদিন সকালে আমি ও রেনু বিছানায় বসে গল্প করছিলাম। হাচু ও কামাল নিচে খেলছিল। হাচু মাঝে মাঝে খেলা ফেলে আমার কাছে আসে আর 'আব্বা, আব্বা' বলে ডাকে। কামাল চেয়ে থাকে। একসময় জামাল হাচিনাকে বলছে, 'হাচু আপা, হাচু আপা, তোমার আব্বাকে আমি একটু আব্বা বলি। ...ওকে কোলে নিয়ে বললাম, "আমি তোমারও আব্বা"। ...নিজের ছেলেও অনেক দিন না দেখলে ভুলে যায়। ...রাজনৈতিক কারণে একজনকে বিনা বিচারে বন্দি করে রাখা আর তার আত্মীয়স্বজন ছেলেমেয়েদের কাছ থেকে দূরে রাখা যে কত বড় জঘন্য কাজ তা কে বুঝবে? মানুষ স্বার্থের জন্য অন্ধ হয়ে যায়। (অসমাণ্ড আত্মজীবনী ২০১২:২০৯)

## তিন

১৯৭০ এর নির্বাচনে আওয়ামী লীগ সংখ্যাগরিষ্ঠতা অর্জন করে। কথা ছিল ৩ মার্চ ১৯৭১ নবনির্বাচিত জাতীয় পরিষদের বৈঠক হবে। কিন্তু জেনারেল ইয়াহিয়া এক ফরমান বলে এ বৈঠক স্থগিত করেন। উল্লেখ্য, এই নির্বাচনের প্রাক্কালেই বঙ্গবন্ধু প্রথম ‘বাংলাদেশ’ শব্দটি উচ্চারণ করেন। (জাতির জনক, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেমোরিয়াল ট্রাস্ট, তৃতীয় প্রকাশ, মার্চ ২০১০:২২৬)। ১ মার্চ ইয়াহিয়া অগণতান্ত্রিকভাবে স্বৈরতান্ত্রিক চিন্তা-চেতনায় জাতীয় পরিষদের বৈঠক স্থগিত করেন। প্রতিবাদে সারাদেশে স্বতঃস্ফূর্তভাবে ৩ মার্চ হরতাল পালিত হয়। সূচিত হয় অসহযোগ আন্দোলনের ভিত্তি।

এরই ধারাবাহিকতায় ৭ মার্চ ১৯৭১, রমনার রেসকোর্স ময়দানে স্বাধীনতাকামী লক্ষ লক্ষ মানুষের উদ্দেশ্যে বঙ্গবন্ধু ৭ মার্চের ঐতিহাসিক ভাষণ প্রদান করেন। যা শ্রেষ্ঠ বাঙালির শ্রেষ্ঠ ভাষণ। এ ভাষণে বঙ্গবন্ধু সর্বাঙ্গিক মুক্তিযুদ্ধের দিক নির্দেশনা মূলক যুগান্তকারী বক্তব্য রাখেন। এ ভাষণকে মুক্তিযুদ্ধের মেনিফেস্টো বলা চলে। ভরাট কণ্ঠে ভবিষ্যৎ মুক্তি সংগ্রামের যৌক্তিকতা জ্বালাময়ী ভাষায় জাতির জনক তুলে ধরেন। তিনি ঘোষণা করলেন, ‘এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম, এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম, জয় বাংলা। তার এই ঘোষণার সাথে সাথে নিরস্ত্র বাঙালি দেহ মনকে মুক্তিযুদ্ধের বড় অস্ত্র হিসেবে গ্রহণ করে মুক্তিযুদ্ধের সশস্ত্র সংগ্রামের প্রস্তুতি নিতে শুরু করেন।

অসাধারণ বাকশিল্পী বঙ্গবন্ধু বুঝতে পারলেন, এটাই সর্বোত্তম সুযোগ অত্যাচারি শাসক গোষ্ঠির আসল রূপ বাংলার মানুষের সামনে তুলে ধরার। তিনি দরাজ কণ্ঠে ঘোষণা করলেন- আজ দুঃখ ভারাক্রান্ত মন নিয়ে আপনাদের সামনে হাজির হয়েছি। আপনারা সবই জানেন এবং বোঝেন। ...আমার ভাইয়ের রক্তে রাজপথ রঞ্জিত হয়েছে। আজ বাংলার মানুষ মুক্তি চায়, বাংলার মানুষ বাঁচতে চায়, বাংলার মানুষ তার অধিকার চায়। ...কিন্তু দুঃখের বিষয়, আজ দুঃখের সঙ্গে বলতে হয় ২৩ বৎসরের করুণ ইতিহাস, বাংলার অত্যাচারের, বাংলার মানুষের রক্তের ইতিহাস। ২৩ বৎসরের ইতিহাস, মুমূর্ষু নর-নারীর আর্তনাদের ইতিহাস, বাংলার ইতিহাস, এদেশের মানুষের রক্ত দিয়ে রাজপথ রঞ্জিত করার ইতিহাস। (জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেমোরিয়াল ট্রাস্টের প্রকাশনা ‘জাতির জনক’ থেকে সংগৃহীত)

উনিশ মিনিটের এই অলিখিত ভাষণ বাংলার মুক্তিকামী মানুষের জন্য এক অদ্রাস্ত পথ নির্দেশ। সত্যিকার অর্থে বাংলাদেশের পত্তন হয়- ৭ মার্চ। “বঙ্গবন্ধু ৩৫৩ টি নির্দেশনার মাধ্যমে বাংলাদেশ রাষ্ট্রের উদ্ভবের ভিত্তি তৈরী করে দেন এবং মুক্তিযুদ্ধের পূর্বেই স্বতন্ত্র রাষ্ট্রের রাষ্ট্রীয় নীতিমালার নির্দেশ দেন।” (মুনতাসির মামুন, সেই ৭ মার্চ, বেতার বাংলা সংকলন, ২০০০:১৪২)। সেই দিনের জনসমুদ্রে রাজনীতির এ কবি (নিউজ উইক ম্যাগাজিনের ভাষায় Poet of Poetics) একটি দীপ্ত কণ্ঠে ঘোষণা করলেন, ‘মনে রাখবা, রক্ত যখন দিয়েছি, রক্ত আরো দেবো। এই দেশের মানুষকে মুক্ত করে ছাড়বো- ইনশাআল্লাহ। (বঙ্গবন্ধু: রেসকোর্স ময়দান, ৭ মার্চ ১৯৭১)।

৭ মার্চের উত্তাল রেসকোর্স ময়দান। বঙ্গবন্ধুর অবিস্মরণীয় বক্তৃকণ্ঠের অমোঘ দৈববাণীর উচ্চারণ, আর দাবায়ে রাখবার পারবানা’। জাতিকে শৃঙ্খলাঙ্গার আহবান জানিয়ে তিনি বললেন, ...ঘরে ঘরে দুর্গ গড়ে তোল। যার যা কিছু আছে তাই নিয়ে শত্রুর মোকাবেলা করতে হবে।” কী তেজোদীপ্ত উচ্চারণ! মনে হয় যেন, বঙ্গবন্ধু স্বরচিত কবিতা আবৃত্তি করছেন। এদেশের মানুষের মুকুটহীন এ সশ্রাটের ভাষণ আমাদের স্মরণ করিয়ে দিচ্ছেন-” নেতাজী সুভাষ বসুর- আহবানের কথা, ‘গিভ মি ব্লাড, আই উইল গিভ ইউ ফ্রীডম!’।

বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণ পৃথিবীর অন্যতম শ্রেষ্ঠ সর্বজনীন রাজনৈতিক ভাষণ। এর আবেদন ছিল সর্বব্যাপী। ঘোষণায় ছিল সচেতন প্রয়াস। ছিল সাহস, প্রত্যয়, প্রজ্ঞা দূরদৃষ্টি। তিনি এ ভাষণে গেরিলা যুদ্ধের আহ্বান জানালেও প্রমিত বাংলায় তিনি মুক্তি ও স্বাধীনতার কথা বললেন। সেই দিন সেই অগ্নিগর্ভ পরিস্থিতিতে বঙ্গবন্ধুর শব্দচয়নে একটু ভুল হলে, বর্বর পাক সেনাবাহিনী রেসকোর্স ময়দানে রক্তগঙ্গা বয়ে দিতে পারতেন। ফলে মুক্তিপাগল বাঙালি হতাশায় নিমজ্জিত হতো। এজন্য যুগোপযোগিতার বিবেচনায় ও আবেদনের গভীরতায় বঙ্গবন্ধুর ভাষণকে আব্রাহাম লিঙ্কনের বিখ্যাত গেটিসবার্গ ভাষণের সঙ্গে তুল্যমূল্যের বিচারে গ্রহণীয়। তাঁর সর্বক নির্দেশ-

তোমাদের যা কিছু আছে তাই নিয়ে শত্রুর মোকাবেলা করতে হবে, এবং জীবনের তরে রাস্তা-ঘাট যা যা আছে সবকিছু আমি যদি হুকুম দেবার নাও পারি, তোমরা বন্ধ করে দেবে, আমরা ভাতে মারবো, আমরা পানিতে মারবো। ...সাত কোটি মানুষকে দাবায়ে রাখতে পারবানা। আমরা যখন মরতে শিখেছি তখন কেউ আমাদের দমাতে পারবেনা। (বঙ্গবন্ধু: রেসকোর্স ময়দান, ৭ মার্চ ১৯৭১)

বঙ্গবন্ধুর যত সংগ্রাম, যত আন্দোলন সবই এদেশের গণমানুষের কল্যাণ ও সমৃদ্ধিতে নিবেদিত। তার চাওয়া পাওয়া ছিল বাংলার বঞ্চিত মানুষের অধিকার প্রতিষ্ঠার তরে। তিনি সেই দিন পরিষ্কার অক্ষরে ঘোষণা করেছেন-

“আমি, আমি প্রধানমন্ত্রীত্ব চাইনা, আমরা এদেশের মানুষের অধিকার চাই। ...কিন্তু যদি এদেশের মানুষকে খতম করার চেষ্টা করা হয়- বাঙালীরা বুঝে শুনে কাজ করবেন। প্রত্যেক গ্রামে, প্রত্যেক মহল্লায় আওয়ামী লীগের নেতৃত্বে সংগ্রাম পরিষদ গড়ে তোলো এবং তোমাদের যা কিছু আছে, তাই নিয়ে প্রস্তুত থাকো”। (বঙ্গবন্ধু: রেসকোর্স ময়দান, ৭ মার্চ ১৯৭১)

এভাবে সম্পূর্ণ ভাষণ আবর্তিত হয়েছে বাঙালির স্বাধিকার আন্দোলনের প্রেরণাদায়ী শক্তি হিসেবে। গদ্যছন্দে এই অনন্য সাধারণ কবিত্ব মিশ্রিত ভাষণে বঙ্গবন্ধু বাংলার মানুষের মুক্তিগান পরিবেশন করেছেন অসামান্য সাহসিকতার সাথে। পুরো ভাষণ পল্লবিত হয়েছে শান্তিপূর্ণভাবে সংগ্রাম চালিয়ে যাওয়ার স্থির প্রতিজ্ঞায়। যে প্রতিজ্ঞার বলদায়ক অমর শ্লোগান জয় বাংলা। শ্লাঘার বিষয় হলো, বঙ্গবন্ধুর এ ঐতিহাসিক ৭ মার্চের ভাষণ এখন জাতিসংঘ স্বীকৃত ‘বিশ্ব প্রামাণ্য ঐতিহ্য’।

## চার

ভাষা আন্দোলন, মুক্তিযুদ্ধ আর স্বাধীনতার প্রেরণা ছিল জাতীয় চেতনাবোধ। আর এ চেতনাবোধের অগ্রপথিক, বাংলার মানুষের ভালোবাসার প্রতীক জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। যার সম্মোহনী ডাকে, পতঙ্গের আলোকচ্ছটার মতো এদেশের মানুষ ধর্ম, বর্ণ, নির্বিশেষে দীর্ঘ ৯ মাস সশস্ত্র মুক্তিযুদ্ধে অবতীর্ণ হয়ে একসাগর রক্তের বিনিময়ে অর্জন করেছে, লাল সবুজের পতাকা। বঙ্গবন্ধু এদেশের স্বপ্নদ্রষ্টা। ক্ষুধা-দারিদ্র্যমুক্ত সোনার বাংলা গড়ার প্রত্যয়ে সর্বস্ব দিয়ে আজীবন সংগ্রাম করেছেন এ মহান ব্যক্তিত্ব। যিনি রঙে বর্ণে, ভাষায় এবং জাতি বিচারে প্রকৃতই একজন খাঁটি বাঙালি। এ জন্যই তিনি দ্বিধাহীন চিন্তে ঘোষণা দিতে পেরেছেন-

বাংলার মানুষের ভালোবাসার প্রতিদানে আমার দেবার কিছু নাই। একমাত্র প্রাণ দিতে পারি, মার ৭ দেবার জন্য সবসময় প্রস্তুত আছি। (বঙ্গবন্ধু: সংবর্ধনা সভা, মৌলভীবাজার, ৯ ফেব্রুয়ারি ১৯৭১)

নিয়তির নির্মম পরিহাস, বঙ্গবন্ধুর জীবনে এই এতৎধর্মরপ সত্যটাই বাস্তবে ঘটে গেল। যে বাঙালির শিরা উপশিরায় রক্তে প্রবাহে মুজিবের জয় ধ্বনি অনুরণিত হত। সেই বাঙালিই বিশ্বাসঘাতক হয়ে মুজিব হত্যারকের তিলকফোটার চিহ্নধারণ করে জাতিকে কলঙ্কিত করল। এ বিষয়ে বঙ্গবন্ধু নিজস্ব একটা

পর্যবেক্ষণ তাঁকে সমাজ মনস্ক তথা সূক্ষচিন্তন প্রয়াসী জ্যোতিষে পরিণত করেছে। তার ভাবনার জগৎ অনেক বিস্তৃত এবং বাস্তবানুগ তিনি যখন বলেন-

আমাদের বাঙালির মধ্যে দুইটা দিক আছে। একটা হল ‘আমরা মুসলমান, আর একটা হল, আমরা বাঙালি’। পরশ্রীকাতরতা এবং বিশ্বাসঘাতকতা আমাদের রক্তের মধ্যে রয়েছে। ...ঈর্ষা, দ্বেষ সকল ভাষায়ই পাবেন, সকল জাতির মধ্যেই কিছু কিছু আছে, কিন্তু বাঙালিদের মধ্যে আছে পরশ্রীকাতরতা, ভাই, ভাইয়ের উন্নতি দেখলে খুশি হয় না (অসমাপ্ত আত্মজীবনী ২০১২:৪৭-৪৮)

২৫ মার্চ বঙ্গবন্ধু বাংলাদেশের স্বাধীনতার ঘোষণা দিলেন। ২৬ মার্চ রাত ৯ টায় ইয়াহিয়া খান রেডিওতে ঘোষণা করেন- “মুজিব ইজ এ ট্রেইটর টু দ্যা নেশন, দিস্ টাইম হি উইল নট গো আনপানিসড্”। বাস্তবে ও তাই ঘটে। ১৯৭১ সালের মার্চ থেকে ১৯৭২ সালের জানুয়ারি- এ দীর্ঘ দশমাস বঙ্গবন্ধু ছিলেন পাকিস্তানের কারাগারে ফাঁসির আসামী হয়ে। এর মাঝে চলেছে বাঙালি নিধনের মহোৎসব। শুরু হলো সর্বাত্মক মুক্তিযুদ্ধ। ১৭ এপ্রিল মুজিবনগর সরকার গঠিত হয় বঙ্গবন্ধুকে রাষ্ট্রপতি করে। তার প্রেরণায় সঞ্জীবিত জাতি সশস্ত্র মুক্তিযুদ্ধে বাঁপিয়ে পড়ে এবং ডিসেম্বরের মধ্যভাগে সারা বাংলাদেশ হানাদার মুক্ত হয়। ১৯৭২ সালের ১০ জানুয়ারি পাকিস্তান কারাগার থেকে মুক্ত হয়ে দেশে ফিরে রাষ্ট্রপতির পদে ইস্তফা দিয়ে স্বাধীন বাংলাদেশের প্রধানমন্ত্রীর দায়িত্ব গ্রহণ করেন।

এবার শুরু হল নতুন স্বপ্নের জালবুনা। যুদ্ধবিধস্ত দেশ পূর্ণগঠনে পরিকল্পনা। সংবিধান প্রণীত হল। মূলনীতিও নির্ধারিত হল। জং ধরা অর্থনীতির চাকা সচল করতে গ্রহণ করলেন পঞ্চবার্ষিক পরিকল্পনা। তবে সবকিছুর উর্ধ্বে ছিল, বাংলার মৃত্তিকা সংলগ্ন মানুষের আশা-আকাঙ্ক্ষা সুখ-দুঃখের বিষয়। তিনি সংগ্রাম করেছেন দেশের সাধারণ মানুষকে নিয়ে। তাই তার স্বপ্নের জগৎ গড়ে ওঠেছে সেভাবে। এ প্রসঙ্গে ড. আতিউর রহমান যথার্থই বলেছেন-

বঙ্গবন্ধুর স্বপ্নের সবটুকু জায়গাজুড়ে ছিল শুকনো সুখ, হাড় জিরজিরে, খোলা চোখে পথ দেখে চলা মানুষেরা বাংলার এ গণমানুষই বঙ্গবন্ধুর মানসপটে একটা স্বপ্ন খোদাই করে দিয়েছিল, ঘিরে দিয়েছিল তার স্বপ্নের ফসলভূমি। (বঙ্গবন্ধুর আদর্শ: বৈষম্যহীন অর্থনীতি, দৈনিক যুগান্তর, ১ ফেব্রুয়ারি ২০২০:৪)

সুখী সমৃদ্ধশালী দেশ গড়ার লক্ষ্যে আমাদের ইতিহাসকে সঠিক পথে পরিচালনা করা জরুরি। তাই, এই সত্যটা অকপটে স্বীকার করা উচিত বাংলাদেশের মুক্তিযুদ্ধের ইতিহাস মানে মুজিবের স্বপ্ন বাস্তবায়নের ইতিহাস। তিনি বাংলার মানুষের জন্য ভাগ্য পরিবর্তন করতে চেয়েছেন; ক্ষুধা, দারিদ্র্য থেকে মুক্তি দিতে চেয়েছেন। তাঁর সমস্ত কৃতকর্ম স্বাধীন বাংলাদেশের কথা মনে রেখে পরিকল্পিতভাবে পরিচালিত হয়। সমগ্র জীবন তিনি উৎসর্গ করেছিলেন বাঙালি জাতির মুক্তির লক্ষ্যে। ১৯৭১ সালে তাই বাঙালির একমাত্র মুখপাত্র ও নির্বাচিত প্রতিনিধি হিসেবেই তিনি স্বাধীনতা ঘোষণা করলেন। মুক্তিযুদ্ধ করে নয় মাস তারই নেতৃত্বে ও আদর্শে আমরা দেশটাকে শত্রুমুক্ত করলাম। বাংলাদেশের অভ্যুদয়ের ফলে তিনি হলেন জাতির পিতা। কাজেই বঙ্গবন্ধু ও বাংলাদেশ এক ও অবিচ্ছেদ্য সত্তা, বঙ্গবন্ধু ও বাংলাদেশ সমার্থক।

## পাঁচ

নিযার্তন, নিপীড়ন ও দুঃশাসনের পালা শেষ। কৃষক, নৌকার মাঝি কলের শ্রমিক মেহনতী মানুষ জাতীয়তাবাদের জয়ধ্বনি তুলছে। ক্ষুদীরাম, সূর্যসেন, প্রীতিলতা, কিংবা ইলামিত্রের উত্তরসূরি সৈনিকেরা বাংলার ঘরে ঘরে জেগে ওঠলেন। শেরেবাংলার দেশপ্রেম, ভাসানীর সংগ্রামী গতিশীল ও অসাম্প্রদায়িক নেতৃত্ব, সোহরাওয়ার্দীর গণতান্ত্রিক ভাবনা বাস্তবে রূপ নিল। আমরা পশু মারলাম, ঐক্যবদ্ধ শক্তির

গৌরবে। দেশ স্বাধীন ও মুক্ত হলে। কিন্তু গভীর ষড়যন্ত্র অব্যাহত ছিল। বিদেশী মদদপুষ্ট পরাজিত চক্রটি ইতিহাসের জঘন্যতম ঘণ্য কাজটি করল। ১৫ আগস্ট ১৯৭৫ বাংলার মাটি মানুষের ভালোবাসার প্রতীক, মহান স্থপতি অমিত বিক্রম সাহসী বাংলার প্রতিষ্ঠাতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে সপরিবারে হত্যা করে। বৃত্তচ্যুত হলো একটি লাল গোলাপ। তখনই করে দেয়া হলো রাজনীতির এ কবির তিলতিল করে গড়া স্বপ্নের বাগান। আলম তালুকদার লিখেছেন-

সেই দুর্দান্ত অসাধারণ কবিকে কিছু খারাপ মানুষ ১৯৭৫ এর ১৫ আগস্ট স্তব্ধ করে দিয়েছে। একটি কবিতার বাগান নষ্ট করে দিয়েছে। বাগানের গোলাপ, জুঁই, চামেলি, হাছনাহোনা, শিউলি, বকুল, যাবতীয় ফুল, ছোট বড় সব ধরনের ফুলের গাছ একেবারে গুলি করে মাটির সঙ্গে মিশিয়ে দিয়েছে। নীরব নিখর করে দিয়েছে। পৃথিবীর তাবৎ কবির তো অবাঁক। তারা কবিতা ভুলে যায়। দেশ ভুলে যায়। বাগান ভুলে যায় তাদের অবস্থান ভুলে যায়। (কিছু কবিতার জন্ম কথা, আলম তালুকদার, গদ্যে- পদ্যে শেখ মুজিব ২০১২:৫৬)

কিন্তু এক কবি লুকান্তরে লক্ষ কবি ঘরে ঘরে। বাঙ্গালির কবিসত্তা শাস্বত অবিনাশী সদাজাগ্রত। সে তৎপর হয়ে ওঠে পুনরায় হারিয়ে যাওয়া কবিতার খুঁজে। ঘাতকরা জানেনা কবি সত্যদর্শী, যন্ত্রনা তাকে মন্ত্রনা দেয় নতুন কবিতার জন্মদানে। কবি যায় কবিতা থাকে। হঠাৎ এক কবির রক্তে চিড়িক মারে। কবি উদভ্রান্ত, ভারাক্রান্ত হৃদয়ে চলতে থাকে বলতে থাকে, দেখতে থাকে। এবার সে বজ্রকণ্ঠে ঘোষণা করে-

সমবেত সকলের মতো আমিও গোলাপ ফুল

খুব ভালোবাসি।

রেসকোর্স পার হয়ে যেতে সেই সব গোলাপের

একটি গোলাপ।

গতকাল আমাকে বলেছে, আমি যেন কবিতায়

শেখ মুজিবের কথাবলি।

আমি তার কথা বলতে এসেছি।

-(নির্মলেন্দু গুণ, গদ্যে-পদ্যে (শেখ মুজিব, ২০১২:৫৮)

বঙ্গবন্ধুর দীর্ঘ রাজনীতির জীবনের কোথায়ও হিংস্রতার লেশমাত্র দেখা যায় না। পাকিস্তানী হানাদারদের বিরুদ্ধে তার আন্দোলন সংগ্রামে মানুষের জীবনহানি ঘটতে পারে কিংবা সম্পদ বিনষ্ট হতে এমন কোনো কর্মকাণ্ডের সন্ধান পাওয়া যায় না। তাহলে কেন নির্মমভাবে এ হত্যাকাণ্ড ঘটানো হল? এর উত্তরে অবশ্য বঙ্গবন্ধুর আত্মজা শেখ হাসিনা যথার্থই বলেছেন-

একটা বইয়ের নাম 'শ্রদ্ধাঞ্জলি'। বইটির উপরে কবি নজরুলের ছবি। বইটির ভেতরে একখানা আলগা ছবি একজন মুক্তিযোদ্ধার, বুলেটের আঘাতে বইটি ক্ষত-বিক্ষত। মুক্তিযোদ্ধার ছবিটির বুকের উপর গুলি, ঠিক ১৫ আগস্ট ১৯৭৫ সালে এই বাড়িতে যে আক্রমণ হয় তা হল ১৯৭১ সালের পরাজয়ের প্রতিশোধ গ্রহণ। বইটির দিকে তাকালে যেন সব পরিষ্কার হয়ে যায়। কেন ওরা হত্যা করল বঙ্গবন্ধুকে? মনে হয় যেন পরাজয়ের প্রতিশোধ নিল। (শেখ হাসিনা, স্মৃতিময় দিনগুলো, গদ্যে পদ্যে শেখ মুজিব: ২০১২:১৩৪)

কোন আদর্শকে হত্যাকাণ্ডের মাধ্যমে দমিয়ে দেয়া সম্ভব নয়। কেননা, আদর্শ ব্যক্তি মানসের চেতনায় বাসা বেঁধে থাকে। সুযোগ পেলেই সুপ্ত আদর্শ উত্ত হয়ে ওঠে। প্রকৃত, মহান মানুষ আদর্শের লড়াইয়ে অমর হওয়ার চেষ্টা করে। আর যারা মূঢ়, অগণতান্ত্রিক, জবরদস্তি পরায়ণ তাঁদের শক্তি আদর্শিক নয়, পেশির। যা মুহুর্তেই মিলিয়ে যায় সন্ধ্যাতারার মতো। বোধকরি, এজন্যই আদর্শবাদী, সৎ, ন্যায়পরায়ণ মুজিব চিরঞ্জীব।

ছয়

১৫ আগস্ট ১৯৭৫ বঙ্গবন্ধুকে দানবীয় কায়দার নিঃশেষ করে দেয়া হয়েছিল। কিন্তু, কীর্তিমানের মৃত্যু নেই। তার নেতৃত্বে বাংলার মানুষ পাকিস্তানি হানাদার বাহিনীর বিরুদ্ধে সশস্ত্র সংগ্রাম করে দেশের স্বাধীনতার সূর্যকে ছিনিয়ে এনেছে স্বাধীন সার্বভৌম বাংলাদেশ প্রতিষ্ঠা করেছে। সূর্য ওঠে। ১৬ ডিসেম্বর ১৯৭১, নতুন সূর্য উদিত হয় পতাকার লাল সূর্য, যা কোনোদিন অস্ত যাবে না। রক্তে রঞ্জিত এই পতাকার লাল অংশ অম্লান হবে না। ‘৫২’র ভাষা শহিদ, ‘৬৯-এর গণ আন্দোলনের শহিদ, ‘৭১ সালের মুক্তিযুদ্ধের শহিদ এবং ‘৭৫-সালের মহান কবির আত্মদানের কথা এদেশের মাটি মানুষের হৃদয় থেকে মুছে ফেলা অতো সহজ নয়। কারণ আমাদের দেশে, আমাদের পৃথিবীতে কতইনা নেতা ছিল এবং আছে কিন্তু ওই কবির মতো কবিও হয়না, নেতার মতো নেতাও হয়না। বঙ্গবন্ধুর মতো এই শতাব্দীতে আর কোনো নেতা নেই। কবির ভাষায়-

“.... তুমি কেউ নও, বলে ওরা, কিন্তু বাংলাদেশের আড়াইশত নদী বলে,

তুমি এ বাংলার নদী, বাংলার সবুজ প্রান্তর

তুমি এই চর্যাপদের গান, তুমি এই বাংলার অক্ষর,

বলে ওরা, তুমি কেউ নও, কিন্তু তোমার পায়ের শব্দে

নেচে ওঠে পদ্মার ইলিশ;

তুমি কেউ নও, বলে ওরা, কিন্তু রবীন্দ্রনাথের গান আর নজরুলের বিদ্রোহী কবিতা বলে,

তুমি বাংলাদেশের হৃদয়।”

(মহাদেব সাহা, ‘এই নাম স্বতোৎসারিত’)

বঙ্গবন্ধুর বত্রিশ নম্বর বাড়ীতে রক্তগঙ্গা বইয়ে দিয়ে প্রতিক্রিয়াশীলদের ধারণা ছিল, মুজিবের সংগ্রাম, মুক্তির চেতনা, আদর্শ চিরতরে নিভে যাবে। কিন্তু যে আন্দোলন সংগ্রাম সর্বজনীন ছিল কোন ব্যক্তি বা গোষ্ঠীর নয় তা কখনোই স্তব্ধ হওয়ার নয়। তাই, সময় এসেছে মুজিবকে নতুন প্রজন্মের কাছে নির্মোহভাবে তুলে ধরার। বাস্তবিক অর্থে আমরা এখনো, উজ্জ্বল অতীতের স্মৃতিকে ভবিষ্যৎ প্রজন্মের সামনে দৃষ্টান্ত হিসেবে উপস্থাপন করতে পারিনি। বর্তমানের দুঃখ ও বেদনা থেকে সাধারণ মানুষকে মুক্তি দিতে চাইলে অতীত দিনের অর্জন, বীরত্ব, অহংকার থেকে অনুপ্রেরণা নিতে হবে। বিশেষ করে আমাদের জাতীয় বীরদের মধ্যে যিনি প্রাতঃ স্মরণীয় হাজার বছরে শ্রেষ্ঠ বাঙালি বঙ্গবন্ধুর জীবন ও সংগ্রামের ধারা নতুন প্রজন্মকে জানানো দরকার। যে মহাবীর নীলকণ্ঠ। যার জীবন নিবেদিত ছিল এদেশের উপেক্ষিত অপমানিত, বঞ্চিত, দুঃখী মানুষের অধিকার প্রতিষ্ঠার দৃঢ় প্রত্যয়ে। যার যোগ্য ও প্রজ্ঞা-নেতৃত্বের ফসল এই বাংলাদেশ। এজন্য বেশি বেশি করে তাঁর আদর্শের স্বরূপ জানা প্রয়োজন। শুধু অন্ধ অনুকরণ নয়, জানা প্রয়োজন তাঁর রাজনীতির প্রকৃত দর্শন। তবেই কায়েমী স্বার্থবাদীদের মুখোশ উন্মোচিত হয়ে বেরিয়ে আসবে ইতিহাসের প্রকৃত সত্য।

## তথ্যনির্দেশ ও টীকা

১. আওয়ামী মুসলিম লীগের জন্ম যেমন একটি রাজনৈতিক দল হিসেবে, ছাত্রলীগের জন্ম কিন্তু সেভাবে হয়নি। পূর্বপাক মুসলিম ছাত্রলীগ, এক অংশের নেতৃত্বে ছিলেন শাহ আজিজুর রহমান অপর অংশের নেতৃত্বে ছিলেন শেখ মুজিবুর রহমান। এক অর্থে আওয়ামী লীগের জন্মের পূর্বেই এডহক কমিটির মাধ্যমে ছাত্রলীগ তার অস্তিত্ব ঘোষণা করতে সক্ষম হয়। পাকিস্তান আমলে ১৯৪৮ সালের ৪ জানুয়ারি ছাত্রলীগের জন্ম হলেও পূর্ণাঙ্গ ছাত্র প্রতিষ্ঠান হিসেবে অর্থাৎ প্রগতিশীল ছাত্রলীগের যাত্রা বঙ্গবন্ধুর এ ছাত্রসংগঠনে সাধারণ সম্পাদক হওয়ার মাধ্যমে। (ভাষা আন্দোলন থেকে স্বাধীনতা, এম. আর. আখতার মুকুল, ২০১৪:১৪৬, ১৪৭)। সুতরাং বাংলাদেশ ছাত্রলীগের জন্ম বাংলাদেশ আওয়ামীলীগের আগে একথা বললে অতুক্তি হবে না।
২. বঙ্গবন্ধুর জেলজীবন নিয়ে একটা গবেষণাকর্ম সম্পাদিত হতে পারে। এখানে অতিসংক্ষেপে তাঁর জেলজীবনের একটি পরিসংখ্যান তুলে ধরা হল।
  - ক. বঙ্গবন্ধু প্রথম জেলে যান ১৯৩৮ মার্চ/ এপ্রিলে, শেরেবাংলা এবং সোহরাওয়ার্দীর গোপালগঞ্জে আসা উপলক্ষে মুসলিম ছাত্ররা একটি এগজিভিশনের আয়োজন করে। এতে ক্ষিপ্ত হয় হিন্দু ছেলেরা এবং মালেক নামে একটি ছেলেকে অন্যায়াভাবে মারধর করে। এর প্রতিবাদ করতে গিয়ে সৃষ্ট হাঙ্গামায় বঙ্গবন্ধুকে গ্রেফতার করা হয় এবং তিনি সাতদিন জেল খাটেন। (অসমাপ্ত আত্মজীবনী, ২০১২:১৩,১৪)।
  - খ. ১৯৪৮ সালের ১১ মার্চ ভাষা আন্দোলনের সক্রিয় অংশগ্রহণের জন্য গ্রেফতার হন, ১৫ মার্চ মুক্তিপান।
  - গ. ১৯৪৮ সালের ১১ সেপ্টেম্বর পাকিস্তান সরকার বঙ্গবন্ধুকে ফরিদপুর থেকে গ্রেফতার করেন এবং ১৯৪৯ সালের ২১ ফেব্রুয়ারি মুক্তি পান।
  - ঘ. ঢাকা বিশ্ববিদ্যালয়ের চতুর্থ শ্রেণির কর্মচারীদের ন্যায্য দাবী সমর্থনে আন্দোলন করায় ১৯৪৯ সালের ১৯ এপ্রিলে বঙ্গবন্ধু গ্রেফতার হয়ে জুলাই মাসে মুক্তি পান।
  - ঙ. আর্ম্যানিটোলার ভুখা মিছিল থেকে ১৯৪৯ সালের ১৪ অক্টোবর গ্রেফতার হন এবং প্রায় দু'বছর পাঁচ মাস পর ১৯৫২ সালের ২৬ ফেব্রুয়ারি মুক্তি পান।
  - চ. ১৯৫৪ সালের ৩০ মে বঙ্গবন্ধু যুক্তফ্রন্ট মন্ত্রিসভার সদস্য। করাচি থেকে ঢাকায় ফিরলে গ্রেফতার হন এবং ২৩ ডিসেম্বর মুক্তি পান।
  - ছ. ১৯৫৮ সালের ১২ অক্টোবর সামরিক সরকার তাঁকে গ্রেফতার করেন এবং প্রায় ১৪ মাস জেলখানায় বন্দি থেকে ৭ ডিসেম্বর মুক্তি পান।
  - জ. ১৯৬২ সালের ৬ ফেব্রুয়ারি তিনি জননিরাপত্তা আইনে গ্রেফতার হন এবং ১৮ জুন মুক্তি লাভ করেন।
  - ঝ. ১৯৬৪ সালে রাষ্ট্রপতি নির্বাচনের প্রাক্কালে গ্রেফতার হল এবং ১৯৬৫ সালে তাঁর বিরুদ্ধে রাষ্ট্রদ্রোহিতা ও আপত্তিকর বক্তব্য প্রদানের অভিযোগে গ্রেফতার হয়ে ০১ বছর কারাদণ্ড ভোগ করে ঢাকা কেন্দ্রীয় কারাগার থেকে মুক্তি পান।
  - ঞ. ১৯৬৬ সালে বঙ্গবন্ধু ঐতিহাসিক ছয় দফা পেশ করেন। এবং ছয় দফার সপক্ষে দেশের বিভিন্ন জায়গায় মিটিং করে বেড়ান। তারই ধারাবাহিকতায় নারায়ণগঞ্জ থেকে মিটিং করে ঢাকায় ফেরার পথে ৮ মে মধ্য রাতে গ্রেফতার হন।
  - ট. ১৯৬৮ সালের ১৮ জানুয়ারি মাসে বঙ্গবন্ধুকে আগরতলা ষড়যন্ত্র মামলায় ১ নম্বর আসামি হিসেবে ঢাকা সেনানিবাসে বন্দী করে রাখা হয় এবং দীর্ঘ কারাভোগের পর জনগণের অব্যাহত চাপের মুখে ১৯৬৯ সালের ২২ ফেব্রুয়ারি মুক্তি লাভ করেন।
  - ঠ. ১৯৭১ সালের ২৫ মার্চ শেষ মুহূর্তে এবং ২৬ মার্চের প্রথম প্রহরে বঙ্গবন্ধুকে গোপনে বিমানযোগে পশ্চিম পাকিস্তানে নিয়ে যাওয়া হয়। সেখানে মিয়ানওয়ালি কারাগারে তাকে বন্দি করে রাখা হয়। ১৯৭১ সালের মার্চ থেকে ১৯৭২ সালের জানুয়ারি- এ দীর্ঘ দশ মাস বঙ্গবন্ধু ছিলেন পাকিস্তানের কারাগারে ফাঁসির আসামি হয়ে। তিনি জীবিত না মৃত তাও তার দেশবাসী জানতনা। তবু তার প্রেরণায় সঞ্জীবিত জাতি সশস্ত্র মুক্তিযুদ্ধে ঝাঁপিয়ে পড়েন এবং বাংলাদেশ হানাদারমুক্ত হয়। [সূত্র. শেখ মুজিবুর রহমান, কারাগারে রোজনাচা: ২০১৭, ভূমিকা অংশ লেখক, শেখ হাসিনা, পৃ: ৫-৭]

৩. বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণ আমাদের ইতিহাস, জাতীয় জীবনের এক অপরিহার্য ও অনস্বীকার্য অধ্যায় যার আবেদন চির অম্লান। দেশের সর্বস্তরের জনগণের অনুরোধে বঙ্গবন্ধু ৭ মার্চের ভাষণের সারবত্তা হিসেবে ৩৫টি বিধির (35 Instructions) ঘোষণা দেন। এ ৩৫টি দিকনির্দেশনা মূলক বিধি মুক্তিযুদ্ধের চালিকা শক্তি হিসেবে পরিগণিত হয়। নিম্নে তা উপস্থাপন করা হল:
- ক. কেন্দ্রীয় ও প্রাদেশিক সচিবালয়, সরকারি ও আধাসরকারি অফিসমূহ, হাইকোর্ট এবং দেশের অন্যান্য আদালতে হরতাল পালন করবে। তবে অতি প্রয়োজনীয় ও আন্দোলনের স্বার্থে নির্দিষ্ট অফিস, দপ্তর ও সংস্থা হরতালের আওতা বহির্ভূত থাকবে;
- খ. বাংলাদেশের সব শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকবে;
- গ. আইনশৃঙ্খলা রক্ষা ডেপুটি কমিশনার, সাব ডেভিশনাল অফিসার আওয়ামীলীগ সংগ্রাম কমিটির সাথে যোগাযোগ রক্ষা করে আইন শৃঙ্খলা রক্ষা ও উন্নয়ন কর্মসূচির দায়িত্ব পালন করবে। পুলিশ আইনশৃঙ্খলা রক্ষা করবে;
- ঘ. বন্দরসমূহ ও অভ্যন্তরীণ নৌযান চলাচল অব্যাহত থাকবে। তবে সৈন্যদের সহযোগিতা করবেনা। বন্দরের কাজ চলবে;
- ঙ. আমদানি, আমদানিকৃত সব মাল খালাস করতে হবে। সংগৃহীত অর্থ কেন্দ্রীয় সরকারের হিসাবে জমা দিতে হবে না;
- চ. রেল চলবে। তবে সৈন্য চলাচল ও তাদের রসদ বহন করতে পারবেনা;
- ছ. ইপিআরটিসি বাস চলাচল করবে;
- জ. অভ্যন্তরীণ নদীবন্দরের কাজ চলবে;
- ঝ. ডাক ও টেলিগ্রাফ বাংলাদেশের মধ্যে কাজ করবে। বিদেশে মেইল সার্ভিস ও টেলিগ্রাফ করা যেতে পারে;
- ঞ. টেলিফোন বাংলাদেশের মধ্যে চালু থাকবে;
- ট. বেতার, টেলিভিশন এবং সংবাদপত্র এগুলো চালু থাকবে এবং জনগণের আন্দোলনের সংবাদ প্রচার করবে;
- ঠ. হাসপাতালসমূহ চালু থাকবে;
- ড. বিদ্যুৎ সরবরাহ অব্যাহত থাকবে;
- ঢ. কয়লা সরবরাহ অব্যাহত থাকবে;
- ণ. পানি গ্যাস সরবরাহ চালু থাকবে;
- ত. খাদ্য সরবরাহ অব্যাহত থাকবে। খাদ্য আমদানি অব্যাহত থাকবে;
- থ. ধান ও পাটের বীজ, সার কীটনাশক ওষুধ সংগ্রহ ও বন্টন অব্যাহত থাকবে। পাওয়ার পাম্প ও যন্ত্রপাতি সরবরাহ চালু থাকবে। কৃষি ব্যাংকের কাজ চালু থাকবে;
- দ. বন্যা নিয়ন্ত্রণ ও শহর সংরক্ষণের কাজ অব্যাহত থাকবে;
- ধ. উন্নয়ন ও নির্মাণ কাজ চলবে;
- ন. ঘূর্ণিদুর্গত এলাকায় বাঁধ নির্মাণ ও উন্নয়ন কাজসহ পূর্ণবাসনের কাজ চলবে;
- প. ইপিআইডিসি, ইস্টার্ন রিফাইনারি ও সব কারখানা চালু থাকবে;
- ফ. সব সরকারি ও আধাসরকারি সংস্থার কর্মচারী ও শ্রমিকদের বেতন নিয়মিতভাবে প্রদান করতে হবে;
- ব. নিয়মিতভাবে সরকারি বেসরকারি অবসরপ্রাপ্ত কর্মচারীদের পেনশন দেওয়া হবে;
- ভ. এজি ও ট্রেজারি বেতনভাতা প্রদানের জন্য নির্দিষ্ট সংখ্যক কর্মচারী কাজ চালিয়ে যাবেন;
- ম. সব ব্যাংক সকাল ৯ টা হতে দুপুর ১২টা পর্যন্ত ব্যাংকিং কাজ করবে। পশ্চিম পাকিস্তানের সাথে লেনদেন চলবে না। বিদেশের সাথে ব্যবসা বাণিজ্য চলবে। ইস্টার্ন মার্কেটাইল ব্যাংক ও ইস্টার্ন ব্যাংকিং কর্পোরেশনকে নির্দিষ্ট দায়িত্ব দেওয়া হবে;
- য. স্টেট ব্যাংক অন্যান্য ব্যাংকের ন্যায় কাজ করবে;
- র. আমদানি ও রপ্তানি কন্ট্রোলার আমদানি রপ্তানি নিশ্চিত করবে এবং কাজ চালিয়ে যাবে;
- ল. ট্রাভেল এজেন্ট ও বিদেশি এয়ারলাইন্স চালু থাকবে;
- শ. ফায়ার সার্ভিস চালু থাকবে;
- ষ. পৌরসভার কাজ চালু থাকবে;

- স. ভূমি রাজস্ব আদায় বন্ধ থাকবে। লবণ ও তামাক কর আদায় হবে না। আয়কর আদায় বন্ধ থাকবে। এছাড়া প্রাদেশিক কর আদায় হবে এবং বাংলাদেশ সরকারের একাউন্টে জমা দিতে হবে। কেন্দ্রীয় কর আবগারি শুল্ক কর, বিক্রয় কর আদায় করে কেন্দ্রীয় সরকারের খাতে জমা না দিয়ে ইস্টার্ন মার্কেটাইল বা ইস্টার্ন ব্যাংকিং করপোরেশনে জমা দিতে হবে;
- হ. পাকিস্তান বিমা করপোরেশন, পোস্টাল লাইফ ইস্যুরেন্স চালু থাকবে;
- ড. সব ব্যবসা ও শিল্পপ্রতিষ্ঠানের সেবাদান নিয়মিত চালু থাকবে;
- ঢ. সকল বাড়ির ওপর কালো পতাকা উড়বে;
- য়. সংগ্রাম পরিষদ সর্বস্তরে তাদের কাজ চালু রাখবে এবং এসব নির্দেশ যথাযথভাবে বাস্তবায়ন করে যাবে। (ড. মুসী শরীফ উজ্জামান, স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস; ২০১৯: ৩০৮-৩১০)

### সহায়ক গ্রন্থপঞ্জি

- শেখ মুজিবুর রহমান (২০১২)। অসমাপ্ত আত্মজীবনী. ইউনিভার্সিটি প্রেস লিমিটেড, বাংলাদেশ, ঢাকা (২০১২)। অসমাপ্ত আত্মজীবনী ইউনিভার্সিটি প্রেস লিমিটেড, বাংলাদেশ, ঢাকা (২০১২)। অসমাপ্ত আত্মজীবনী. ইউনিভার্সিটি প্রেস লিমিটেড, বাংলাদেশ, ঢাকা (২০১২)। অসমাপ্ত আত্মজীবনী. ইউনিভার্সিটি প্রেস লিমিটেড, বাংলাদেশ, ঢাকা (২০১২)। অসমাপ্ত আত্মজীবনী. ইউনিভার্সিটি প্রেস লিমিটেড, বাংলাদেশ, ঢাকা
- ড. ময়হারুল ইসলাম (১৯৭৪)। বঙ্গবন্ধু শেখ মুজিব, বাংলা একাডেমি, ঢাকা
- শেখ মুজিবুর রহমান (২০১২)। অসমাপ্ত আত্মজীবনী. ইউনিভার্সিটি প্রেস লিমিটেড, বাংলাদেশ, ঢাকা
- এম.আর.আখতার মুকুল (২০১৪)। ভাষা আন্দোলন থেকে স্বাধীনতা, শিখা প্রকাশনী, ঢাকা
- শেখ মুজিবুর রহমান (২০১২)। অসমাপ্ত আত্মজীবনী. ইউনিভার্সিটি প্রেস লিমিটেড, বাংলাদেশ, ঢাকা (২০১২)। অসমাপ্ত আত্মজীবনী. ইউনিভার্সিটি প্রেস লিমিটেড, বাংলাদেশ, ঢাকা
- এম.আর.আখতার মুকুল (২০১৪)। ভাষা আন্দোলন থেকে স্বাধীনতা, শিখা প্রকাশনী, ঢাকা
- শেখ মুজিবুর রহমান (২০১২)। অসমাপ্ত আত্মজীবনী. ইউনিভার্সিটি প্রেস লিমিটেড, বাংলাদেশ, ঢাকা
- এম.আর.আখতার মুকুল (২০১২)। ভাষা আন্দোলন থেকে স্বাধীনতা, শিখা প্রকাশনী, ঢাকা
- মুনতাসের মামুন (২০০০)। ‘সেই ৭ মার্চ’। ধন্য সেই পুরুষ, বেতার বাংলার সংকলন, বেতার প্রকাশনা দপ্তর, তথ্য মন্ত্রণালয়, ঢাকা
- শেখ মুজিবুর রহমান (২০১২)। অসমাপ্ত আত্মজীবনী. ইউনিভার্সিটি প্রেস লিমিটেড, বাংলাদেশ, ঢাকা
- আলম তালুকদার (২০১২)। ‘কিছু কবিতার জন্মকথা’- গদ্যে-পদ্যে শেখ মুজিব [সম্পা. শাহজাহান কিবরিয়া ও অন্যান্য], বাংলাপ্রকাশ, ঢাকা
- শেখ হাসিনা (২০১২)। ‘স্মৃতিময় দিনগুলো’। গদ্যে-পদ্যে শেখ মুজিব [সম্পা. শাহজাহান কিবরিয়া ও অন্যান্য], বাংলাপ্রকাশ, ঢাকা
- শেখ মুজিবুর রহমান (২০১৭)। কারাগারের রোজনামা। বাংলা একাডেমি, ঢাকা
- ড. মুসী শরীফ উজ্জামান (২০১৮)। স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস, ওমিকন পাবলিশিং হাউজ, ঢাকা

### পত্রিকা ও প্রবন্ধপঞ্জি

- শেখ হাসিনা ‘শেখ মুজিব আমার পিতা’, সাপ্তাহিক বিচিত্রা, (১৬ আগস্ট-১৯৯৬)
- ‘শেখ মুজিব আমার পিতা’, সাপ্তাহিক বিচিত্রা, (১৬ আগস্ট-১৯৯৬)
- জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেমোরিয়াল ট্রাস্টের প্রকাশনা (২০১২) ‘জাতির জনক’, থেকে সংকলিত
- জাতির জনক (২০১২)। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেমোরিয়াল ট্রাস্ট প্রকাশনা থেকে সংকলিত

আবদুল গাফফার চৌধুরী (২০২০)। 'বঙ্গবন্ধু' দৈনিক যুগান্তর প্রতিষ্ঠা বার্ষিকী সংখ্যা, (১ ফেব্রুয়ারি: ১৬) ঢাকা  
 জাতির জনক (২০১০)। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেমোরিয়াল ট্রাস্ট, তৃতীয় প্রকাশ, পৃষ্ঠা.২২৬  
 জাতির জনক (২০১২)। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেমোরিয়াল ট্রাস্ট, প্রকাশনা, ঢাকা।  
 ড. আতিউর রহমান (২০২০)। 'বঙ্গবন্ধুর আদর্শ: বৈষম্যহীন অর্থনীতি', দৈনিক যুগান্তর প্রতিষ্ঠা বার্ষিকী সংখ্যা, (১  
 ফেব্রুয়ারি:৪) ঢাকা

### ভাষণ ও বক্তৃতাপঞ্জি

ভাষণ (১৪ জানুয়ারি ১৯৭৪)। আওয়ামী লীগের দ্বি-বার্ষিক অধিবেশন, ঢাকা  
 ভাষণ (২৬ মার্চ ১৯৭২)। বেতার ও টেলিভিশনে জাতির উদ্দেশ্যে, ঢাকা  
 বক্তৃতা (২৫ জানুয়ারি ১৯৭৫)। বঙ্গবন্ধু: জাতীয় সংসদ। ঢাকা  
 বক্তৃতা (২৬ মার্চ ১৯৭৫)। বঙ্গভবন: বাকশালের কেন্দ্রীয় কমিটির প্রথম বৈঠক, ঢাকা  
 ভাষণ (৭ মার্চ ১৯৭১)। রেসকোর্স ময়দান, ঢাকা  
 (৭ মার্চ ১৯৭১)। রেসকোর্স ময়দান, ঢাকা  
 সংবর্ধনা সভা (৯ ফেব্রুয়ারি ১৯৭১)। মৌলভীবাজার, সিলেট

(Manuscript received on 10 February, 2021; revised on 07 April, 2021)

## একুশ নির্ভর সাহিত্য : বাঙালির নতুন অভিযাত্রা

মোহাম্মদ আবদুস সালাম<sup>১\*</sup>

### সারসংক্ষেপ

বায়ান্ন<sup>১</sup>র ভাষা আন্দোলন বাঙালিকে নতুন পথের সন্ধান দিয়েছে। মাতৃভাষার জন্য প্রাণ বিসর্জন দেয়ায় বাঙালি জাতিকে করেছে গৌরবের অধিকারী। একটি চেতনাকে সামনে রেখে যে আন্দোলন আমাদের পূর্বসূরির করেছেন, তাদের গৌরবগাথা রচিত হয়েছে বাংলা সাহিত্যের প্রতিটি শাখায়। কবিতা, গানে, কথাসাহিত্যে ও প্রবন্ধে একুশের প্রভাব দৃশ্যমান। এই দৃশ্যমান সাহিত্যকর্ম নিয়ে ‘একুশ নির্ভর সাহিত্য: বাঙালির নতুন অভিযাত্রা’ নামক প্রবন্ধটি তৈরি করেছি। আমার এই প্রবন্ধে একুশ নির্ভর সাহিত্য আলোচনা প্রাধান্য পেয়েছে। চেষ্টা করেছি সাহিত্য সম্পর্কে আমার বক্তব্যে নতুন কিছু সংযোজন করতে। এই বিষয়ে অগ্রজ, বিজ্ঞ, পণ্ডিত ও সৃষ্টিশীল ব্যক্তিদের বিভিন্ন সহায়ক গ্রন্থের সাহায্য নিয়েছি। বিষয়টি নিয়ে এর আগে অনেকে আলোচনা করেছেন। তবে আমি আমার মতো করে নতুনভাবে তথ্য দিয়ে একুশ নির্ভর সাহিত্য বিষয়ে আলোচনা করেছি। একুশের সাহিত্য আমাদেরকে উজ্জীবিত করে, আনন্দ দেয়, প্রেরণা যোগায়। আর গৌরবময় সঠিক ইতিহাস জানার ক্ষেত্রেও একুশ নির্ভর সাহিত্য নতুন দ্বার উন্মোচনে বিশেষ ভূমিকা পালন করে চলেছে বলে আমার বিশ্বাস। এই প্রবন্ধে নতুন তথ্য সহযোগে সে ব্যাপারটি তুলে ধরার চেষ্টা করেছি।

**মূলশব্দ:** আরেক ফাল্গুন, একুশে ফেব্রুয়ারি, একুশের গল্প, কাঁদতে আসিনি, ভাষা-আন্দোলন, মহোত্তম সাহিত্য, মৌন নয়, স্মৃতিস্তম্ভ

উনিশ<sup>১</sup>শ বায়ান্ন সালের একুশে ফেব্রুয়ারি বাঙালি জাতীয় জীবনে এক গৌরবময় ঐতিহাসিক দিন। একটি চেতনাকে ধারণ করে পূর্ব বাংলার সমস্ত মানুষ সেদিন ভাষার লড়াইয়ে ঐক্যবদ্ধ হয়েছিলেন। মাতৃভাষা রক্ষা এবং মর্যাদার সঙ্গে টিকে থাকার সংগ্রামে তখন সকল শ্রেণির মানুষ মিলিত হয়েছিল একটি শ্রোতে। সেই শ্রোতে অবগাহন করে ১৯৫২ সালের একুশে ফেব্রুয়ারি আমাদের পূর্বসূরির কাঠিন এক পরীক্ষায় উত্তীর্ণ হয়েছিলেন। ভাষার অধিকার প্রতিষ্ঠায় তারা নতুন একটি অধ্যায়ের সূচনা করেছিলেন। একুশ ছিল আমাদের প্রথম রক্তপাত, প্রথম আত্মবিসর্জনের এক সোনালী পর্যায়। সে পর্যায় থেকে আমরা ধীরে ধীরে অগ্রসর হয়ে স্বাধীনতা লাভের সুযোগ পেয়েছি। সামাজিক, সাংস্কৃতিক ও রাজনৈতিক অধিকার প্রতিষ্ঠা করতে পেরেছি।

অধিকার প্রতিষ্ঠার পর একুশের এই মহোত্তম ঘটনাকে কেন্দ্র করে রচিত হয়েছে নানা রকম সাহিত্যকর্ম। কবিতা, গান, গল্প, উপন্যাস ও প্রবন্ধ সাহিত্যে একুশ এক অনবদ্য ভূমিকা পালন করেছে। একুশের ঘটনার পর আর কিছুই আগের মত থাকেনি। একুশের বিষাদময় ঘটনার প্রথম পরিচয় ফুটে উঠেছে কবিতায়। চট্টগ্রাম থেকে প্রকাশিত মাহবুব উল আলম চৌধুরী রচিত ‘কাঁদতে আসিনি ফাঁসীর দাবি নিয়ে এসেছি’ একুশের প্রথম কবিতা সেই সময়ে পাঠকের দৃষ্টিতে এক নতুন চমক সৃষ্টি করেছিল।

‘এখানে যারা প্রাণ দিয়েছে

রমনার উর্ধ্বমুখী কৃষ্ণচূড়ার তলায়

যেখানে আঙনের ফুলকির মতো

<sup>১</sup> সহযোগী অধ্যাপক, বাংলা বিভাগ, চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম

\* Corresponding author: msalambangla72@gmail.com

এখানে ওখানে জ্বলছে অসংখ্য রক্তের ছাপ  
সেখানে আমি কাঁদতে আসিনি।’

“যারা আমার অসংখ্য ভাইবোনকে হত্যা করেছে

যারা আমার হাজার বছরের ঐতিহ্যময় ভাষায় অভ্যস্ত মাতৃ সম্বোধনকে কেড়ে নিতে গিয়ে

আমার এসব ভাইবোনকে হত্যা করেছে

আমি তাঁদের ফাঁসীর দাবি নিয়ে এসেছি।”<sup>১</sup>

১৯৫২ সালের ২৩ ফেব্রুয়ারি চট্টগ্রামের লালদীঘি ময়দানে এক প্রতিবাদ সভায় কবির সতীর্থ চৌধুরী হারুন-উর-রশীদ কবিতাটি পাঠ করে উপস্থিত সবাইকে মুগ্ধ করেছিলেন।

একুশের প্রথম মহোত্তম সাহিত্য সংকলন ছিল হাসান হাফিজুর রহমান সম্পাদিত ‘একুশে ফেব্রুয়ারী’ (১৯৫৩)। বায়ান্নের ভাষা আন্দোলনের পর এটি ছিল প্রথম লিখিত পুস্তিকা। পাকিস্তানি ঔপনিবেশিক শাসনের বিরুদ্ধে পূর্ব বাংলার কবি সাহিত্যিকদের দ্রোহ আর প্রতিবাদের শব্দ নিয়ে সাহিত্য রচনার আগ্রহ তখন থেকে শুরু হয়েছিল। ‘বাংলা আমার মায়ের ভাষা, বাংলা আমার প্রাণের ভাষা।’ এই বোধ জাহত হয়েছিল প্রত্যেক বাঙালির মাঝে। তাই তারা আত্মপ্রত্যয়ী হয়ে উঠেছিলেন। স্বদেশপ্রেম, জাতীয়তাবোধ আর ভাষার প্রতি মানুষের মমত্ববোধও জেগে উঠেছিল।

পুলিশের গুলিতে শহিদ হওয়া রফিক, শফিক, সালাম, জব্বারের রক্ত পুরো বাঙালিকে সাহসী হওয়ার শক্তি যুগিয়েছিল। সেই সময় শোকে শ্রিয়মান না হয়ে পুরো জাতি আরো বলীয়ান হয়ে উঠেছিল। ফলে বাঙালি কবি সাহিত্যিকরা এক মহৎ সাহিত্য সৃষ্টির রসদ ও অনুপ্রেরণা পেয়েছেন।

ভাষা আন্দোলনের যোদ্ধারা অনেকেই তখন জেলবন্দি। যারা বাইরে ছিলেন তারা গোপনে একত্রিত হয়ে বিভিন্নভাবে পাকিস্তানি শাসকগোষ্ঠীকে বুঝিয়ে দিতে সক্ষম হয়েছিলেন- ‘আমরা চারকোটি পরিবার’ এখনো জেগে আছি। তাঁদেরই একজন হাসান হাফিজুর রহমান। তিনি শুধু কবিতা লিখে প্রতিবাদ করলেন না, বের করলেন ‘একুশে ফেব্রুয়ারী’ নামের এই প্রতিবাদী সংকলন।

১৯৫৩ সালের মার্চ মাসে এটি প্রকাশিত হয়। এই সংকলনে ছিল এগারো জন কবির এগারোটি কবিতা, পাঁচজন গল্পকারের পাঁচটি ছোটগল্প, মুর্তজা বশীরের স্কেচসহ নব্বা জাতীয় একটি রচনা, সালেহ আহমদ রচিত একটি প্রবন্ধ। আবদুল গাফফার চৌধুরী ও তোফাজ্জল হোসেনের লেখা দুটি গান আর কবির উদ্দিন আহমদের ‘একুশের ইতিহাস’ শীর্ষক একটি রচনা।

এই সংকলনের প্রতিটি লেখা স্ফুলিঙ্গের মতো। পাকিস্তানি শাসকগোষ্ঠীর রক্তচক্ষু এড়িয়ে লেখাগুলো দারুণভাবে নাড়া দিয়েছিল মানুষের মনে। প্রতিটি কবিতা শাসকগোষ্ঠীকে অভিঘাত করেছিল। ফলে তখন পাকিস্তানি সরকার সংকলনটি বাজেয়াপ্ত করেছিল। যাঁরা কবিতা লিখেছিলেন তাঁদের কবিতা ভাষাপ্রেমী মানুষের মনে বিশেষ শক্তি ও সাহস যুগিয়েছে। কবিতা রচয়িতা সেই এগারজন কবি হলেন শামসুর রাহমান, বোরহান উদ্দিন খান জাহাঙ্গীর, আবদুল গনি হাজারী, ফজলে লোহানী, আলাউদ্দিন আল আজাদ, আনিস চৌধুরী, আবু জাফর ওবায়দুল্লাহ, জামালুদ্দিন, আতাউর রহমান, সৈয়দ শামসুল হক ও হাসান হাফিজুর রহমান। কবিতাগুলোর বিষয় ছিল একটাই মাতৃভাষা ও মাতৃভূমি প্রেম। আলাদা কোন শিরোনাম ছিল না।

আলী আশরাফ রচিত এই সংকলনের ‘সকল ভাষার সমান মর্যাদা’ শীর্ষক প্রবন্ধটির তাৎপর্য কতটা সুদূরপ্রসারী ছিল, আজ তা উপলব্ধি করতে পারলে আবেগে তাড়িত হতে হয়। তিনি লিখেছেন ‘যাতে প্রত্যেক জাতি শিক্ষা ও কৃষ্টিতে বিকাশ লাভ করতে পারে তার জন্য সকল ভাষাকে সমান মর্যাদা দিতেই হবে। প্রত্যেক জাতির ভাষার অধিকার তার মৌলিক গণতান্ত্রিক অধিকারের অন্যতম মূলকথা।’<sup>২</sup> এই সংকলনের আরেকটি বৈশিষ্ট্য হলো- এগারো জন কবির কবিতায় এগারো রকমের দাবি উত্থাপিত হয়েছে। যা পুরো বাঙালি জাতিকে ভবিষ্যৎ স্বপ্ন রচনার ক্ষেত্রে দারুণভাবে উজ্জীবিত করেছিল।

১. □ □ ‘আর যেন না দেখি প্রিয়ার স্বপ্ন জড়ানো নরম-সোনালি চুল,  
কোনো শ্রাবণ রাত্রির জানালায় রাখা তার মুখের গভীরতা,  
আর যেন আমার চোখের কিনারে  
কেঁপে না ওঠে পূর্ণিমার জ্যোৎস্নার ঢেউ, আমার দেশের নীরঞ্জ শরীর।’<sup>৩</sup>  
প্রিয়ার স্বপ্নকে সত্যে পরিণত করতে কবি এখানে বদ্ধপরিকর।

২. □ □ □ □ ‘অমাবস্যার চোখের একান্ত নীলে  
স্বদেশই মিছিল;  
স্বপ্নের ধ্বনিগুলি মানুষের দুবাছতে মিলে;  
সমুদ্রের ঢেউ আজো, আকাশের আবেগে আজো নিবিড় সুনীল।’<sup>৪</sup>  
এখানে কবি তাঁর স্বপ্নের সাথে এদেশের প্রকৃতিকে মিশিয়ে দিয়েছেন।

৩. □ □ □ □ ‘বাতায়ন খুলে দেখি আমি,  
আকাশের কোণে কোণে  
এখনও লেগে আছে মেঘ।  
আমার- ত মনে হয়  
এই মেঘে আসবে বর্ষণ  
এই মেঘে বুনে যাবে  
অসংখ্য জীবন।’<sup>৫</sup>

কবি বাংলা ভাষা প্রতিষ্ঠার ক্ষেত্রে কতটা আশাবাদী ছিলেন সেকথাই ব্যক্ত করেছেন।

৪. ফজলে লোহানী স্বপ্ন দেখেছেন এভাবে-

‘দুগ্ধিনী মায়ের আঁচলের ধন ফিরে আসবেই রাত্রিশেষে, ছুটির শেষে।  
আকাশের যত তারারা আজকে ভীড় করে সব মিছিল করেছে।  
সখিনা মায়ের অশ্রু ছুঁয়ে শপথ নিয়েছে।’<sup>৬</sup>

এই পঙ্ক্তিতে গৌরবময় বর্ণমালাকে শাসকগোষ্ঠীর হাত থেকে রক্ষা করতে বাংলা মায়ের দামাল ছেলেরা কতটুকু সাহসী ভূমিকা রাখতে পারে তার ইঙ্গিত রয়েছে।

৫. আনিস চৌধুরী এক জ্বলন্ত দুপুররূপে দেখেছেন তাঁর স্বদেশকে-

‘রুদ্র সূর্য্য তাকালো আবার  
দেখলো আকাশের আরশীতে সলজ্জ  
প্রভাতকে নয়,  
রক্তাক্ত মাটির চাঁদোয়ায়  
জ্বলন্ত দুপুরকে।’<sup>৭</sup>

কবি এখানে সাহসী বাঙালির পরিচয় তুলে ধরেছেন।

৬. কবি জামালুদ্দিন তাঁর স্বপ্নের কথা বলতে চেয়েছেন এভাবে-

‘মায়ের বুকের রুদ্ধ সে কথায়  
প্রাণ দাও, আজ প্রাণ দাও ।  
ঝড়ের ডানায় ঝাপটা মেরে  
দুলতে থাকুক মুক্ত কথারা ।  
নির্ভয়ে তারা আশ্বাস দিক  
তোমার, আমার সবার মনে ।’<sup>৮</sup>

কবি ভাষাপ্রেমে উদ্বুদ্ধ হতে নতুন প্রজন্মের প্রতি আহ্বান জানিয়েছেন ।

৭. সৈয়দ শামসুল হক বলেছেন-

‘সভ্যতার মণিবন্ধে সময়ের ঘড়ি  
শিশুর জন্ম থেকে জরাদেহ ক্ষীণশ্বাস  
মানবের অবলুপ্তির সীমারেখায়  
বলে গেল সেই কথা ।  
সেই কথা বলে গেল অনর্গল ।’<sup>৯</sup>

সভ্যতা গড়তে মাতৃভাষার বিকল্প নেই, সে কথা বলতে গিয়ে কবি আবেগতড়িত হয়েছেন ।

পাকিস্তানি হানাদার বাহিনী যখন একুশের স্মৃতিকে নিশ্চিহ্ন করার পায়তারা করছে তখন আলাউদ্দিন আল আজাদের প্রতিবাদী কবিতার ভেতরেও অন্যরকম এক প্রতিবাদ ছিল । তিনি লিখলেন সেই অমর কবিতা । যা পুরো বাঙালি জাতিকে উজ্জীবিত করেছিল ।

পরবর্তীকালে যার শিরোনাম দেয়া হলো ‘স্মৃতিস্তম্ভ’ । কবিতার পঙ্ক্তিগুলো ছিল এরকম-

৮. ‘স্মৃতির মিনার ভেঙেছে তোমার? ভয় কি বন্ধু, আমরা এখনো চার কোটি পরিবার  
খাড়া রয়েছি তো । যে ভিৎ কখনো কোনো রাজন্য পারেনি ভাঙতে  
হীরার মুকুট নীল পরোয়ানা খোলা তলোয়ার  
খুরের ঝটিকা ধূলায় চূর্ণ যে-পদপ্রান্তে  
যারা বুনি ধান  
গুণ টানি, আর তুলি হাতিয়ার হাপর চালাই  
সরল নায়ক আমরা জনতা সেই অনন্য ।

ইটের মিনার ভেঙেছে ভাঙুক । ভয় কি বন্ধু , দেখ একবার আমরা জাগরী চারকোটি পরিবার ।’<sup>১০</sup>  
স্মৃতির মিনার রক্ষায় বাঙালিরা কী রকম প্রতিজ্ঞাবদ্ধ ছিল তার ইঙ্গিত রয়েছে এই কবিতায় ।

৯. আবু জাফর ওবায়দুল্লাহর কবিতার পঙ্ক্তি ছিল রক্তে ভেজা আর অশ্রুস্নাত ।

‘চিঠিটা তার পকেটে ছিল,  
ছেঁড়া আর রক্তে ভেজা  
“মাগো ওরা বলে,  
সবার কথা কেড়ে নেবে  
তোমার কোলে শুয়ে  
গল্প শুনতে দেবে না ।  
বলো মা, তাই কি হয়?’<sup>১১</sup>

কী অসাধারণ আর তাৎপর্যময় ছিল কবিতার চরণগুলো! পরবর্তী সময়ে ১৯৫৩ সালে প্রকাশিত ‘সাত নরীর হার’ (১৯৫৩) কাব্যগ্রন্থে “মাগো ওরা বলে” শিরোনামে কবিতাটি স্থান পায়।

১০. আতাউর রহমান বলতে চেয়েছেন অন্যভাবে-

‘মিথ্যা মনে হয় তাই নভাঙ্গণে চেয়ে তারা গোণা,  
জীবনের রাজপথে ছুটে চলি গতি অবিরাম,  
মুক্তির-সমুদ্রগামী দ্বিধাহীন আমার বাসনা-’<sup>১২</sup>

কবির সুগুণবাসনার কথা পঙ্ক্তিতে তুলে ধরেছেন অসাধারণ উপমায়।

১১. হাসান হাফিজুর রহমান লিখেছেন-

“কৃষাণ যেমন বর্ষার পলিসিক্ত মাঠে রোয়া ধানের চারাগুলো  
রেখে আসে সোনালি শস্যের জন্মের আকাঙ্ক্ষায়  
তেমনি আমার সরু সরু অনুভূতিগুলো জনতার গভীরে বুনে এসেছি;”<sup>১৩</sup>

কবি এই কবিতায় তাঁর অনুভূতিকে জনতার অনুভূতির সাথে একাকার করে দেখার চেষ্টা করেছেন।

সংকলনে স্থান পাওয়া এসব কবিতায় মাতৃভাষা বাংলার দাবী ছাড়াও বাংলাদেশের অস্তিত্ব আর সামগ্রিক মানুষের মুক্তির প্রেরণা উদ্ভাসিত হয়েছে। বাঙালির জাতীয়তাবাদী চেতনা, বৈষম্যহীন সমাজ নির্মাণ, অভিন্ন জাতিসত্তা গঠন ও একটি স্বাধীন রাষ্ট্র প্রতিষ্ঠায় কবিরা বিভোর ছিলেন।

‘একুশে ফেব্রুয়ারী’ সংকলনের প্রতিটি গল্পই অসাধারণ। শওকত ওসমানের ‘মৌন নয়’, সাইয়িদ আতীকুল্লাহর ‘হাসি’, আনিসুজ্জামানের ‘দৃষ্টি’, সিরাজুল ইসলামের ‘পলিমাটি’ এবং আতোয়ার রহমানের ‘অগ্নিবাক’ শিল্পসফল ছোটগল্প হিসেবে সেই সময় বেশ আলোচিত হয়েছিল। প্রতিটি গল্প একুশের তাৎপর্য নিয়ে রচিত। চরিত্র চিত্রণ, বর্ণনা, বিষয়বস্তু নির্মাণ ও সময়ের ছবি এসব গল্পে চমৎকারভাবে ফুটে উঠেছে। কোনো কোনো গল্প প্রতীকী ব্যঞ্জনা সৃষ্টিতে বিশেষ ভূমিকা রেখেছে। আনিসুজ্জামান রচিত ‘দৃষ্টি’ গল্পে সেরকম একটি রূপক সৃজনে ‘বৃদ্ধ বাবার দৃষ্টি ক্ষীণ আর বাপসা হয়ে’ ঘটনার মাহাত্ম্যকে আলোকোজ্জ্বল করে তুলতে সহায়তা করেছে।

শওকত ওসমানের ‘মৌন নয়’ গল্পটি একুশের চেতনার অন্যতম ধারক হিসেবে বিবেচিত। এটি অসাধারণ সুন্দর একটি ছোটগল্প। ভাষা আন্দোলনে ছেলে হারা এক বৃদ্ধ পিতার শোকাবহ দিনগুলো কীভাবে নিদারুণ কষ্টে কেটেছে লেখক তারই গল্প বলেছেন। চলন্ত একটি বাস, বাসের মধ্যে রয়েছে বিভিন্ন যাত্রী। ছাত্র, কেরানি, ড্রাইভার, কন্ডাক্টর সবাই যেন মুখের ভাষা হারিয়ে ফেলেছে। ‘বাসে সমস্ত প্যাসেঞ্জার চুপচাপ বসে আছে।’

‘কন্ডাক্টর ফ্রেমের শিক ধরে দাঁড়িয়ে আছে। প্যাসেঞ্জার ডাকা আজ তার কর্তব্যের মধ্যে গণ্য নয়; হাটহাজারী বায়েজিদ বোস্তান নতুন পাড়া তার মুখ থেকে খইয়ের মত ফুটে বেরোয় অন্যান্য দিন।’ অথচ সে কন্ডাক্টর আজ নীরব। বিমূঢ় বিষাদে সবাই স্তব্ধ। বাস চলছে কিন্তু গন্তব্য অজানা। এক সময় সবাই চুপচাপ বসে থাকতে দেখে ‘বৃদ্ধ এইবার ডুকরে আর্তনাদ করে উঠল, সঙ্গে সঙ্গে চুরমার হয়ে গেল নীরবতার জগদ্দল। “কি দোষ করেছিল আমার ছেলে? ওরা কেন তাকে গুলি করে মারল?”<sup>১৪</sup>

বৃদ্ধের এই প্রশ্ন তখন পুরো বাসের যাত্রীদের হৃদয়ে নাড়া দিয়েছিল।

মুর্তজা বশীর তাঁর ‘একটি বেওয়ারিশ ডায়েরির কয়েকটি পাতা’ নামক লেখনিতে ১৯৫২ সালের একুশ তারিখের আগে ও পরে ঘটে যাওয়া কয়েকটি ঘটনার বিবরণ খুব আন্তরিকতার সাথে তুলে ধরেছেন।

লেখাটি পড়ে মনে হয়েছে লেখক শব্দ দিয়ে সময়ের ছবি তোলার চেষ্টা করেছেন। এই সংকলনে স্থান পাওয়া আবদুল গাফফার চৌধুরী রচিত-

‘আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারী  
আমি কি ভুলিতে পারি  
ছেলেহারা শত মায়ের অশ্রু গড়া এ ফেব্রুয়ারী  
আমি কি ভুলিতে পারি  
আমার সোনার দেশের রক্তে রাঙানো ফেব্রুয়ারী  
আমি কি ভুলিতে পারি।’<sup>১৫</sup>

এটি মূলত কবিতা হিসেবে রচিত। পরবর্তীতে প্রথমে আবদুল লতিফ পরে আলতাফ মাহমুদ সুরারোপ করেন। আরো পরে এটি প্রভাতফেরির প্রধান গান হিসেবে প্রত্যেক বাঙালির হৃদয়ে আজো অল্লান হয়ে চিরদিনের সংগীতে রূপ লাভ করেছে।

এই সংকলনে দ্বিতীয় গানটি লিখেছেন তোফাজ্জল হোসেন-

‘রক্ত শপথে আমরা আজিকে তোমারে স্মরণ করি  
একুশে ফেব্রুয়ারী  
দৃঢ় দুই হাতে রক্ত পতাকা উর্ধ্বে তুলিয়া ধরি  
একুশে ফেব্রুয়ারী  
তোমাকে স্মরণ করি।’<sup>১৬</sup>

ইতিহাসের বর্ণনা দেখলে দেখা যায়, গানটি একসময় একুশের প্রভাত ফেরিতে গীত হতো।

এই সংকলনের সর্বশেষ লেখা ছিল কবির উদ্দিন আহমদের। ইতিহাস লিখতে গিয়ে তিনি ইতিহাসের আলোকে একুশকে তুলে আনেননি। একুশের দিনপঞ্জি হিসেবে তুলে ধরেছেন ভাষা আন্দোলনের অনিবার্য ঘটনাকে।

‘একুশে ফেব্রুয়ারী’র প্রথম এই সংকলনটি সেই সময়ের উল্লেখযোগ্য ঘটনার প্রামাণ্য দলিল হিসেবে পাঠক হৃদয়ে এখনো জাজ্বল্যমান হয়ে আছে। আর সংকলনটি সম্পাদনা করে গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেছেন তখনকার তরুণ কবি হাসান হাফিজুর রহমান।

একুশের দ্বিতীয় সংকলন: ‘একুশে ফেব্রুয়ারী’ প্রকাশের বেশ কিছুদিন পর ১৯৫৬ সালে একুশের দ্বিতীয় একটি সংকলন বের হয়েছিল। বিশিষ্ট লেখক ফারুক আলমগীরের লেখা “‘একুশের সংকলন’- একটি দুর্লভ পুস্তিকা”<sup>১৭</sup> নামক তথ্যসমৃদ্ধ নিবন্ধের মাধ্যমে এই সংকলনের কথা বিস্তারিতভাবে জানতে পারি। এই দুর্লভ পুস্তিকাটি তিনি ফুটপাত থেকে ক্রয় করেছেন বলে তাঁর লেখায় উল্লেখ করেছেন। পুস্তিকাটি সম্পাদনা করেছিলেন ডি. এ রশিদ ও মহীউদ্দীন আহমদ। প্রকাশক ছিলেন ফারুক মোজাম্মেল। ৩৪, শরৎ গুপ্ত রোড থেকে প্রকাশিত। দাম ছিল এক টাকা আট আনা। বইটিতে আরো লেখা আছে - ব্লক পুথিপত্র ও সলিমুল্লাহ মুসলিম হলের সৌজন্যে প্রাপ্ত। ফারুক আলমগীর যথার্থই বলেছেন- বইটি দুর্লভ এই কারণে যে, একুশকে নিয়ে বেশ কয়েকটি লেখা এই গ্রন্থে প্রকাশিত হয়েছিল। যা পরবর্তী সময়ে একুশের চেতনাকে সমৃদ্ধ করেছে। জহির রায়হানের বিখ্যাত ‘একুশের গল্প’টি সংকলনের উল্লেখযোগ্য লেখাগুলোর মধ্যে অন্যতম। এই গল্পের নায়ক তপু মেডিকেলের ছাত্র। রাহাত, তপু আর লেখক নিজে গল্পের অন্যতম চরিত্র। চার বছর আগে তপুকে তারা হাইকোর্টের মোড়ে ‘রাষ্ট্রভাষা বাংলা চাই’ প্লেকার্ড হাতে দেখেছিল। পুলিশের গুলিতে সেদিন তপু মাটিতে লুটিয়ে পড়েছিল কপালের মাঝখানটায় গোল রক্তাক্ত গর্ত নিয়ে। সেই তপু ফিরে

এসেছে তাদের কাছে এনাটমির বিষয় হয়ে। কপালের গর্ত আর দুই ইঞ্চি ছোট একটি পায়ের টিবিওফিবুলা দেখে তপুর কক্ষাল সনাক্ত করে বন্ধুরা। কারণ তপুর একটি পা অন্য পায়ের তুলনায় একটু ছোট ছিল। এই অসাধারণ গল্পটি কিছুদিন আগে পড়েও আমরা একুশের চেতনাকে ধারণ করার চেষ্টা করতাম। গা শিউরে উঠা এই গল্প অনেকের পড়া আছে। এই সংকলনে দুটি কবিতা রয়েছে। একটি লিখেছেন ভাষা আন্দোলনের অন্যতম প্রধান নেতা গাজীউল হক আর অন্যটি লিখেছেন সংকলনটির প্রকাশক ফারুক মোজাম্মেল। এছাড়া মোরশেদ চৌধুরী ও মহিউদ্দীন আহমদের দুটি গল্প এবং টিপু সুলতানের একটি ইতিহাস আশ্রিত প্রবন্ধ রয়েছে। আর সবচেয়ে আকর্ষণীয় ছিল বাংলা সাহিত্যের মেধাবী ছাত্র অন্যতম ভাষা সংগ্রামী আনিসুজ্জামানের দীর্ঘ ও তথ্যসমৃদ্ধ একটি প্রবন্ধ। প্রবন্ধের শিরোনাম ছিল ‘একুশে ফেব্রুয়ারী ও আমাদের সাংস্কৃতিক চেতনা’। তিনি এই প্রবন্ধে দাবী করেছিলেন “বাংলাকে রাষ্ট্রভাষার মর্যাদায় প্রতিষ্ঠিত দাবীই এদিনের প্রধান আওয়াজ হলেও এর প্রেক্ষাপটে রাজনৈতিক, সামাজিক, অর্থনৈতিক ও সাংস্কৃতিক অধিকারের প্রশ্নে আমরা কখনো আপোষ করবোনা।’ তিনি ঐ প্রবন্ধে আরো বলেছেন ‘একুশে ফেব্রুয়ারী অন্যকোন ভাষার সঙ্গে আমাদেরকে বিরোধ করতে শেখায়নি।’<sup>১৮</sup>

এই সংকলনের শেষেও ছিল ভাষা সংগ্রামী তোফাজ্জল হোসেনের একটি ‘একুশের গান’ নামক রচনা। সেই রচনার কয়েকটি পঙক্তি ছিল এরকম-

‘শহিদী খুন ডাক দিয়েছে  
আজকে ঘুমের ঘোরে  
আজ রক্ত পথের যাত্রী মোরা  
নতুন আলোর ভোরে  
ভেঙে ঘুমের স্বপ্ন নীল  
এক মিছিলে হও সামিল  
এগিয়ে চলেই হানব আঘাত  
নতুন যুগের দোরে।’<sup>১৯</sup>

হাসান হাফিজুর রহমান সম্পাদিত ‘একুশে ফেব্রুয়ারী’র পর অনেক সাহিত্যবোদ্ধারা মনে করেন ‘একুশের সংকলন’ নামক এই পুস্তিকাই ভাষা আন্দোলনের সাহিত্যের দ্বিতীয় সংকলন। হয়তো সেসময় পুস্তিকাটি হাতের কাছে ছিল না বলে বহুল প্রচার পায়নি।

একুশকে নিয়ে পরবর্তী সময়ে আরো অনেক সাহিত্য কর্ম রচিত হয়েছে। সেগুলোর মধ্যে সিকান্দার আবু জাফর রচিত “তিমিরাস্তিক” কাব্যের ‘একুশে ফেব্রুয়ারি’ কবিতাটি অসাধারণ সংযোজন।

‘দেশের মানুষ একটি দণ্ডে/একাত্ম হয়েছিল,  
স্নায়ুগ্রস্থিতে পাঁজরে ও পেশীতে  
মেনে নিয়েছিল একটি অঙ্গীকার  
সেদিন প্রথম এবং প্রথম নতুন দিগ্বলয়ে  
সঞ্চরমান এ দেশের ইতিবৃত্ত  
চেতনার পথে দ্বিধাহীন অভিযাত্রা  
নানানমুখীন হাজার লোকের একত্র অস্তিত্ব’<sup>২০</sup>

মহাদেব সাহার ‘একুশের গান’ কবিতায় বলেছেন-

‘একুশ মানেই আসছে, স্বপ্ন আসছে ভবিষ্যৎ আসছে  
একুশ মানে অতীত নয়, আগামী  
মৃত্যু নয়, জন্ম  
একুশ মানে শহীদের পায়ের শব্দ  
একুশ মানে অজর, অমর, অবিনশ্বর।’<sup>২১</sup>

কবিতার মতো সংখ্যায় বেশি না হলেও বাংলাদেশের অনেক উপন্যাসে ভাষা আন্দোলনের বহুমাত্রিক প্রতিফলন ঘটেছে। জহির রায়হানের ‘আরেক ফাল্গুন’ (১৯৬৮) এক্ষেত্রে বিশেষভাবে স্মরণযোগ্য। এই উপন্যাসের বিখ্যাত সংলাপ “আসছে ফাগুনে আমরা কিন্তু দ্বিগুণ হব” উপন্যাসের মাত্রাকে অসাধারণ করে তুলেছে। একুশকে নিয়ে রচিত শওকত ওসমানের ‘আর্তনাদ’ (১৯৮৫), সেলিনা হোসেনের ‘যাপিত জীবন’ (১৯৮১) ও ‘নিরন্তর ঘন্টাধ্বনি’ (১৯৮৭) বিশেষভাবে উল্লেখযোগ্য।

‘যাপিত জীবন’ উপন্যাসে সেলিনা হোসেন ১৯৪৭ সালের দেশ বিভাগের পরবর্তী সময় থেকে ১৯৫২ সালের ভাষা আন্দোলন পর্যন্ত ঘটনা ধারাকে বাস্তবানুগভাবে ফুটিয়ে তুলেছেন। এই সময়ের উন্মাতাল ইতিহাস ও যাপিত জীবন শব্দক্ষেমে যেন বন্দী হয়ে আছে।

‘নিরন্তর ঘন্টাধ্বনি’তে লেখক অসামান্য দক্ষতায় সমকালকে তুলে ধরেছেন। সমকালীন বেশ কিছু মানুষের কথাও এই উপন্যাসে তুলে এনেছেন যাঁরা সমহিমায় ভাস্বর। তাঁদের মধ্যে সোমেন চন্দ, রণেশ দাশগুপ্ত, মুনীর চৌধুরী এসব পরিচিত মুখগুলো নায়কোচিত চরিত্রের আলোকে উপন্যাসে বিচরণ করেছেন।

বাংলা একাডেমি থেকে রশীদ হায়দার সম্পাদিত ‘একুশের গল্প’ নামে একটি সংকলন ১৯৮৪ সালে প্রকাশিত হয়। সেই সময় ভাষা আন্দোলনকে কেন্দ্র করে বেশ কিছু ছোটগল্প রচিত হয়েছে। সরদার জয়েন উদ্দিনের ‘খরশ্রোত’, রাবেয়া খাতুনের ‘প্রথম বধ্যভূমি’, জহির রায়হানের ‘সূর্যগ্রহণ’ ও ‘কয়েকটি সংলাপ’, মিন্নাত আলীর ‘রুম বদলের ইতিকথা’, নূরুল আলমের ‘একালের রূপকথা’ উল্লেখযোগ্য। এছাড়া সেলিনা হোসেনের ‘দীপাশ্রিতা’, শহীদুল্লাহ কায়সারের ‘এমনি করেই গড়ে উঠবে’, সৈয়দ শামসুল হকের ‘সশ্রুটি’ রাজিয়া খানের ‘শহীদ মিনার’ রশীদ হায়দারের ‘সুদূরের শহীদ’ একুশের গল্পের অনন্য সংযোজন হিসেবে এখনো পাঠক হৃদয়ে বিশেষ স্থান দখল করে আছে। এসব ছোটগল্পে ভাষা আন্দোলনের প্রেক্ষাপটে মধ্যবিত্ত ও নিম্ন মধ্যবিত্ত জীবনের এক একটি উজ্জ্বল ও খণ্ডিত জীবনের চিত্র সুন্দরভাবে উপস্থাপিত হয়েছে।

একুশকে নিয়ে রচিত ভাষা আন্দোলনের অনেক কবিতা সংগীত হিসেবে গীত হয়েছে। আবদুল লতিফের বিখ্যাত গানটি এ প্রসঙ্গে বিশেষভাবে স্মরণীয়। এই গানে প্রকাশ পেয়েছিল বাঙালির সম্মিলিত প্রতিবাদের সোচ্চার উচ্চারণ।

‘ওরা আমার মুখের ভাষা  
কাইরা নিতে চায়  
ওরা কথায় কথায় শিকল পরায়  
আমার হাতে পায়।’<sup>২২</sup>

একুশে ফেব্রুয়ারি কিংবা ভাষা আন্দোলনকে নিয়ে প্রবন্ধ সাহিত্য লিখিত হয়েছে অনেক। এখনো প্রতিনিয়ত লিখে যাচ্ছেন এই সময়ের মেধাবী লেখকগণ। প্রতি বছর বাংলা একাডেমি এই বিষয়ে বিভিন্ন লেখকের প্রবন্ধ প্রকাশ করে আসছে। এক্ষেত্রে আবদুল হক রচিত ‘ভাষা আন্দোলনের আদিপর্ব’ গ্রন্থটি বেশ প্রশংসার দাবী রাখে। মোট সাতটি প্রবন্ধ সম্বলিত এই গ্রন্থটি ভাষা আন্দোলনের অন্যতম দলিল হিসেবে বেশ

সমাদৃত হয়েছে। বিশেষ করে ‘ভাষা আন্দোলনের আদিপর্ব’ ও ‘বাংলা ভাষা বিষয়ক প্রস্তাব’ ‘আরবী হরফে বাংলা’ ও ‘ভাষা আন্দোলনের পটভূমি’ নামক প্রবন্ধগুলো পাঠকের মনে একুশ চর্চার চেতনাকে আরো শানিত করবে বলে আমাদের বিশ্বাস।

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান রচিত ‘অসমাপ্ত আত্মজীবনী’ একুশের সাহিত্যের অন্যতম দলিল। ভাষা আন্দোলনের বর্ণনা দিতে গিয়ে তিনি বলেছেন- ‘১৯৪৮ সালে ছাত্ররাই এককভাবে বাংলা ভাষার দাবির জন্য সংগ্রাম করেছিল। এবার আমার বিশ্বাস ছিল, জনগণ এগিয়ে আসবে। কারণ জনগণ বুঝতে শুরু করেছে যে, বাংলা ভাষাকে রাষ্ট্রভাষা না করতে পারলে তাদের দাসত্বের শৃঙ্খল আবার পরতে হবে। মাতৃভাষার অপমান কোনো জাতি সহ্য করতে পারে না। পাকিস্তানের জনগণের শতকরা ছাপ্পান্ন জন বাংলা ভাষাভাষী হয়েও শুধুমাত্র বাংলাকে রাষ্ট্রভাষা বাঙালিরা করতে চায় নাই। তারা চেয়েছে বাংলার সাথে উর্দুকেও রাষ্ট্রভাষা করা হোক, তাতে আপত্তি নাই। কিন্তু বাঙালির এই উদারতাটাই অনেকে দুর্বলতা হিসাবে গ্রহণ করে নিয়েছে।’<sup>২৩</sup>

ভাষা আন্দোলন নিয়ে বঙ্গবন্ধুর এই মন্তব্যের মাধ্যমে তখনকার সময়ের সঠিক চিত্রটি চমৎকারভাবে ফুটে উঠেছে।

একুশ নিয়ে একালের অনেক কবির কবিতা, ছড়া ও পদ্য রয়েছে। কবি আল মাহমুদ রচিত সেরকম একটি পদ্যের কথা আমাদের মনে পড়ে।

‘ফেব্রুয়ারির একুশ তারিখ  
দুপুর বেলায় অঙ্ক  
বৃষ্টি নামে, বৃষ্টি কোথায়?  
বরকতের রক্ত।  
প্রভাত ফেরির মিছিল যাবে  
ছড়াও ফুলের বন্যা  
বিষাদগীতি গাইছে পথে  
তিতুমীরের কন্যা।’<sup>২৪</sup>

কবি ভাষা আন্দোলনের তারিখটিকে ইতিহাস নির্ভর করতে গিয়ে আরেক ইতিহাসকে চমৎকারভাবে তুলে ধরেছেন।

ভাষা আন্দোলনের প্রেক্ষাপটে তৈরি শিল্প সফল নাটকের সংখ্যা খুব কম। সেক্ষেত্রে মুনীর চৌধুরীর ‘কবর’ (১৯৫৩) বিশেষভাবে উল্লেখযোগ্য ভূমিকা রেখেছে। কবর নাটকই বাংলা নাটকের প্রথম প্রতিবাদী স্লোগান। এই নাটকের মাধ্যমে পাকিস্তানি শাসকের বিরুদ্ধে উচ্চারিত হয়েছে প্রতিবাদের প্রথম ভাষা। মুর্দা ফকিরের চারিত্রিক দৃঢ়তা আর শহীদদের কবরে না যাওয়ার প্রতীকী ব্যঞ্জনা এই নাটকে শিল্পীত হয়েছে বাঙালি ঐক্য শক্তির জাগরণ। হাফিজ চরিত্রটি পাকিস্তানী হানাদার বাহিনীর প্রতীক। মূর্তিগুলো বাঙালি জাতির প্রতিবাদী চেতনার ধারক আর নেতা চরিত্রটি পাকিস্তানের দালাল হিসেবে পরিচিতি পেয়েছে। আর মুর্দা ফকিরের চরিত্রটি হয়ে উঠেছে ভাষা সংগ্রামীদের অন্যতম প্রধান কর্তা। মুর্দা ফকির যখন চিৎকার করে বলে উঠে: ‘তোরা কোথায় গেলি? সব ঘুমিয়ে নাকি? উঠে আয়। তাড়াতাড়ি উঠে আয়। সব মিছিল করে উঠে আয়। গুলি! গুলি হবে! স্মৃতি করে উঠে আয় সব! কবর খালি করে উঠে আয় সব!’<sup>২৫</sup>

তখন মনে হয় পুরো কবরস্থানের সব লাশ উঠে এসে নেতা ও হাফিজের বিরুদ্ধে রুখে দাঁড়াবে। চরিত্রগুলোর সংলাপে একটি বিশেষ চেতনার অর্থবহ ইঙ্গিত পরিলক্ষিত হয়। দর্শক কিংবা পাঠককে ‘বাঙালি অস্তিত্বের ভিত্তি ও ভরসার জায়গায় দাঁড়াতে প্রেরণা যোগায়।’<sup>২৬</sup> প্রতিবাদের এমন কৌশল সত্যিই অভিনব। এমন নিখুঁত বর্ণনা কেবল মুনির চৌধুরীর লেখায় সম্ভব। মমতাজ উদদীন আহমদ রচিত ‘বিবাহ’ (১৯৮৮) নাটকটি ভাষা আন্দোলনের অনিবার্য অনুভবের অন্যতম দলিল হয়ে পাঠকের মনে বিশেষ স্থান লাভে সহায়তা করেছে। এছাড়া ওবায়দ উল হকের ‘কতিপয় শহীদের উক্তি’, সৈয়দ শামসুল হকের ‘আমাদের জন্ম হলো’ নাটক দুটিও বায়ানের একুশকে নিয়ে রচিত অনন্য সংযোজন। এসব নাটকে একুশের প্রতিবাদী চেতনার মর্মস্পর্শী কাহিনী সুন্দরভাবে উঠে এসেছে।

একুশের সাহিত্য বাঙালির মেধা ও মননে অন্যতম রূপকল্প হিসেবে কাজ করেছে। একটি অসাম্প্রদায়িক সমাজ ও রাষ্ট্রগঠনের আকাঙ্ক্ষায় যারা প্রাণ বিসর্জন দিয়েছেন, তাদের স্বপ্নকে রূপায়িত করার মানসে একাত্মা হয়ে লেখকগণ এই মহৎ সাহিত্য রচনা করেছেন। একুশ নির্ভর সাহিত্য শুধু যে মানুষের কথা বলার অধিকারকে সংরক্ষণ করেছে তা নয়- স্বাধীনতা সংগ্রামের বীজ বপনেও প্রেরণা যুগিয়েছে। কবিতায়, গল্পে, উপন্যাস-নাটকে ও প্রবন্ধ সাহিত্যে একুশের সংগ্রামী চেতনা স্পষ্টভাবে উঠে এসেছে। এছাড়া একুশ নির্ভর সাহিত্যকে উপজীব্য করে পরবর্তী সাহিত্যকর্ম তত্ত্বনির্ভর আন্দোলনেরও সূচনা করেছে। যার ব্যবহারিক রূপ আমরা পরবর্তী সময়ে লক্ষ্য করেছি ১৯৭১ সালে। তাই একুশের সাহিত্য আমাদেরকে উজ্জীবিত করে, আনন্দ দেয়, প্রেরণা যোগায়। অন্যায়ের কাছে মাথা নত না করে সামনে পথ চলতে সহায়তা করে। ভাষা আন্দোলনের গৌরবময় সঠিক ইতিহাস জানার সুযোগ করে দেয়। অন্যদিকে একুশের ঘটনা বাংলা সাহিত্যকে সমৃদ্ধ করেছে। বৈচিত্রময় করে তুলেছে আমাদের সাহিত্য ভাণ্ডারকে। তাই আমরা একুশকে নিয়ে গর্ব করি। আর প্রতি বছর বাংলা একাডেমি একুশকে নিয়ে রচনা করে চলেছে বিভিন্ন সাহিত্যকর্ম। বাংলা একাডেমি প্রাঙ্গণে বসে প্রাণের বইমেলা। এই বইমেলায় মধ্য দিয়ে একুশের সাহিত্য আরো বর্ণাঢ্য ও সমৃদ্ধ হবে বলে আমাদের বিশ্বাস।

### প্রাসঙ্গিক উল্লেখ ও তথ্যপঞ্জি

১. মাহবুব উল আলম চৌধুরী ; কাঁদতে আসিনি ফাঁসীর দাবি নিয়ে এসেছি, কহিনুর প্রেস, চট্টগ্রাম, ১৯৫৮, পৃ- ১০
২. আলী আশরাফ, “সকল ভাষার সমান মর্যাদা” হাসান হাফিজুর রহমান সম্পাদিত ‘একুশে ফেব্রুয়ারী’, সময় প্রকাশন, ঢাকা, ২০১৬, পৃ- ২৯
৩. শামসুর রাহমান, একুশে ফেব্রুয়ারী, পূর্বোক্ত, পৃ- ২৯
৪. বোরহান উদ্দিন খান জাহাঙ্গীর, একুশে ফেব্রুয়ারী, পূর্বোক্ত, পৃ- ৩১
৫. আবদুল গণি হাজারী, একুশে ফেব্রুয়ারী, পূর্বোক্ত, পৃ- ৩৩
৬. ফজলে লোহানী, একুশে ফেব্রুয়ারী, পূর্বোক্ত, পৃ- ৩৬
৭. আনিস চৌধুরী, একুশে ফেব্রুয়ারী, পূর্বোক্ত, পৃ- ৪১
৮. জামালুদ্দিন, একুশে ফেব্রুয়ারী, পূর্বোক্ত, পৃ- ৪৫
৯. সৈয়দ শামসুল হক, একুশে ফেব্রুয়ারী, পূর্বোক্ত, পৃ- ৪৭
১০. আলাউদ্দিন আল আজাদ, একুশে ফেব্রুয়ারী, পূর্বোক্ত, পৃ- ৩৭

১১. আবু জাফর ওবায়দুল্লাহ, *একুশে ফেব্রুয়ারী*, পূর্বোক্ত, পৃ- ৪২
১২. আতাউর রহমান, *একুশে ফেব্রুয়ারী*, পূর্বোক্ত, পৃ- ৪৬
১৩. হাসান হাফিজুর রহমান, *একুশে ফেব্রুয়ারী*, পূর্বোক্ত, পৃ- ৪৯
১৪. শওকত ওসমান, 'মৌন নয়', *একুশে ফেব্রুয়ারী*, পূর্বোক্ত, পৃ- ৬১
১৫. আবদুল গাফফার চৌধুরী, *একুশে ফেব্রুয়ারী*, পূর্বোক্ত, পৃ- ১৩৫
১৬. তোফাজ্জল হোসেন, *একুশে ফেব্রুয়ারী*, পূর্বোক্ত, পৃ- ১৩৭
১৭. Arts. bdnews24.com, ২১ ফেব্রুয়ারী ২০২০
১৮. পূর্বোক্ত
১৯. পূর্বোক্ত
২০. পূর্বোক্ত
২১. পূর্বোক্ত
২২. আবদুল লতিফ: *ভাষার গান দেশের গান*, বাংলা একাডেমি, ঢাকা, ১৯৮৫, পৃ- ১১-১২
২৩. শেখ মুজিবুর রহমান: *অসমাপ্ত আত্মজীবনী*, ইউনিভার্সিটি প্রেস লি., ঢাকা, ২০১৭, পৃ-, ১৯৭-১৯৮
২৪. আল মাহমুদ: *শ্রেষ্ঠ কবিতা*, হাওলাদার প্রকাশনী, ঢাকা, ২০১৮, পৃষ্ঠা- ২০৩
২৫. মুনীর চৌধুরী: *রচনা সমগ্র*, (সম্পাদক) আনিসুজ্জামান, বাংলা একাডেমি, ঢাকা, ১৯৯৬, পৃ- ৪২৩
২৬. আহমেদ মাওলা: *ভাষা আন্দোলনের সাহিত্য*, পরিবার পাবলিকেশন্স, ঢাকা -১০০০, ২০১৭, পৃ- ৮৩

(Manuscript received on 14 March, 2021; revised on 15 April, 2021)



## INSTRUCTIONS TO CONTRIBUTORS

JOURNAL OF CHITTAGONG COLLEGE is a bi-lingual (Bangla & English) multi-disciplinary and peer-reviewed research journal. Each volume of journal is published in December every year.

### Preparation of manuscripts

The following instructions should be followed strictly during the preparation of the manuscript:

- Paper size should be A4
- Text should be typed in Times New Roman (font size 12) for English articles
- Bengali articles should be typed in NikoshBAN (font size 14)
- Margins should be one inch (1) from all sides
- Text double - spaced, not single spaced
- No page numbers or headers within the manuscript
- Figures placed within the text, not attached at the end of the manuscript
- Manuscript should be printed on one side of the paper
- Manuscript text should be in MS Word (.doc or .docx)
- It is better to avoid use of abbreviation(s) within the text
- Scientific names should be in italics
- Plagiarism must be checked before submission
- Article should not be exceeding more than 20 journal pages including tables, figures, graphs and/or references

**Layout of the Manuscript:** The manuscript should contain the following sub-titles in sequence: Title, Author(s) Name and address, Abstract, Keywords, Introduction, Materials and Methods, Results, Discussion, (or Results and Discussion together), Conclusion (if any), Acknowledgements (if any) and References.

**Title:** The title of the paper must be brief and specific.

**Author(s) Name and address:** Below the title, names of all authors should be written and their mailing addresses, e-mail address of corresponding author should be mentioned below the text. The corresponding author is the one to whom all the correspondences (queries, revisions, etc.) are sent by the Journal site.

**Abstract:** A concise and factual abstract is necessary (maximum length of 250 words). The abstract should indicate the objective and exact results of the study.

**Keywords:** Maximum eight keywords representing the main content of the article. Keywords must be started with capital form and arranged alphabetically. Each keyword must be separated from others by using a coma.

**Introduction:** The Introduction should contain a precise statement of the aim and novelty of the study; a brief revelation of previous relevant works with references.

**Materials and methods:** Describe the materials and procedures with special reference to experimental design and statistical analysis.

**Results:** Results clearly outline the visible outcomes of the study. This section should be stated concisely without comment. There should not be any repetition of your table and figure.

**Discussion:** Author(s) should discuss their findings comparing with those of the others and always highlight their own findings clearly. A combined Result and Discussion section is often appropriate.

**Conclusions (if any):** Must be in conformity with the objectives mentioned in the Introduction.

**Acknowledgement (if any):** Individuals, institution, sponsor, organization or bodies can be acknowledged in the article for their contribution or financial or any form of assistance to the work.

**Tables, Graphs and Figures:** The article should have least number of tables, graphs, and figures. All tables, graphs, figures, including charts, plates and photographs should be mentioned in the text and numbered consecutively with Arabic numerals (1, 2, 3). Table title should be placed above the table. The same data should not be used for the tables, graphs and figures. Single spaces should be maintained throughout the lines of the table.

**References:** The reference list is not usually checked by the editorial board or reviewer. It is the sole responsibility of author to provide correct information. References should be arranged alphabetically and then further arranged chronologically if necessary. The letters "a", "b", "c", etc. should be placed after the year of publication, in case of identifying more than one reference from the same author(s) in the same year. Author uses the APA style citation system (American Psychological Association). Please ensure the references both in text and in the reference list. You are referred to the "Publication Manual of the American Psychological Association", and you may get relevant information at [www.apa.org](http://www.apa.org)

Information concerning the APA-style citation system can also be found at <http://linguistics.byu.edu/faculty/henrichsen/apa/apa01.html>

**Examples:**

**Reference of a journal**

Steckler, A., McLeroy, K. R., Goodman, R. M., Bird, S. T., & McCormick, L. (1992). Toward integrating qualitative and quantitative methods: An introduction. *Health Education Quarterly*, 19(1), 1-8.

**Reference of a book**

Denzin, N., & Lincoln, Y. S. (2000). *Handbook of qualitative research* (2nd ed.). Thousand Oaks, CA: Sage.

**Reference of a book's chapter**

Creswell, J. W., & Maietta, R. C. (2002). Qualitative research. In N. J. Salkind (Ed.), *Handbook of social research* (2nd ed., pp. 143-184). Thousand Oaks, CA: Sage.

**Reference of a Magazine**

Peterzell, J. (1990, April). Better late than never. *Time*, 135(17), 20-21.

**Appendices:** Please be sparing in the use of appendices unless they are absolutely necessary, the appendixes should be numbered as, Appendix A, Appendix B, etc.

**Proofs:** Proofs will be sent to the corresponding author and should be returned to the Executive Editor within 5 days after receiving. Alterations in proofs other than the correction of misprints are discouraged.

**Publication fee:** There is no article processing fee or publication fee. It is completely free.

**Declaration:** The author(s) must sign a declaration certifying that the work was carried out by him/her (them) and the contents of the paper were not published before or submitted for publication in any referred scientific journal.

**Submission:** Two hard copies of the manuscript can be sent to The Executive Editor, Journal of Chittagong College, Chittagong College, Chattogram, Bangladesh. Mobile: 01715149080, E-mail: [reaz705@yahoo.com](mailto:reaz705@yahoo.com). Articles will be reviewed by one or more experts in the relevant subject and evaluated by the Editorial Board for publication. Any articles considered of inadequate quality or inappropriate format for the Journal may be returned to author(s) without review. **The cover letter needs to be signed by all authors in case of multiple authorship.**

### Acknowledgment

The members of the Editorial Board of the Journal of Chittagong College express their gratitude and appreciation to the following scholars for reviewing the papers published in this volume (Vol. 01, December 2020)

**Prof. Dr. Md. Jamaluddin Ahmed**

Ex-Chairman  
Department of Chemistry  
University of Chittagong  
Bangladesh

**Prof. Dr. Susanta Kumar Paul Chowdhury**

Ex-Member Director (Fisheries)  
Bangladesh Agricultural Research Council  
Dhaka, Bangladesh

**Prof. Dr. Md. Rafiqun Nabi**

Department of Zoology  
Jahangirnagar University  
Savar, Dhaka, Bangladesh

**Prof. Dr. A.B.M. Mohsin**

Department of Fisheries  
University of Rajshahi  
Bangladesh

**Prof. Dr. Mohibul Aziz**

Department of Bangla  
University of Chittagong  
Bangladesh

**Prof. Dr. Mohammad Ali Zinnah**

Institute of Education and Research (IER)  
University of Dhaka  
Bangladesh

**Prof. Dr. Md. Mahbul Matin**

Department of Chemistry  
University of Chittagong  
Bangladesh

**Prof. Dr. Milton Biswas**

Department of Bangla  
Jagannath University, Dhaka  
Bangladesh

**Prof. Dr. Mohammad Golam Mowla**

Department of Bangla  
University of Cumilla, Cumilla  
Bangladesh

**Dr. Md. Nurul Islam**

Associate Professor  
Department of Psychology  
University of Chittagong  
Bangladesh

**Dr. Bulbul Ahmed**

Post Doctoral Researcher  
McGill University  
Montreal, Quebec  
Canada.





Published by  
**Chittagong College**

College Road, Chattogram  
Bangladesh